আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

শুভেচ্ছা

ইংরেজী নতুন বছর ২০২১ উপলক্ষ্যে বাংলা পত্রিকা'র সকল পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভ্যান্যুধায়ীদের প্রতি রইল শুভেচ্ছা। হ্যাপি নিউ ইয়ার।

-সম্পাদক

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ১৫ || সোমবার || পৌষ ২০ || ১৪২৭ || জমাদিউল আঃ ২০ || ১৪৪২ || Vol. 25 || Issue 15 || 4 January || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

করোনায় জানুয়ারিতে যুক্তরাষ্ট্রে মারা যেতে পারে লক্ষাধিক

বাংলা পত্রিকা ডেস্কঃ চীন থেকে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া প্রাণঘাতী করোনাভাইরাসে বিপযস্ত যুক্তরাষ্ট্র। করোনা মহামারি শুরুর মাত্র কয়েক মাসের মধ্যেই সর্বোচ্চ সংক্রমিত এবং সবচেয়ে বেশি প্রাণহানি ঘটে **(বাকি অংশ ১৫ পাতায়)**

ইমিগ্র্যান্ট ভিসায় ট্রাম্পের নিষেধাজ্ঞা

বাংলা পত্রিকা ডেস্ক : প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার অভিবাসন নিষেধাজ্ঞার মেয়াদ আরো এক ধাপ বাড়িয়েছেন। ফলে গ্রিন কার্ডের আবেদনকারী ও অস্থায়ী বিদেশি শ্রমিকেরা যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারবেন না। গত বছরের এপ্রিল ও জুন মাসে প্রথমধাপে এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছিলো। যার মেয়াদ ৩১ ডিসেম্বরে শেষ হওয়ার কথা ছিলো। তবে এবারে এই নিষেধাজ্ঞার মেয়াদ ৩১ মার্চ পর্যন্ত বাড়ানো হয়েছে। যদিও বিদেশি শ্রমিকদের ওপর এই নিষেধাজ্ঞার কারণে ক্ষতির সম্মুখিন হবেন দেশটির ব্যবসায়ীরা। নতুন মেয়াদে নিষেধাজ্ঞা বাড়ানোর বিষয়ে ট্রাম্প বলেছেন, করোনা মহামারিতে ক্ষতিগ্রস্থ অর্থনৈতিক পরিস্থিতি মোকাবেলায় যুক্তরাষ্ট্রে স্থানীয় শ্রমিকদের রক্ষার্থে **(বাকি অংশ ১৫ পাতায়)**

উপ-প্রতিরক্ষামন্ত্রী পদে বাইডেনের মনোনয়ন



বাংলা পত্রিকা ডেস্ক : উপ-প্রতিরক্ষামন্ত্রী হিসেবে ক্যাথলিন হিকস'কে মনোনয়ন দেবেন **(বাকি অংশ ১৫ পাতায়)**

নিউইয়র্কে ক্যাবিদের বিপর্যস্ত জীবন




হেলাল উদ্দীন রানা: যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহর। পৃথিবীর ব্যস্ততম মহানগরী। নিউইয়র্ককে বলা হয় বিশ্বের রাজধানী। এখানে রাত-দিন সমান। একটি বহুল প্রচলিত প্রবাদ আছে- 'নিউইয়র্ক সিটি নেভার স্লিপ'। এই শহরকে যারা চব্বিশ ঘন্টা জাগিয়ে রাখেন, সচল রাখেন গতিশীলতার চাকা তাঁরা আর

মৃত্যু ৬০,বেকার ৬০ হাজার

কেউ নয়-ক্যাবি। অথাৎ ট্যাক্সি চালক। কিন্তু এখন থেমে গেছে কোলাহল। থমকে দাঁড়িয়েছে নগরের স্পন্দন। কোভিডের ভয়াল থাবা কেড়ে নিয়েছে এই পেশায় থাকা ৬০ জন সংগ্রামী মানুষের প্রাণ। এইসব অবহেলিত মানুষই একমাত্র পেশাজীবি গোষ্ঠী যাঁরা বাংলাদেশের অর্থনীতিতে বিরাট অবদান রেখে আসছেন। গড়ে জন প্রতি ১শ ডলার হিসাবে প্রতিদিন ৩ মি-লিয়ন ইউএস ডলার আসতো **(বাকি অংশ ৪১ পাতায়)**

এ বছর কোন দিকে যাবে করোনা



বাংলা পত্রিকা ডেস্ক : ২০২০ সাল ছিল মানবসভ্যতার জন্য কল্পনাতীত এক বছর। তবে বিদায় ঘটেছে ২০২০ সালের। নতুন আশা নিয়ে এসেছে ২০২১ সাল। **(বাকি অংশ ১৮ পাতায়)**

পেলোসির বাড়িতে নৈরাজ্য

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্র কংগ্রেসের স্পিকার ডেমোক্রেট ন্যান্সি পেলোসির ৫০ লাখ ডলারের বাড়িতে নৈরাজ্য চালিয়েছে একদল দুর্বৃত্ত। সান ফ্রান্সিসকোতে অবস্থিত পেলোসির এই বাড়িতে নতুন বর্ষবরণের রাতে স্প্রে **(বাকি অংশ ১৫ পাতায়)**

কেমন হবে বাইডেনের শপথ



বাংলা পত্রিকা ডেস্ক : আগামী ২০ জানুয়ারি প্রেসিডেন্ট হিসেবে অভিষেক হবে বাইডেনের। ওইদিন দুপুরে বিদায় নেবেন ট্রাম্প। যুক্তরাষ্ট্রের নতুন নির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেনের আসন্ন অভিষেক ও শপথ অনুষ্ঠান কেমন হতে পারে তা নিয়ে অনেকের মনে কৌতুহল রয়েছে। ওই অনুষ্ঠান নিয়ে একটি বিশেষ প্রতিবেদন প্রকাশ করেছে বার্তা সংস্থা রয়টার্স। প্রতিবেদনে উল্লেখ করা হয়, করোনাভাইরাস মহামারীর কারণে আলোচিত ওই **(বাকি অংশ ১৮ পাতায়)**

করোনায় যাদের আয় বেড়েছে হাজার কোটি



বাংলা পত্রিকা ডেস্ক : করোনাকালে সংকটের মুহূর্তে কোটি কোটি মার্কিন নাগরিক বিপাকে পড়লেও ধনকুবেরদের জন্য নতুন দুয়ার খুলেছে। এ সময় দেশটির শীর্ষ বিলিয়নিয়ারদের সম্পদ বৃদ্ধি পেয়েছে প্রায় এক ট্রিলিয়ন বা এক লাখ মার্কিন ডলার। এই অর্থের পাঁচ ভাগের এক ভাগই কামিয়েছেন যথাক্রমে **(বাকি অংশ ১৮ পাতায়)**

২০২১ সালের প্রথম শিশু

বাংলা পত্রিকা ডেস্ক : বিষাক্ত বছর থেকে মুক্তির প্রত্যাশা নিয়ে শুরু হয়েছে নতুন বছর। করোনায় মৃত্যুভয় উপেক্ষা করে ২০২১ সালকে **(বাকি অংশ ১৮ পাতায়)**

কথাসাহিত্যিক রাবেয়া খাতুনের মৃত্যু

ঢাকা।- স্বাধীনতা পুরস্কার, একুশে পদক ও বাংলা একাডেমিসহ অসংখ্য পুরস্কার ও সম্মাননায় ভূষিত প্রখ্যাত কথাসাহিত্যিক **(বাকি অংশ ১৮ পাতায়)**

বাইডেনের জয় আটকাতে ১২ সিনেটর

বাংলা পত্রিকা ডেস্ক।- প্রেসিডেন্ট নির্বাচিত জো বাইডেনের নির্বাচনের জয় আটকে দেয়ার জন্য শেষ চেষ্টা চালিয়ে যাচ্ছেন একদল সিনেটর। তারা বলেছেন, নির্বাচনে ভোট কারচুপির অভিযোগ **(বাকি অংশ ১৫ পাতায়)**

বৃটেনে দ্বিতীয় দফা করোনায় তিন বাংলাদেশীর মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক : বৃটেনে দ্বিতীয় দফা মহামারি আকার ধারণ করা প্রাণঘাতী করোনায় মৌলভীবাজার জেলার রাজনগর ও কমলগঞ্জ আসনের সাবেক সংসদ সদস্যসহ তিন বাংলাদেশি মৃত্যুবরণ **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO BROKERAGE INC.
TLC INSURANCE
ব্ল্যাক কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ি ও বিজিনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।
মানি ট্রান্সফার · ওয়েস্টার্ন ইউইনিয়ন · ডিডিসি · মানি অর্ডার · নোটারী পাবলিক
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com
Shamsher Ali
President & CEO

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE CREDIT REPAIR SERVICES
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।
Late Payments · Tax Liens · Charge Offs · Garnishment · Inquiries · Collections
Call us: 646-775-7008
Mohammed A Kashem
Credit Consultant
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DDS · 5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
IATA
All Air Tickets Visa Services
SAUDIA · ETIHAD · KUWAIT · QATAR
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা IATA · আমরা ARC
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
আমেরিকার যে কোন ষ্টেট থেকে বাংলাদেশে যাওয়ার জন্য ইন্টারনেটের চাইতে কম দামের গ্যারান্টি দিচ্ছি
সুপার সেভ $৬৪৯+
QATAR · AA
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(নিম্নারিত সেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //January 4 // 2021

বিচারবহির্ভূত হত্যা ৩০০, ধর্ষণ ১৬২৭

২০২০ সালের মানবাধিকার পরিস্থিতি নিয়ে আসকের প্রতিবেদন



ঢাকা ডেস্ক: করোনা মহামারির মধ্যেও ২০২০ সালে দেশে মানবাধিকার পরিস্থিতি উদ্বেগজনক বলে জানিয়েছে মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক)। অব্যাহত ছিল বিভিন্ন বাহিনী কর্তৃক বিচারবহির্ভূত হত্যার ঘটনা। এ সময়ে ৩০০টি বিচারবহির্ভূত হত্যার ঘটনা ঘটেছে বলে প্রতিবেদনে জানানো হয়। যার মধ্যে ক্রসফায়ারে মৃত্যু ১৮৮ জন এবং আইনশৃঙ্খলা বাহিনীর মাদকবিরোধী অভিযানে নিহত ১১২ জন। বৃহস্পতিবার (১ জানুয়ারী) অনলাইনে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি ২০২০-এর পর্যালোচনা-বিষয়ক (বাকি অংশ ৮ পাতায়)

ট্রাম্পকে নির্বাচনে পরাজয় মেনে নিতে নিউইয়র্ক পোস্টের আহবান

বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচনে পরাজয় মেনে নিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে আহবান জানানো হয় দ্যা নিউ-ইয়র্ক পোস্ট-এর সম্পাদকীয়তে। এতে সর্বশেষ প্রেসিডেন্ট নির্বাচনে জো বাইডেনের কাছে তার হার মেনে নেয়ার আহবান জানানো হয়েছে। মিডিয়া মোঘল রুপার্ট মারডকের এই ট্যাবলয়েডটি ৪ বছর আগে ২০১৬ সালের নির্বাচনে ট্রাম্পের জয়ের পর সবার আগে তাকে সমর্থন দিয়েছিল। গত তেসরা নভেম্বরের নির্বাচনে ট্রাম্পকে দ্বিতীয় একটি সুযোগ দিতে ভোটারদের আহবান জানিয়েছিল গণমাধ্যমটি। নির্বাচনে কারচুপির অভিযোগ থেকে সরে আসতেও সম্পাদকীয়তে বলা হয় ট্রাম্পকে। পত্রিকাটি ট্রাম্পের এমন আচরণকে 'ডার্ক চ্যারেড' বা নোংরা হেয়ালি বলে অভিহিত করেছে। এতে ট্রাম্পের উদ্দেশ্যে বলা হয়, আমরা বুঝতে পারছি যে আপনি হেরে যাওয়ায় ক্ষুব্ধ হয়েছেন। তবে যে পথে আপনি হাটছেন তা ধ্বংসাত্মক। গণমাধ্যম হিসেবে আপনাকে সবসময় সমর্থন দিয়েছি এখন আমরাই আপনাকে বলছি, যদি আপনি আপনার প্রভাব ধরে রাখতে চান এবং একে ব্যবহার করে ভবিষ্যতে নির্বাচনে জয় পেতে চান, তাহলে আপনাকে গঠনমূলক কিছু করতে হবে।



কিন্তু আপনি যদি আপনার শেষ দিনগুলো এভাবে ধ্বংসাত্মক আচরণ করে পার করতে চান তাহলে মানুষ আপনাকে এভাবেই মনে রাখবে। তারা আপনাকে বিপ্লবী ভাববে না বরঞ্চ একজন জোর করে জিততে চাওয়া নৈরাজ্যবাদী হিসেবে মনে রাখবে। ট্রাম্পকে শিরোনামের নিচেই নিউইয়র্ক পোস্ট বলেছে, এই উন্মাদনা বন্ধ করুন। আপনি টুইটারে লিখেছেন, যতদিন রিপাবলিকানদের সাহস রয়েছে তারা চাইলেই নির্বাচনের ফলাফল বদলে দিতে পারে এবং আপনাকে আরো ৪ বছরের জন্য প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত করতে পারে। অন্য কথায়, আপনি দেশে একটি অগণতান্ত্রিক ক্যু এর জন্য উৎসাহ যোগাচ্ছেন। লেখায় ট্রাম্পকে আরো বলা হয়, আপনি চাইলেই নির্বাচনে কারচুপি নিয়ে তদন্ত করতে পারেন। -নিউজ ম্যাক্স





বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

২০২১ হোক করোনার বিরুদ্ধে জয়ী হওয়ার বছর

অসীমের পানে মহাকালের যে যাত্রা, সেখানে সূচিত হল আরেকটি মাইলফলক। এই যে মহাকালের যাত্রা, সেখানে একেকটি বছর আসে নতুন উদ্দীপনা ও প্রেরণা নিয়ে। আমরা মুছে ফেলি গত হয়ে যাওয়া বছরের গানি, উৎসাহ খুঁজে পাই সুখকর ঘটনাগুলো থেকে, তারপর এগিয়ে যাই অগ্রগতির দিকে।

কেমন কেটেছে আমাদের বিদায়ী বছরটি? বিগত অন্য বছরগুলোর তুলনায় সম্পূর্ণ ভিন্ন ছিল সে বছর। এ শতকে এমন সময় আর আসেনি। বছরের শুরুতেই করোনা নামের এক প্রাণঘাতী ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ে সারা পৃথিবীতে, বছরের শেষদিন পর্যন্ত যা অব্যাহত ছিল। করোনাভাইরাস কেবল মানুষের জীবনকেই সংকটাপন্ন করেনি, হুমকিতে ফেলেছে মানুষের জীবিকার পথও। করোনার সংক্রমণ রোধে দেশে দেশে ঘোষণা করা হয় লকডাউন। আমাদের দেশেও একটানা ৬৬ দিন সাধারণ ছুটি তথা 'লকডাউন' থাকার কারণে অফিস-আদালত, কলকারাখানা, ব্যবসাপ্রতিষ্ঠান, বড় দোকানপাট বন্ধ ছিল। এর ফলে বন্ধ হয়ে গেছে অনেকের আয়ের পথ। বেকার হয়ে পড়েছেন বহু মানুষ। গণপরিবহন বন্ধ ছিল ৬৮ দিন। করোনার সবচেয়ে বেশি ক্ষতিকর প্রভাব পড়েছে শিক্ষা খাতে। দীর্ঘ ১০ মাস ধরে বন্ধ রয়েছে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো। তাই সারাবিশ্বের মানুষের মতো আমরাও এ পরিস্থিতির অবসানের অপেক্ষায় আছি। আশা করছি, করোনার টিকা প্রদান শুরু হওয়ার পর সবকিছু স্বাভাবিক হয়ে আসবে নতুন বছরে।

বিদায়ী বছরটি ছিল এক কথায় প্রিয়জন হারানোর বছর। প্রবাসেও হারিয়েছি অনেক আপনজন। করোনা সংক্রমণে অথবা করোনাজনিত প্রভাবের কারণে অসংখ্য বিশিষ্টজনকে হারিয়েছি আমরা। বিদায়ী বছরে আমরা যাদের হারিয়েছি তাদের মধ্যে উল্লেখযোগ্য- শিক্ষাবিদ আনিসুজ্জামান, জামিলুর রেজা চৌধুরী, এমাজউদ্দীন আহমদ, সাবেক মন্ত্রিপরিষদ সচিব ড. সা'দত হুসাইন, শিল্পী মুর্তজা বশীর, সাংবাদিক কামাল লোহানী, রাহাত খান, মুনিরুজ্জামান, ব্যারিস্টার রফিকুল হক। হারিয়েছি রাজনীতিবিদ মোহাম্মদ নাসিম, সাহারা খাতুন, শাজাহান সিরাজকে। হারিয়েছি যমুনা গ্রুপের চেয়ারম্যান বিশিষ্ট শিল্পপতি নুরুল ইসলামসহ আরও অনেক ব্যবসায়ী-শিল্পপতিকে। তাদের মধ্যে উলেখযোগ্য আবদুল মোনেম, লতিফুর রহমান ও এমএ হাসেম। হারিয়েছি মুক্তিযুদ্ধের দুই সেক্টর কমান্ডার সিআর দত্ত ও আবু ওসমান চৌধুরীকে। নাট্যব্যক্তিত্ব আলী যাকের, সঙ্গীত পরিচালক আলাউদ্দীন আলী ও আজাদ রহমান, সংগীত শিল্পী এন্ড্রু কিশোর ও ফুটবলার বাদল রায়কেও এ বছর হারিয়েছি আমরা। করোনা কেড়ে নিয়েছে দেশের বহু চিকিৎসক, সাংবাদিক, সরকারি-বেসরকারি কর্মকর্তার প্রাণ। বিএমএ'র তথ্যমতে, করোনা সংক্রমিত হয়ে বা করোনা উপসর্গ নিয়ে প্রাণ হারিয়েছেন ১২৩ জন চিকিৎসক। মৃত্যু হয়েছে ৪১ জন সাংবাদিকের। আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে হারিয়েছি- বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি, বাংলা চলচ্চিত্রের প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব সৌমিত্র চট্টোপাধ্যায়, কিংবদন্তি ফুটবলার দিয়েগো মারাডোনাকে। তাদের সবার প্রতি রইল আমাদের অশেষ শ্রদ্ধা ও ভালোবাসা।

বিদায়ী বছরে দীর্ঘস্থায়ী বন্যা হওয়ায় দেশের কৃষি খাত ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে আশাব্যঞ্জক খবর হল, করোনার প্রভাবে সারা বিশ্বের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হলেও সরকারের সঠিক ও দ্রুত পদক্ষেপের ফলে আমাদের দেশে এর প্রভাব পড়েছে তুলনামূলক কম। রেমিটেন্স এসেছে রেকর্ড পরিমাণ। ফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভ রয়েছে পর্যাপ্ত। রফতানি খাত আবার ঘুরে দাঁড়াতে শুরু করেছে। আমরা আশা করছি, এসবের ফলে নতুন বছরে দেশের অর্থনীতি করোনার প্রভাব কাটিয়ে উঠতে সক্ষম হবে।

২০২১ সাল আমাদের জাতীয় জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বছর। আমাদের স্বাধীনতা ও বিজয়ের ৫০ বছর তথা সুবর্ণজয়ন্তী উদযাপিত হবে এ বছর। আমরা আশা করব, মানুষের অদম্য স্পৃহা ও উদ্ভাবনী শক্তির কাছে হার মানবে করোনাভাইরাস। পৃথিবীতে আবার ফিরে আসবে শান্তি। জনগণ, সরকার, রাজনৈতিক দল এবং বিভিন্ন ক্ষেত্রের দায়িত্বশীল ব্যক্তিরা নতুন বছরটিকে শান্তি-সমৃদ্ধময় ও তাৎপর্যপূর্ণ করে তুলবেন। সবাইকে নতুন বছরের শুভেচ্ছা।

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

অধ্যাপক হাসান আবদুল কাইয়ূম

একটি জাতির সংস্কৃতি সেই জাতির নিজস্ব ইতিহাস, ঐতিহ্য, বিশ্বাস, আচার-অনুষ্ঠান, ধ্যান-ধারণা ইত্যাদি সামগ্রিক পরিচয় স্পষ্টভাবে ধরে রেখে এবং তা বিশ্ব দরবারে সেই জাতির আত্মপরিচয়কে বুলন্দ করে দেয়। মূলত সংস্কৃতি হচ্ছে একটি জাতির আয়না। সংস্কৃতির বহুবিধ উপাদানের মধ্যে নববর্ষেও অন্যতম। আমরা যাকে ইংরেজি সন বা খ্রিষ্টাব্দ বলি, আসলে এটা হচ্ছে গ্রেগরিয়ান ক্যালেন্ডার। বাংলা ভাষায় অব্দ শব্দের চেয়ে সন ও সাল দু'টি বেশি ও সাল এই শব্দ দু'টি আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যজাত, আমাদের তমদ্দুনীয় উৎস সঞ্জাত।

আমাদের দেশে বর্তমানে তিনটি সন প্রচলিত রয়েছে আর তা হচ্ছে হিজরি সন, বাংলা সন ও ইংরেজি সন। হিজরি সনের প্রচলন হয় যেদিন এখানে ইসলামের আবির্ভাব ঘটেছে তখন থেকেই। এই হিজরি সন মুসলিম মননে পবিত্র সন হিসেবে গৃহীত। প্রিয় নবী সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লাম ৬২২ খ্রিষ্টাব্দে মক্কা মুকাররমা থেকে মদিনা মুনাওয়ারায় হিজরত করেন। ইসলামের ইতিহাসের সেই দিগন্ত উন্মোচনকারী ঘটনাকে অবিস্মরণীয় করে রেখেছে এই হিজরি সন। ৬৩৯ খ্রিষ্টাব্দে হযরত উমর রাদিআল্লাহু তায়ালা আনহুর খিলাফতকালে তাঁরই উদ্যোগে হিজরতের ১৭ বছর। যতদূর জানা যায়, তারই পরের বছর থেকে বাংলাদেশে সাংগঠনিকভাবে ইসলাম প্রচার শুরু হয়- আর তখন ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর (রা.)-এর খিলাফতের মধ্য ভাগ। অবশ্য প্রায় ১০-১২ বছর আগ থেকেই বাংলাদেশে সমুদ্রপথে ইসলামের খবর এসে পৌঁছতে থাকে। ইসলামের আগমনের সাথে সাথে বাংলাদেশে হিজরি সনেরও আগমন ঘটে, কারণ এই সনের কারণ বিভিন্ন মাসে ইসলামী আচার-অনুষ্ঠান, ইবাদত-বন্দেগীর নির্দিষ্ট দিন-রজনী, তারিখ ও নির্দিষ্ট মাস প্রভৃতি রয়েছে। এই হিজরি সনই বাংলাদেশে বর্তমানে প্রচলিত সবচেয়ে পুরাতন সন।

১২০১ খ্রিষ্টাব্দে সিপাহসালার ইখতিয়ারুদ্দীন মুহম্মদ বিন বখতিয়ার খিলজী বাংলাদেশে মুসলিম শাসনের বিজয় নিশান উড্ডীন করেন- আর তখন থেকেই রাষ্ট্রীয়ভাবে হিজরি সন বাংলাদেশে প্রচলিত হয়, যা ১৭৫৭ খ্রিষ্টাব্দের ২৩ জুন সংঘটিত পলাশীর যুদ্ধ পর্যন্ত অব্যাহত থাকে। সুলতানী আমলে কী মুঘল আমলে রাষ্ট্রীয় কাজকর্মে, আদান-প্রদান তথা সর্বক্ষেত্রে হিজরি সনই প্রচলিত ছিল। অবশ্য মুঘল সম্রাট আকবরের আমলে ঋতুর সাথে সম্পৃক্ত একটি সৌর সনের তাকিদ রাজস্ব বা ফসলি সনের প্রবর্তন করা হয়। এখানে উল্লেখ্য যে, হিজরি সন চান্দ্র সন হওয়ায় ঋতুর সঙ্গে এর সম্পর্ক থাকে না।

সম্রাট আকবরের নির্দেশে ১৫৮৪ খ্রিষ্টাব্দে আমীল ফতেহউল্লাহ সিরাজী সম্রাট আকবরের মসনদে অধিষ্ঠিত হওয়ার বছর ৯৬৩ হিজরি মোতাবিক ১৫৫৬ খ্রিষ্টাব্দের নির্দিষ্ট তারিখ থেকে হিসাব করে হিজরি সনকে সৌর গণনায় এনে যে সনটি উদ্ভাবন করেন সেটাই আমাদের দেশে বাংলা সন নামে পরিচিত হয়। হিজরি সনের বছরের হিসাব ঠিক রেখেই এ মাসগুলো নেয়া হয় শকাব্দ থেকে। বৈশাখ মাসকে স্থির করা হয় বছরের প্রথম মাস।

১৫৮৪ খ্রিষ্টাব্দের পর থেকেই সম্রাট আকবরের ফরমানবলে রাজত্বের রাজস্ব আদায়ের সন হিসেবে তা প্রচলনের ব্যবস্থা গ্রহণ করা হয়। বাংলাদেশে হিজরি সনের সৌরকরণ পঞ্জিকাটি ব্যাপকভাবে গৃহীত ও সমাদৃত হয়, যা একান্তভাবে বাংলার মানুষের নিজস্ব সন হিসেবে স্থান করে নিতে সমর্থ হয়। আর একানে ইংরেজি সন এলো সেই ১৭৫৭ খ্রিষ্টাব্দে পরাধীনতার শেকল পরিয়ে।একটা জিনিস লক্ষণীয় যে, বাংলাদেশের গ্রামীণ, জীবনে কিন্তু এখন পর্যন্ত ইংরেজি সনের গ্রহণযোগ্যতা তেমন একটা নেই। আবার শহর জীবনে বাংলা সনের ব্যবহার নেই বললেই চলে। অবশ্য শহুরে জীবন কি গ্রামীণ জীবনে হিজরি সনের প্রচলন সমানভাবে বর্তমান। বিশ্ব মুসলিমের ঐক্য ও সংহতির অন্যতম অবলম্বন এই হিজরি সন। আর এই হিজরি সন থেকে উৎসারিত বাংলা সন আমাদের জাতীয় জীবনে নিজস্বতার বৈভব এনে দিয়েছে।

মুসলিম দুনিয়ার অনেক দেশেই হিজরি সনের চান্দ্র হিসাবের বৈশিষ্ট্যেই জাতীয় সন হিসেবে প্রচলিত রয়েছে। এমনকি এই সনের সৌর হিসাব এনে বাংলা সনকে সৌর হিসাবে এনে সেখানে হিজরি সন প্রচলিত রয়েছে। ইরানে নওরোজ পালিত হয়। হিজরি সনের শামসী বা সৌরকরণের হিসাবে আনা তাদের নিজস্ব প্রথম মাসের ১ তারিখে। আমাদের দেশে হিজরি সনের সৌর হিসাবের প্রথম মাস যেমন বৈশাখ মাস, তেমনি ওখানে হচ্ছে ফারবারদীন প্রথম মাস। এই মাসের ১ তারিখ ওদের হয় ২১ মার্চ। আর আমাদের ১ বৈশাখ হয় ১৪ এপ্রিল।



আমাদের দেশে বাংলা নববর্ষের যে আনন্দ বৈভব কি গ্রামে কি নগরে-গঞ্জে উজ্জীবিত হয়ে ওঠে, ইংরেজি নববর্ষ কিন্তু শহুরে জীবনের মুষ্টিমেয় বিশেষ মহলে ছাড়া তা ব্যাপকভাবে কোথাও আলোড়ন সৃষ্টি করে না। তবুও ইংরেজি নববর্ষ আসে। ৩১ ডিসেম্বর রাত ১২টার ঘণ্টা বাজার পরপরই ঘোষিত হয় এই তিন ঐতিহ্যজাত নববর্ষের সূচনা মুহূর্ত, ঘোষিত হয় ইংরেজি নববর্ষের আগমন বরিতা। মধ্যরাতের সেই মুহূর্তটা আমাদের বৃহত্তর জনগোষ্ঠীর কাছে কোনোরূপ আনন্দ-আবেগ সৃষ্টি না করলেও খ্রিষ্টান জগৎ ঐ মুহূর্তে হ্যাপি নিউ ইয়ার উচ্চারণের মধ্য দিয়ে এক হৈ-হুল্লোড়ে উল্লাস ধ্বনিতে মুখরিত হয়ে ওঠে। ঘটে যায় কতই না অঘটন, ঘটে যার কতই না পৈশাচিক কর্মকান্ড, মদ্যপানের নামে বহু স্থানে জীবন পানের মহড়াও চলে। ইংরেজি নববর্ষ আসে রাতের গভীরে নিকষ অন্ধকারে প্রচন্ড শীতের প্রবাহ মেখে।

ইংরেজি ক্যালেন্ডার যেহেতু আমাদের কাজ-কর্মের তারিখ নির্ধারণে, হিসাব-নিকাষ সংরক্ষণে, আন্তর্জাতিক আদান-প্রদানে ব্যবহৃত হয়ে আসছে, তাই এতে যতই ঔপনিবেশিক গন্ধ থাকুক না কেন, যতই এতে প্রায় ২০০ বছরের গোলামির জোয়ালের চি□হ্ন থাকুক না কেন আমরা এর থেকে মুক্ত হতে পারছি না এ কারণেই বোধ করি যে, আমরা স্বকীয়সত্তা সজাগ হওয়ার চেতনার কথা বললেও, আমরা নিজস্ব সংস্কৃতিকে সমুন্নত করার কথা বললেও তা যেন অবস্থার দৃষ্টিতে মনে হয় বাতকা কি বাত তথা কথার কথা। ইংরেজি নববর্ষ আমাদের স্কন্ধে সিন্দবাদের সেই দৈত্যটির মতো, সেই চিরস্থায়ী বন্দোবস্তের মতো আষ্টেপৃষ্ঠে এমনভাবে চেপে বসে আছে যে, আমরা একে ছাড়তে পারছি না। ইংরেজি নববর্ষ আমাদের নতুন দিনের হিসাব শুরু করায়, যদিও চিঠিপত্রে বাংলা তারিখ উল্লেখ করার নির্দেশ রয়েছে, কিন্তু সেটাও কি কার্যত হচ্ছে?

আমরা যাকে ইংরেজী ক্যালেন্ডার বলি আদতে এর নাম গ্রেগরিয়ান ক্যালেন্ডার। ১৫৮২ খ্রিষ্টাব্দে রোমের পোপ ত্রয়োদশ গ্রেগরি প্রাচীন জুলিয়ান ক্যালেন্ডারটির সংস্কার সাধন করেন। এই গ্রেগরির নামে এই ক্যালেন্ডার গ্রেগরিয়ান ক্যালেন্ডার নামে পরিচিত হয়। এই ক্যালেন্ডার অনুযায়ী তারিখ লেখার শেষে যে এ.ডি, (A.D.) লেখা হয় তা লাতিন এ্যানো ডোমিনি (Anno Domini)-এর সংক্ষিপ্ত রূপ। এই এ্যানো ডোমিনির অর্থ আমাদের প্রভূত বছরে (In The Year of Our Lord) অর্থাৎ খ্রিষ্টাব্দ। ডাইওনিসিয়াম একমিগুয়াস নামক এক খ্রিষ্টান পাদ্রী জুলিয়ান ক্যালেন্ডারের ৫৩২ অব্দে যিশু খ্রিষ্টের জন্ম বছর থেকে হিসাব করে এই খ্রিষ্টাব্দ লিখন রীতি চালু করেন।

মানুষ আদিকাল থেকেই কোনো না কোনোভাবে দিন-ক্ষণ, মাস-বছরের হিসাব রাখতে প্রয়াসী হয়েছে চাঁদ দেখে, নক্ষত্র দেখে, সূর্য দেখে, রাত-দিনের আগমন-নির্গমন অবলোকন করে, ঋতু পরিবর্তনের ধারাবাহিকতা পর্যবেক্ষণ করে। সাধারণ কোনো বিশেষ ঘটনাকে কেন্দ্র করে দিন গণনা, মাস গণনা, বছর গণনার রীতি কালক্রমে চালু হয়েছে। তিথি, নক্ষত্র, বিশ্লেষণ করার রীতিও আবিষ্কার হয়েছে, উদ্ভাবিত হয়েছে রাশিচক্র। চাঁদের হিসাব অনুযায়ী যে বছর গণনার রীতি চালু হয় তা চান্দ্র সন নামে পরিচিতি লাভ করে। এই চান্দ্র সনে বছর হয় মোটামুটি ৩৫৪ দিনে আর সূর্যের হিসাবে যে বছর গণনার রীতি চালু হয় তা সৌর সন নামে পরিচিত হয়। সৌর সনের বছর হয় মোটামুটি ৩৬৫ দিনে। আমাদের দেশে ইংরেজি তথা গ্রেগরিয়ান ক্যালেন্ডার যে ব্রিটিশ বেনিয়া ইস্ট ইন্ডিয়ান কোম্পানি আমাদের স্বাধীনতাকে নস্যাৎ করে আমাদের ওপর গোলামির জোয়াল চাপিয়ে দেয়, সেই ব্রিটিশ এই ক্যালেন্ডার তাদের দেশ গ্রেট ব্রিটেনে চালু করে ১৭৫১ খ্রিষ্টাব্দে। তারা যেখানেই তাদের উপনিবেশ স্থাপন করেছে, সেখানেই তারা তাদের পোশাক-আশাক, শিক্ষা-দীক্ষা, প্রশাসনিক কাঠামো, সংস্কৃতি যেমন চাপিয়ে দিয়েছে, তেমনি তাদের ক্যালেন্ডারটিও দিয়েছে, তারা প্রভু সেজে বসেছে আর নেটিভদের বানিয়েছে মোস্ট অবিডিয়েন্ট সারভেন্ট। এর থেকে কি আমরা নিজেদের উদ্ধার করতে পারব না? বল বীর/বল উন্নত মম শির/শির নিহারি আমারি নত শির ঐ শিখর হিমাদ্রির-এই বীরত্বব্যঞ্জক উচ্চারণ কি শুধু আমাদের জাতীয় কবির কবিতায় আবৃত্তির জন্য অনুরণিত হতে থাকবে, নাকি আমাদের জীবনের সর্বক্ষেত্রে ঝংকৃত হবে, সেটা কি আমরা ভেবে দেখতে পারি না?

লেখক: পীর সাহেব দ্বারিয়ারপুর শরীফ, সাবেক পরিচালক ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ।

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

নামাজের সময়-সূচী

জিনুয়ারী	৪	৫	৬	৭	৮	৯	১০
ফজর	৫.৫৭	৫.৫৭	৫.৫৭	৫.৫৭	৫.৫৭	৫.৫৭	৫.৫৭
সূর্যোদয়	৭.১৯	৭.১৯	৭.১৯	৭.১৯	৭.১৯	৭.১৮	৭.১৮
জোহর	১২.০১	১২.০১	১২.০২	১২.০২	১২.০৩	১২.০৩	১২.০৩
আসর	৩.০১	৩.০২	৩.০৩	৩.০৩	৩.০৫	৩.০৬	৩.০৭
মাগরিব	৪.৪৩	৪.৪২	৪.৪৫	৪.৪৬	৪.৪৭	৪.৪৮	৪.৪৯
এশা	৬.০৪	৬.০৪	৬.০৫	৬.০৬	৬.০৭	৬.০৮	৬.০৯

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

ইংরেজী নববর্ষের প্রেক্ষাপট

সুমন আমীন

পুরাতনকে পেছনে ফেলে নতুনকে বরণ করাই প্রকৃতি আর মানুষের চিরন্তন বাস্তবতা। পুরনো বছরের দুঃখ, কষ্ট, জীর্ণতার কুয়াশা সরিয়েই আসে নতুন দিনের নতুন বছরের সূর্য। নতুনের আবাহনে নেচে উঠে সবার হৃদয়-মন। নশ্বর এই পৃথিবীতে মানুষের জীবন সত্যিই অতি অল্প সময়ের। সংক্ষিপ্ত এই সময়ের ভেতরেও সৃষ্টিশীলতা এবং মানবতার কল্যাণে নিজেকে নিয়োজিত করে মানুষ অবিনশ্বর হতে পারে। পুরাতন বছর শেষে নতুন বছরের আগমন ঘটবে এটাই তো প্রকৃতি ও সৃষ্টির অপার লীলা। লীলাময় এই পৃথিবীর সংক্ষিপ্ত সময়কে তবুও মানুষ দিন, মাস, বছরের কালিক সীমায় চিহ্নিত করতে চায়। নতুন বছরকে বরণ করতে চায়। শুধু চায়ই না, বর্ষ বরণের জন্য উদগ্রীব অপেক্ষায় থাকে তারা।


বর্ষ বরণের প্রাচীনতা ঐতিহ্যময়। আনুমানিক ৪০০০ বছর আগে, খ্রিস্টপূর্ব ২০০০ খ্রিস্টাব্দে মেসোপটেমীয় সভ্যতার বর্তমান ইরাকে, প্রথম বর্ষবরণ উৎসব চালু হয়েছিল। মেসোপটেমীয় সভ্যতার চারটি ভাগ রয়েছে, সুমেরীয় সভ্যতা, ব্যাবিলনীয় সভ্যতা, আসিরীয় সভ্যতা ও ক্যালডীয় সভ্যতা। বর্ষবরণ উৎসব প্রথম চালু করেন ব্যাবিলনীয় সভ্যতার মানুষ। ব্যাপক জাঁকজমক আর আনন্দ উৎসবের সাথেই তারা পালন করতো নববর্ষ। তবে জানুয়ারীর ১ তারিখে এটি পালন করা হতো না। তখন নববর্ষ পালন করা হতো বসন্তের প্রথম দিনে। বসন্তে প্রকৃতির নতুনরূপে জেগে উঠাকেই বছরের প্রথম দিন হিসেবে চিহ্নিত করতো তারা। চাঁদ দেখেই তারা তখন বর্ষ গণনা করতেন। যেদিন বসন্তের প্রথম চাঁদ উঠতো, সেদিন থেকে উৎসব চলতো টানা ১১ দিন।

ব্যাবিলনীয় সভ্যতার পর জাঁকজমকের সাথে নববর্ষ পালন শুরু করে রোমানরা। রোমের প্রথম সম্রাট রোমুলাস ৭৩৮ খ্রিস্ট পূর্বাব্দে রোমান ক্যালেন্ডার চালু করেন। রোমান ক্যালেন্ডার মতে নববর্ষ হতো ১ মার্চ। মাস ছিলো ১২টির পরিবর্তে ১০টি। পরে সম্রাট নুমা পন্টিলাস জানুয়ারি আর ফেব্রুয়ারিকে ক্যালেন্ডারে যোগ করেন। রোমানদের প্রথম ক্যালেন্ডারের তারিখ ছিলো না। চাঁদের বৃদ্ধির ছবি দেখে তারা সময় চিহ্নিত করতো। চাঁদ ওঠার সময়কে বলা হতো ক্যালেন্ডস, পূর্ণ চাঁদকে ইডেস এবং অর্ধ চন্দ্রকে নুনেস। জুলিয়াস সিজার এই ক্যালেন্ডারের পরিবর্তন করেন। তিনিই প্রথম ক্যালেন্ডস, ইডেস ও নুনেসের জায়গায় তারিখ নির্ধারণ করেন। ফলে বছরে মোট দিন হয় ৩৫৫। যেহেতু চাঁদের হিসাবে মাস গণনা করা হয়, ফলে মাস ২৯ দিনে দাঁড়ায়। ফলে বছরে ১০ দিন কম থেকে যায়। চাষিরা তাতে সমস্যায় পড়ে। তখন জুলিয়াস সিজার চাঁদের হিসাব না করে সূর্য দিয়ে হিসাব করে ৩৬৫ দিনে বছর নির্ধারণ করেন। জুলিয়াস সিজার মিসরের আলেকজান্দ্রিয়ার তখনকার বিখ্যাত জ্যোতির্বিদ মোসাজিনিসকে ক্যালেন্ডার সংস্কারের নির্দেশ দেন। মোসাজিনিস প্রথম দেখতে পান পৃথিবী সূর্যের চারদিকে প্রদক্ষিণ করতে সময় নেয় ৩৬৫ দিন ৬ ঘণ্টা। তখন তিনি উদ্ভাবন করেন যে, ৩৬৫ দিনে বছর হিসাব করলে এবং প্রতি চতুর্থ বছরে ৩৬৬ দিনে বছর হিসাব করলে আর কোনো সমস্যা হয় না। মোসাজিনিস অতিরিক্ত একদিন যুক্ত করে বছরটির নাম দেন লিপইয়ার। সম্রাট জুলিয়াস সিজারই প্রথম ৩৬৫ দিনে বছর এবং ১ জানুয়ারী নববর্ষ চালু করেন।

জুলিয়াস সিজার নির্ধারিত ক্যালেন্ডারেও কিছু সমস্যা ছিলো। এই সমস্যার সমাধানকল্পে ১৫৮২ খ্রিস্টাব্দে রোমের পোপ ত্রয়োদশ গ্রেগরী জ্যোতির্বিজ্ঞানীগণের পরামর্শ নিয়ে ক্যালেন্ডারটির সংস্কার করেন। অবশেষে তার নামানুসারে ক্যালেন্ডারটির নামকরণ হয় গ্রেগরিয়ান ক্যালেন্ডার। তখন থেকেই পৃথিবীর বিভিন্ন দেশে ১ জানুয়ারী নববর্ষ হিসেবে পালন হয়ে আসছে।

গ্রেট ব্রিটেনে গ্রেগরিয়ান ক্যালেন্ডার প্রচলিত হয় ১৭৫৬ খ্রিস্টাব্দে। উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানি গ্রেগরিয়ান ক্যালেন্ডার চালু করে। যেহেতু ইংরেজরা আমাদের দেশে এই ক্যালেন্ডার চালু করে, তাই একে ইংরেজী ক্যালেন্ডার নামেও অভিহিত করা হয়। তাই আমরা দেখি, যেহেতু প্রাচীন রোমানদের হাতে এই ক্যালেন্ডারের সৃষ্টি সেহেতু ইংরেজী বছরের বারটি মাসের নামও হয় রোমান দেবতা আর সম্রাটের নামানুসারে। যেমন: জানুয়ারী-রোমান দেবতা জানোস এর নামানুসারে। ফেব্রুয়ারী-ল্যাটিন শব্দ ফেব্রুয়া থেকে নেয়া, যার অর্থ পবিত্র। মার্চ-রোমান যুদ্ধ দেবতা মার্সের নামানুসারে। এপ্রিল-ল্যাটিন শব্দ এপ্রিলিস থেকে, যার অর্থ খোলা। মে-বসন্তের দেবী মায়াস এর নামানুসারে। জুলাই-রোমান সম্রাট জুলিয়াস সিজারের নামানুসারে। আগস্ট-জুলিয়াস সিজারের পুত্র অগাস্টাস সিজারের নামানুসারে। সেপ্টেম্বর-রোমান সপ্তম সংখ্যা সেপ্টেম হতে। অক্টোবর-ল্যাটিন অষ্টম সংখ্যা অক্টো হতে। নভেম্বর-ল্যাটিন নবম সংখ্যা নভেম হতে। ডিসেম্বর-ল্যাটিন দশম সংখ্যা ডিসেম হতে নেয়া।

কালের গর্ভে হারিয়ে যায় প্রতিটা দিন, মাস, বছর। সেই সাথে দেয়ালে টানানো পুরাতন ক্যালেন্ডারকে হটিয়ে জায়গা করে নেয় নতুন বর্ষপঞ্জি বা ক্যালেন্ডার। সারা পৃথিবীতে প্রায় ৪০ প্রকার ক্যালেন্ডার ব্যবহৃত হচ্ছে। এর মধ্যে কিছু কিছু অদ্ভুদ ক্যালেন্ডার ও চালু আছে। যেমন: উত্তর-পূর্ব আফ্রিকার প্রজাতান্ত্রিক রাষ্ট্র ইথিওপিয়ার ক্যালেন্ডার অনুযায়ী বছর পূর্ণ হয় ১৩ মাসে। মিসরের আলেকজান্দ্রিয়া বা কপটিক ক্যালেন্ডারের মতো তাদের ক্যালেন্ডারের প্রতিটি মাস ৩০ দিনের হওয়ায়, বছরের ৫ বা ৬ দিন অতিরিক্ত থেকে যায়। আর সেখান থেকেই আসে ১৩তম মাসটি। ১৯১৭ সালে রাশিয়ান বিপ্লবের আগ পর্যন্ত রাশিয়াতে নতুন ক্যালেন্ডার গ্রহণযোগ্য ছিলো না। এ কারণে ১৯০৮ সালের লন্ডন অলিম্পিকে রাশিয়ান দল ১২ দিন দেরীতে পৌঁছায়। আবার, ১৭৫২ সালে যখন ব্রিটেনে গ্রেগরিয়ান ক্যালেন্ডার চালু করা হয় তখন জনসাধারণ এর বিরুদ্ধে প্রতিবাদে রাজপথে নেমে এসেছিলো বছর থেকে ১১ দিন হারানোর কারণে।



বিশ্বজুড়ে জমকালো আয়োজনের মাধ্যমে ইংরেজি নববর্ষ উদযাপন করা হয়। থার্টি ফার্স্ট নাইটে নতুন বছরকে স্বাগত জানাতে মেতে উঠে সবাই। নববর্ষ উদযাপনের চোখ ধাধানো আয়োজন হয় অস্ট্রেলিয়ার সিডনি অপেরা হাউজ, স্কটল্যান্ডের এডিনবার্গ, ফ্রান্সের প্যারিসের আইফেল টাওয়ার, চীনের হংকং, যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, দক্ষিণ আফ্রিকার কেপটাউনে। আতসবাজি, বাহারি আলোর ঝলক, স্ট্রিট ড্যান্স, কনসার্টের মাধ্যমে উদযাপন করা হয় নববর্ষকে।

একটাই পৃথিবী, আর একটাই মানব জীবন। ছোট্ট এই জীবনে স্মৃতি এবং ভালোবাসার গভীরতা ব্যাপক। কেবল মানুষকে ভালোবাসার মাধ্যমে আমাদের এই সংক্ষিপ্ত জীবন সার্থক হতে পারে। আজকে দেশে দেশে ধর্মের নামে মানুষকে বিভাজনের যে রাজনীতি শুরু করেছে কতিপয় স্বৈরাচারী শাসক, ক্ষমতার মোহে যেভাবে অন্ধ হয়ে আছে গুটিকয় অমানুষ শোষকের দল তাদের হাত থেকে মুক্তিপাক গণতন্ত্র ও মানবতা। বিভাজনের রাজনীতির ধ্বংসের উপর বেড়ে ওঠুক মানবতা ও সাম্যের নতুন পৃথিবী। নতুন বছর সবার জন্য শুভ হোক, শুভ হোক আগামীর সোনালী সূর্যোদয়।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

হানি সিডনি ফানি সিডনি



হাবিব রহমান

অস্ট্রেলিয়ার ছয়টি অঙ্গরাজ্যের মধ্যে নিউ সাউথ ওয়েলসের রাজধানী সিডনি সবচেয়ে প্রাচীন, বৃহত্তম এবং ব্যস্ত শহর। এটি পৃথিবীর সুন্দর শহরগুলোর মধ্যে একটি। শহরটি প্রশান্ত মহাসাগরের কুল ঘেঁষে গড়ে উঠায় এর যে কোন স্থান থেকে সাগরের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়। শহরের বিভিন্ন অংশে প্রশান্ত মহাসাগরের বিভিন্ন অংশ খাঁড়ির মধ্য দিয়ে শহরে ঢুকে পড়েছে। শহরের প্রায় ২০ কালোমিটার জুড়ে রয়েছে কমপক্ষে ৩০টি সৈকত।

গতকাল দুপুরের পর সিডনি এসে স্থানীয় একজন বাংলাদেশীকে নিয়ে লক্ষ্যহীনভাবে এদিক-সেদিক ঘুরে বেড়িয়েছি। অফিসিয়ালি সিডনি ট্যুর আজ থেকে। এজন্য অনেকগুলো গাইডেড ট্যুর বুকিং করে এসেছি নিউইয়র্ক থেকে। এরই ধারাবাহিকতায় আজকে আমার সিডনির বিখ্যাত অপেরা হাউজ ট্যুর।

কাঁটায় কাঁটায় সকাল ৮ টায় গাইড এসে তুলে নিল আমার আবাসস্থল সিডনি হিলটন হোটেলের লবি থেকে। ১৪ সিটের একটি লাক্সারি মার্সিডিজ হাইটপ ভ্যান। যে কয়েকটা সিট খালি ছিলো আমাদের হোটেল থেকে উঠা টুরিস্ট দিয়ে তা ভরে গেলো। গাড়ী ছুটে চল্লো সিডনি অপেরা হাউজের দিকে।

সিডনি শহরের রাস্তাগুলো সুপ্রশস্ত। পথচারীরা অত্যন্ত সুশৃঙ্খলভাবে জেব্রাক্রসিং দিয়ে রাস্তা পারাপার হচ্ছে। কোন রিক্সা বা স্কুটার জাতীয় যানবাহন চোখে পড়লোনা। ট্যাক্সি এবং বাস চলছে রাস্তায়। রাস্তাগুলোর নামকরণ বৃটিশ স্টাইলে বৃটিশ ব্যক্তিদের নামে। অবশ্য বলা যায় দেশটি গোড়াপত্তন বৃটিশদের হাতেই। জেমস কুক নামে এক নাবিকআঠার শতকের শেষভাগে ভাগ্যান্বেষনে এখানে পা রাখেন। তারপর জাহাজ ভরে এখানে পাঠানো হলো কিছু অপরাধি। ক্রমশ আদিবাসীদের কাঁছ থেকে পুরো দ্বীপ দেশটি কেড়ে নিলো তারা। এরপর এখানে ক্রমশ ভীড় করতে লাগলো সারা বিশ্বের উচ্চাভিলাষী কিছু মানুষ। বলা যায় এভাবেই উদ্বাস্তুরাই দখল করে নিলো দেশটি।



গাইড তার দিকে সকলের দৃস্টি আকর্ষন করলো। কিছু তথ্য জানালো সিডনি শহর সম্পর্কে। বললো- ক্ষেত্রফলের হিসেবে সিডনি পৃথিবীর সবচেয়ে বড় শহরগুলোর একটি। সিডনি শহরের ক্ষেত্রফল ১৫৮০ বর্গকিলোমিটার। লন্ডন শহরের প্রায় সমান। আর নিউইয়র্ক শহরের দ্বিগুণ। নিউইয়র্ক শহরের ক্ষেত্রফল ৭৮০ বর্গকিলোমিটার। আমস্টার্ডাম শহরের ক্ষেত্রফল মাত্র ১৬৭ বর্গকিলোমিটার আর বিখ্যাত প্যারিসের মাত্র ১০৫ বর্গকিলোমিটার। সে তুলনায় সিডনি জায়ান্ট সিটি। এই শহরে মাত্র সাড়ে পঁয়ত্রিশ লাখ মানুষ বাস করে। সরকারি হিসাব মতে এখানে সাড়ে চৌদ্দ লাখ বাসা আছে। অস্ট্রেলিয়ার সবচেয়ে ঘনবসতি হলো সিডনিতে। তারপরও দেখা যাচ্ছে টোকিওর একজন বাসিন্দার চেয়ে ছয়গুণ বেশি জায়গা নিয়ে থাকে একজন সিডনিবাসী। সিডনি শহরে যারা থাকে তাদের প্রায় অর্ধেকেরই বয়স ২০ থেকে ৩৫ এর মধ্যে। সিডনি যুবকদের শহর। সিডনি শহরে নাকি ১৮০টি দেশের নাগরিক বাস করে। ১৪০টি ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলে তারা। আর এজন্যই কালচারাল মেলটিং পট বলা হয় সিডনিকে।

গাইড তার বক্তৃতা শেষ করলো। বললো- নামতে হবে গাড়ী থেকে। সামনে চেয়ে দেখলাম বিশ্বের অন্যতম নির্মান শৈলী সিডনি অপেরা হাউজ আমার সামনে। অসাধারণ স্থাপত্যে নির্মিত অপেরা হাউজটি দূর থেকে দেখে মনে হচ্ছিলো পানির উপর কয়েকটি সাদা নৌকার পাল ভাসছে। গাইড আমাদের অপেরা হাউজের বাইরে দাঁড় করিয়ে চলে গেলো টিকিট আনতে।

একটু পরই টিকিট নিয়ে ফিরে আসলোসে। বললো- অপেরা হাউজের ভেতরে ট্যুরটা শুরু হবে আরো আধা ঘন্টা পর। এটা তাদের নিজস্ব গাইডেড ট্যুর। আমাদের গাইড সাথে থাকবে বটে। তবে ট্যুর নিয়ন্ত্রণ করবে এদের নিজস্ব গাইড। তাঁরাই সাথে নিয়ে ঘুরে দেখাবে। ভেতরের ট্যুর শেষ হলে আমাদের গাউড হারবার ব্রীজ সহ অন্যান্য দর্শনীয় স্থানগুলো ঘুরে দেখাবে। হাতে থাকা স্বল্প সময়টা কাজে লাগানো গাইড।

শুরু হলো এর বর্ণনা। পৃথিবীর অন্যতম সুন্দর স্থাপত্য সিডনি অপেরার অবস্থান বন্দরের বেনেলং পয়েন্টে। এটি মহাসাগরের একপ্রান্তে তৈরি করা হয়েছে যা দেখতে অনেকটা উপত্যকার মতো। ১৯৫৬ সালে অপেরা হাউজটি নির্মাণের জন্য নকশা আহ্বান করা হয়। সারা বিশ্ব থেকে ২৩৩টি নকশা জমা পড়ে। এ নকশাগুলোর মধ্য থেকে সুইডেনের স্থতি জন অ্যাডজেনের জিজাইনটি চূড়ান্ত হিসাবে ঘোষণা করা হয়। ১৯৫৯ সালে এর নির্মাণ কাজ শুরু হয়ে শেষ হয় ১৯৭৩ সালে। প্রায় ১০ হাজার কর্মী এর নির্মাণে অংশ নেন। ১.৬২ হেক্টর জায়গার উপর নির্মিত অপেরা হাউজটি লম্বায় ১৮৩ মিটার এবং প্রসঙ্গে ১২০ মিটার। উচ্চতা ৬৫ মিটার যা প্রায় ২৩ তলার সমান। অপেরা হাউজের ভেতরের অংশে রয়েছে ১০০০টি কক্ষ ২৬৯০ টি আসন সহ একটি কনসার্ট হল, পাঁচটি ড্রামা থিয়েটার এবং ৩৯৮ সিটের প্লে হাউজ এবং ৪০০ লোক কাজ করার মত স্টুডিও। কনফিগারেশন পরিবর্তন করে এইসব হলের আয়তন ও সিট ক্যাপাসিটি বাড়ানো বা কমানো যায়। প্রতিবছর প্রায় ৮০ লাখ মানুষ এই অপেরা হাউজটি পরিদর্শনে আসেন। অপেরা হাউজের ছাদ তৈরিতে ১০ লাখ টাইলস ব্যবহার করা হয়। এর নির্মাণ বাবদ খরচ হয় ১০ কোটি ২০ লাখ ডলার। ১৯৭৫ সালের ২০ অক্টোবর রানী এলিজাবেথ অপেরা হাউজটি উদ্বোধন করেন। ২০০৭ সালে ইউনেস্কো এই স্থাপনাটিকে ওয়ার্ল্ড হেরিটেজ লিস্ট এর তালিকাভুক্ত করে।

একটু পর অপেরা হাউজের নিজস্ব গাইড এসে আমাদের ভেতরে নিয়ে গেলো। আমরা ছাড়াও এই গ্রুপে অন্য দেশ থেকে আসা কয়েকজন পুরুষ মহিলা ছিলো। একটা রুম পেরিয়ে যাবার সময়ে রুমের কার্যক্রমের বর্ননা দিচ্ছিলো গাইড। তিনি জানান, সিডনি অপেরা হাউজটি এখন সিডনির সংস্কৃতির অপরিহার্য অঙ্গে পরিণত হয়েছে। প্রতিদিনের মঞ্চ নাটক বা দুনিয়াখ্যাত শিল্পীদের স্টেজ শো'র পাশাপাশি নববর্ষের প্রথম প্রহর উদযাপনের কেন্দ্র হয়ে ওঠে সিডনির বেনেলং পয়েন্ট। এখানেই রয়েছে হারবার ব্রিজ। পুরো এলাকায় আলোকসজ্জার পাশাপাশি লেজার শো'র আয়োজন করা হয়। চীনা চন্দ্রবর্ষ উদযাপনেও এখানে লেজার শো'র আয়োজন করা হয়। এসবের পাশাপাশি সিডনির সবচেয়ে উপাদেয় খাবারও পাওয়া যায় এখানকার রেস্টুরেন্টে। সিডনির সবচেয়ে নামী শেফরাই এখানে খাবার তৈরী করেন। এখানকার অপেরা কিচেনে রয়েছে মোট ৬০টি ডিশ।

বেনেলং পয়েন্টে নৌবন্দরের পাশে বসে খাওয়ার ব্যবস্থাও আছে। নদীর পারে অপেরা হাউজের চারদিকেই আছে এই রেস্টুরেন্ট। হালকা খাবার, কফি, মিস্টান্ন সবকিছুরই ব্যবস্থা আছে সেখানে।

অপেরা হাউজের ভেতরটা ঘুরে দেখে আমরা বাইরে এলাম। আজকের মত ট্যুর এখানেই শেষ। কাল সকাল থেকে আবার অন্যান্য দর্শনীয় স্থানে নিয়ে যাবে গাইড। আমাদের গন্তব্য স্থল সিডনি হোটেল খুব দূরে নয়। তাই গাইডের কাছ থেকে বিদায় নিয়ে হাঁটা শুরু করলাম হোটেলের দিকে।

লেখক: সাংবাদিক, সিইও বাংলা ট্যুর।



ফুলতলী ইসলামিক সেন্টারের নতুন কমিটি ঘোষনা

(শেষের পাতার পর)

গৃহীত হয় যে, বর্তমান চলমান কোভিড-১৯ এর পরিস্থিতির কারণে ও ফুলতলী ইসলামিক সেন্টারের ভবন ক্রয়ের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায় থাকায় সেন্টারের অগ্রযাত্রার ধারাবাহিকতা সমুন্নত রাখতে বর্তমান কার্যকরী কমিটির মেয়াদ বর্ধিত করার জন্য তাই গত ২৯ নভেম্বর ২০২০ তারিখে আমাদের সেন্টারের বোর্ড অফ ট্রাস্টি এর সাথে এক যৌথ সভার আয়োজন করা হয়। উক্ত সভায় আমাদের কার্যকরী কমিটির প্রস্তাবটি বোর্ড অফ ট্রাস্টি এর কাছে তুলে ধরে বিবেচনা করার অনুরোধ করা হয়। পরবর্তীতে আমাদের সেন্টারের সার্বিক উন্নয়নের স্বার্থে কোভিড-১৯ সংক্রামণ বৃদ্ধি স্থানীয় সরকার কর্তৃক অর্পিত গণ সমাবেশ এর উপর নিষেধাজ্ঞা থাকায় বর্তমান কার্যকরী কমিটিকে আরেকটি মেয়াদের জন্য উত্তীর্ণ করে কয়েকটি গুরুত্ব পূর্ণ পদে পরিবর্তন এনে একটি নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত নেন এবং গত ডিসেম্বর ২৫ শুক্রবার জুম্মার নামাজের পূর্বে সেন্টারে বোর্ড অফ ট্রাস্টি এর চেয়ারম্যান আজিমুর রহমান (বুরহান) ফুলতলী ইসলামিক সেন্টারের উপস্থিত মুসল্লিয়ানদের উদ্দ্যেশ্যে এক জরুরি বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন। তিনি বলেন বর্তমান এক্সিকিউটিভ কমিটির মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২০ উত্তীর্ণ হবে তাই কমিটির সবাই বোর্ড অফ ট্রাস্টি এর কাছে অনুরোধ জানান বর্তমান কমিটির মেয়াদ উত্তীর্ণ করার জন্য। কারণ বর্তমান চলমান কোভিড-১৯ এর জন্য সেন্টারে মিটিং করা সম্ভব হচ্ছেনা, ভাইরাস সংক্রামন দিন দিন বাড়ছে, সেন্টারে গণ সমাবেশ এর উপর স্থানীয় সরকারের নিষেধাজ্ঞা থাকায় কোন কিছুই করা যাচ্ছেনা এমত অবস্থায় আমাদের সেন্টারের উন্নয়নের অগ্রযাত্রাকে এগিয়ে নেওয়া এবং নতুন ভবন ক্রয়ের কাজ প্রায় শেষ পর্যায়ে যাতে বাধার সম্মুখীন না হয় এই সব বিবেচনায় নিয়ে আমরা বোর্ড অফ ট্রাস্টি এর পক্ষ থেকে একটি প্রস্তাব নিয়ে এসেছি আপনাদের জন্য প্রস্তাবটি হলো বর্তমান কমিটিকে আরেক মেয়াদ জন্য বর্ধিত করা এবং বর্তমান কমিটির কিছু গুরুত্বপূর্ণ দায়িত্বে পরিবর্তন এনে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের প্রস্তাব প্রেরণ করেন।

প্রস্তাবে সভাপতি সৈয়দ মুহিতুর রহমান (সুহেল), সিনিয়র সহ সভাপতি আলহাজ মখদ্দছ আলী, সহ সভাপতি আলহাজ্ব আতিকুল এইচ আহমেদ (বেলাল), সাধারণ সম্পাদক আলহাজ্ব মোহাম্মদ শরিয়ত খান, সহ সাধারণ সম্পাদক কারী মালিক শেখ, কোষাধক্ষ আলহাজ্ব আলমগীর হোসাইন সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ এ বদরুল, সহ সাংগঠনিক সম্পদক এইচ এম নুরুজ্জামান, জনসংযোগ সম্পাদক এম ডি আব্দুল কাদির লিপু, সমাজকল্যাণ সম্পাদক সৈয়দ কওসার (বাবলু), শিক্ষা ও সাংস্কিতিক সংম্পাদক আলহাজ মির্জা উজ্জ্বল, দপ্তর সম্পাদক আলহাজ্ব লুৎফুর রহমান (রুহেল), সদস্য মোহাম্মদ এহিয়া মেন্দি, সদস্য সৈয়দ সায়েম, সদস্য আনোয়ার চৌধুরী, সদস্য রফিক আহমেদ, সদস্য শাহ জামাল, সদস্য শেখ নুমান। উক্ত প্রস্তাবে উপস্থিত মুসল্লিয়ানদের পক্ষ থেকে সর্ব সম্মতিক্রমে সমর্থন জানানো হয়। এরই ধারাবাহিকতায় গত ডিসেম্বর ২৭ রোববার বাদ যোহর ফুলতলী ইসলামীক সেন্টারে কমিটির সবাইকে শপথ বাক্য পাঠ করান আজিমুর রহমান বুরহান। শপথ অনুষ্ঠানে বক্তব্য রাখেন নতুন দায়িত্ব প্রাপ্ত সভাপতি সৈয়দ মুহিতুর রহমান (সুহেল), সিনিয়র সহ সভাপতি আলহাজ্ব মোহাম্মদ মখদ্দছ আলী, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলহাজ্ব শরিয়ত খান প্রমুখ। সভার শেষে সেন্টারের প্রিন্সিপাল ইমাম ও খতিব আলহাজ্ব হজরত মাওলানা সৈয়দ সাজিদুল হক সাহেবের দোয়ার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

স্বাগতম বাইডেন বিদায়ট্রাম্প

(শেষের পাতার পর)

তাহলে করোনার বিরাট ক্ষত চিহ্ন ধরা পড়বে বুকের গভীরে। হাহাকার করে উঠবে মন। কোভিডের ভয়ার্থ স্মৃতি, স্বজন হারানোর বেদনা আমাদের নীল গ্রহ মনে রাখবে বহু দিন। ভুলবেনা আমাদের আগামী প্রজন্ম, ভাবী কাল। আমরা অনেকে হারিয়েছি স্বজন। কমিউনিটি হারিয়েছে অনেক প্রিয়মুখ। যুক্তরাষ্ট্রে করোনায় কেড়ে নেয়া তিন শতাধিক মানুষসহ অতিমারিতে মৃত বিশ্বের সকল মানুষের আত্মার শান্তি কামনা করছি।

বিদায়ী বছরের অন্যতম আলোচিত-আড়োলিত ঘটনা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। নানা কারণে সমালোচিত এই নির্বাচন একবিংশ শতাব্দীর ইতিহাসের সাক্ষী হয়ে থাকবে। নব-নির্বাচিত প্রেসিডেন্ট জোসেফ আর. বাইডেনকে বিজয়ের অভিনন্দন। বিদায়ী প্রেসিডেন্ট ট্রাম্পকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা।

গত বছর অনুষ্ঠিত হওয়া যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন করোনা মহামারী প্রসঙ্গেও পর একমাত্র বিষয় যেটি বিশ্ব মিডিয়ার প্রধান শিরোনামে ছিল মাসের পর মাস। বলতে গেলে নির্বাচন নিয়ে নানাবিধ জল্পনা-কল্পনা এখনও আন্তজাতিক মিডিয়ার মনোযোগের কেন্দ্রবিন্দু থেকে হারিয়ে যায়নি। বিদায়ী প্রেসিডেন্ট ডোনাল্ট ট্রাম্প গণরায় মানছেন না। ভোটের ফলাফল মেনে নিতে অব্যাহত অস্বীকৃতি ও একের পর এক নাটকীয়তার কারণে দুনিয়ার তাবৎ মিডিয়া খবরে নিজেদের বিশেষ অংশের বরাদ্দ রাখতে হচ্ছে এখনও। যদিও এই নির্বাচন গত হয়েছে দুই মাসের উপরে।

নির্বাচনের কয়েক মাস আগেই এক অন্য রকম ঘটনার সুত্রপাত ঘটান প্রেসিডেন্ট ট্রাম্প। সাংবাদিকের এক প্রশ্নের জবাবের উত্তরে তিনি বলেন, হারলে ক্ষমতা ছাড়বেন কিনা তা ভেবে দেখতে হবে। আর এই ভেবে দেখা এখন যুক্তরাষ্ট্রের গলার কাঁটা হয়ে বিঁধে আছে। উগলে ফেলা যাচ্ছেনা আবার হজমও হচ্ছে না!

প্রেসিডেন্ট ট্রাম্পের ক্রমাগত পরাজয় না মানা এবং ক্ষমতা কুক্ষিগত করে রাখতে নানাবিধ ষড়যন্ত্র যুক্তরাষ্ট্রের রাজনীতিকে এক কঠিন পরীক্ষার মধ্যে ফেলে দিয়েছে। বহির্বিশ্বে আমেরিকার দীর্ঘদিনের ভাবমূর্তি, সুনাম ও গণতন্ত্রের আভরণ খসে পড়তে শুরু করেছে। বিশ্ব পরিমন্ডলে আমেরিকান প্রভাব প্রতিপত্তি খর্ব করছে মারাত্মক ভাবে। এখন কি দেশে দেশে ছড়ি ঘুরানো যাব? তালিম দেয়া যাবে গণতন্ত্রের!

সচেতন ও বিবেকবান আমেরিকানরা নিজেদের জটিল নির্বাচনী ব্যবস্থার উপর যেমন বিতশ্রদ্ধ হয়ে উঠছেন তেমনি আস্তা হারিয়ে ফেলছেন রাজনীতির উপর। প্রশ্ন উঠেছে শতাব্দি প্রাচীন সেকেলে ইলেক্টোরাল কলেজ সিস্টেম নিয়ে। এমনকি তা বাতিলেরও দাবী উঠেছে। সবাই সময়োপযোগী একটি কার্যকর পরিবর্তন চাইছেন। তাঁরা খোলে-নলচে এই অতি পুরোনো জীর্ণ নির্বাচন ব্যবস্থা পাল্টানোর পক্ষে। এজন্য শুধু ট্রাম্পই দাবী তা নয়। সমানভাবে দায়ী রিপাবলিকান পার্টির শীর্ষ নেতৃবৃন্দ। তাঁরা প্রেসিডেন্ট ট্রাম্পের এমোন প্রগলভতা থামানোর পরিবর্তে মনে হয় উপভোগ করেছেন অধিক। নির্বাচনের পর মিথ্যা ভোট কারচুপি ও জালিয়াতির অভিযোগ এনে প্রেসিডেন্ট যখন বিভিন্ন রাজ্যে মামলা করে চলেছেন একের পর এক তখন এসকল নেতৃবৃন্দ হয় ইন্ধন যুগিয়েছেন পরোক্ষ ভাবে। অথবা তামাশা দেখেছেন দুর থেকে। এদের কেউবা তাঁর ভয়ে আবার কেউ কেউ নিজেরদের রাজনৈতিক মৃত্যু ঠেকাতে নিশ্চুপ। তাঁরা যুক্তরাষ্ট্রের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠিত মূল্যবোধের বিষয়টি ভেবে দেখেন নি কিংবা তা বিবেচনায় আনেন নি। এখনও অনেক আইন প্রণেতা ট্রাম্পের বারোমাসিতে গলা মেলাচ্ছেন। যা যুক্তরাষ্ট্রের গণতান্ত্রিক মানস ও মূল্যবোধের সাথে একেবারেই খাপছাড়া।

বিদায়ী প্রেসিডেন্ট যেন চ্যালেঞ্জ জানিয়েছেন যুক্তরাষ্ট্রের জনগনকে। গণরায় মানতে এই অনিহা অনেক স্বৈরাচারী শাসককে লজ্জায় ফেলেছে। শেষ আক্রমণ হিসেবে ৬ জানুয়ারী ওয়াশিংটনে তাঁর বিশৃঙ্খল সমর্থকরা সমাবেশ ডেকেছেন। একপা এগিয়ে প্রেসিডেন্ট স্বয়ং বলছেন সমাবেশ শান্তিপূর্ণ নাও হতে পারে। এই ইঙ্গিতপূর্ণ আহবান আর যাই হোক আমেরিকার প্রেসিডেন্টকে মানায় না কোন ভাবেই। এটা বিলক্ষন জানেন তিনি। জেনে বুঝে এমন কান্ডজ্ঞান হীন বক্তব্য কেউ দিতে পারেন?

এদেশের সচেতন ও দায়িত্বশীল নাগরিক হিসাবে কোন অপ্রীতিকর ঘটনা আমাদের কাম্য নয়। ৬ জানুয়ারীর সমাবেশ শান্তিপূর্ণ ভাবেই শেষ হবে এমনটাই মনে করা সঙ্গত। ক্ষমতা গ্রহন করে বাইডেন কি করেন, কি কি পদক্ষেপ নেন মানুষের দৃষ্টি এখন সে দিকেই নিবদ্ধ। যদিও সকলেই জানি তাঁর হাতে কোন যাদুর কাঠি নেই। রাতারাতি সবকিছুর পরিবর্তন সম্ভবও নয়। আবার প্রেসিডেন্ট বাইডেনের ক্ষমতা নিরংকুশ নয়।

জর্জিয়ার রান অফ নির্বাচনে কে বা করা জিতে আসবে পরিস্কার নয়। তা জানা যাবে ৫ জানুয়ারীর পর। প্রেসিডেন্ট বাইডেনকে কাজ করতে হলে কংগ্রেসের পাশাপাশি সিনেটের মেজরিটি প্রয়োজন। তার উপর শীর্ষ বিচারালয়ে রক্ষনশীলরা সংখ্যাগরিষ্ঠ। সব মিলিয়ে একটা অনিশ্চিয়তা থেকেই যাচ্ছে শেষ পর্যন্ত।

প্রেসিডেন্ট ইলেক্ট বাইডেনকে যুক্তরাষ্ট্রের জনগন বিপুল ভোটে নির্বাচিত রকেছে। গত দীর্ঘ দিন ধরে চলা শ্বাসরুদ্ধকর পরিস্থিতি থেকে পরিত্রাণ পেতে মানুষ ডেমোক্র্যাটদের দিকেই ঝুঁকেছে সন্দেহ নেই। বাইডেন নিশ্চই রাজনীতির চাইতে আমেরিকার স্বার্থকে প্রাধান্য দেবেন। আগ্রাধিকার দিবেন সাধারণ মানুষকে সকল ক্ষেত্রে। ক্ষমতা নিয়ে ডাকাসহ ইমিগ্রেশন, অর্থনীতি, চাকরি, নিরাপত্তাসহ সকল প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা নেবেন। সাম্প্রতিক সময়ে মাথা ছাড়া দিয়ে উঠা বর্ণবাদ নির্মূল করবেন। বহু জাতি গোষ্ঠীর সম্মিলিত শ্রমে ঘামে গড়ে উঠা আমেরিকার হারানো হৃত গৌরব পুনররুদ্ধারে প্রয়াস নেবেন। যুক্তরাষ্ট্র তার স্বমহিমায় ফেরবে আবার এমন প্রত্যাশা সকলের।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

Emirates السعودية SAUDIA QATAR AIRWAYS القطرية TURKISH AIRLINES

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

website: www.digitaltraveltour.com

We are on Facebook

২০২০ সালের মানবাধিকার পরিস্থিতি নিয়ে

(৩ পাতার পর)

সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। দেশের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত ও প্রচারিত সংবাদের এবং মানবাধিকার লঙ্ঘনের ঘটনার বিষয়ে আসকের তথ্যানুসন্ধানের ভিত্তিতে এই প্রতিবেদন তৈরি করা হয়।

প্রতিবেদনে বলা হয়েছে, নারী ও শিশুর প্রতি সহিংসতা আগের বছরগুলোকে ছাড়িয়ে গেছে। বছর জুড়ে ধর্ষণ, দলবদ্ধ ধর্ষণ, ধর্ষণ পরবর্তী হত্যাসহ, যৌন হয়রানি, পারিবারিক নির্যাতনের ঘটনা প্রতিনিয়তই ঘটেছে। দেশের মানবাধিকার পরিস্থিতির সার্বিক দিক তুলে ধরতে বেশ কয়েক ভাগে ভাগ করে প্রতিবেদনটি তুলে ধরে আসক।

বিচারবহির্ভূত হত্যা ও নির্যাতন: ক্রসফায়ার ও মাদকবিরোধী অভিযানে ৩০০ জন নিহতের ঘটনা ছাড়াও বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে (গ্রেপ্তারের পর) নিহত হয়েছেন ১১ জন। গ্রেপ্তারের আগে আইনশৃঙ্খলা বাহিনীর নির্যাতনে মারা যান পাঁচ জন এবং গুলিতে নিহত হয়েছেন আট জন।

আইনশৃঙ্খলা বাহিনীর পরিচয়ে অপহরণ ও গুম : আইনশৃঙ্খলা বাহিনীর পরিচয়ে অপহরণ, গুম ও নিখোঁজের শিকার হন ছয় জন।

ধর্ষণ: ২০২০ সালে সারা দেশে ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ১ হাজার ৬২৭ নারী। এর মধ্যে ধর্ষণ-পরবর্তী হত্যার শিকার হয়েছেন ৫৩ জন এবং ধর্ষণের পর আত্মহত্যা করেছেন ১৪ জন। ২০১৯ সালে ধর্ষণের শিকার হয়েছিলেন ১৪১৩ নারী এবং ২০১৮ সালে এই সংখ্যা ছিল ৭৩২।

পারিবারিক নির্যাতন ও যৌতুক: পারিবারিক নির্যাতনের কারণে মারা গেছেন ৩৬৭ নারী। নির্যাতনের শিকার ৯০ জন আত্মহত্যা করেছেন। যেখানে গত বছর অর্থাত্ ২০১৯ সালে পারিবারিক নির্যাতনের শিকার হয়েছিলেন ৪২৩ নারী। এছাড়া যৌতুকের জন্য, সালিশের মাধ্যমে নির্যাতন, গৃহকর্মী নির্যাতন ও অ্যাসিড নিক্ষেপের ঘটনাও ঘটেছে।

শিশু নির্যাতন: শারীরিক নির্যাতন, ধর্ষণ, হত্যাসহ বিভিন্ন কারণে ৫৮৯ শিশু নিহত হয়েছে। ২০১৯ সালে এ সংখ্যা ছিল ৪৮৮। ২০২০ সালে বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয় ১৭১৮ শিশু। এর মধ্যে ধর্ষণের শিকার হয় ১০১৮ শিশু, ধর্ষণচেষ্টা ও যৌন হয়রানির শিকার হয় ২৭৯ শিশু। ২০২০ সালে বলাত্কারের শিকার হয়েছে ৫২ ছেলে শিশু, বলাত্কারের পর ৩ শিশুর মৃত্যু হয়েছে বলে জানায় আসক।

মতপ্রকাশের অধিকার : করোনাকালে মতপ্রকাশের অধিকার খর্ব করাসহ দমনপীড়ন বেড়েছে বলে জানিয়েছে আসক। ডিজিটাল নিরাপত্তা আইনে ১২৯টি মামলা হয়েছে এবং এসব মামলায় ২৬৮ জনকে আসামি করা হয়েছে।

সাংবাদিক নির্যাতন: বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছেন ২৪৭ সাংবাদিক। তার মধ্যে দু'জন হত্যার শিকার হয়েছেন।

সভা-সমাবেশে বাধা: শান্তিপূর্ণভাবে সভা-সমাবেশ করা ও প্রতিবাদ জানানো নাগরিকের সাংবিধানিক অধিকার, যা বিভিন্ন মানবাধিকার দলিলেও সুস্পষ্টভাবে উল্লেখ আছে। তা সত্ত্বেও বাংলাদেশে ধারাবাহিকভাবে এ ধরনের ঘটনা ঘটে চলেছে বলে জানায় আসক। বিএনপি, বাম জোটভুক্ত দলগুলোর সভা-সমাবেশসহ নানা কর্মসূচিতে বাধার অভিযোগ আছে। এছাড়াও জাতীয় প্রেসক্লাবের সামনে আন্দোলনরত তাজরীন ফ্যাশনস লিমিটেডের শ্রমিক এবং স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকদের গত ৭ ডিসেম্বর ভোর রাতে ঘুম থেকে তুলে লাঠিপেটা করে উঠিয়ে দেয় পুলিশ।

স্বাস্থ্য অধিকার: করোনা সংক্রমণকালে দেশের স্বাস্থ্য খাতের বিদ্যমান নানা অনিয়ম, দুর্নীতি ও অব্যবস্থাপনার চিত্র গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। অনিয়ম-দুর্নীতি নিয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের পরস্পরকে দোষারোপ করার মতো ঘটনাও ঘটে ২০২০ সালে।

শ্রমিক অধিকার: করোনা সংকটকালীন সময়ে শ্রমিকদের চাকরি হারানো, বেতন না পাওয়াসহ নানা বঞ্চনার ঘটনা ঘটেছে। এ সময়ের মধ্যে গার্মেন্টশিল্পের ৬০ থেকে ৬৫ হাজার শ্রমিক ছাঁটাইয়ের শিকার হয়েছেন এবং ছাঁটাইকৃত শ্রমিকদের পাওনা পরিশোধ করা হয়নি। করোনা ভাইরাসের সংক্রমণরোধে সরকারি ছুটি ঘোষণা করা হলেও ছুটি পাননি চা শ্রমিকরা।

এছাড়া সীমান্ত হত্যা, করোনাকালে দেশে ফেরা অভিবাসী শ্রমিকদের হয়রানি, সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর হামলা, নির্যাতন, ক্ষুদ্র নৃগোষ্ঠীর মানবাধিকার লঙ্ঘন নিয়েও উদ্বেগের কথা জানায় সংস্থাটি।

কালো কফি-চায়ের উপকারিতা

(শেষের পাতার পর)

ঠান্ডা তাড়াতে বেড়ে যায় এই দুই পানীয়র কদর। এর মধ্যে কেউ দুধ চা-কফি পছন্দ করেন। আবার কেউ কালো চা-কফি খেতে পছন্দ করেন। তবে চা ও কফির মধ্যে কোনটি স্বাস্থ্যের জন্য উপকারী তা নিয়ে অনেকেই দ্বিধায় পড়ে যান। তবে এই দুই পানীয়রই অনেক উপকারিতা রয়েছে।

কালো কফি: ফিটনেস সচেতন ব্যক্তিরা কালো কফি খেতে খুব পছন্দ করেন। ভারী ব্যায়ামের পর এক কাপ কালো কফি হতে পারে আদর্শ পানীয়। এটি ব্যায়াম করার জন্য শক্তি জোগায়। একই সাথে এতে ক্যাফেইন ছাড়াও প্রচুর পরিমাণে অ্যান্টিঅক্সিডেন্ট, ম্যাগনেসিয়াম এবং পটাশিয়াম রয়েছে। ইন্টারন্যাশনাল জার্নাল অব এপিডেমিয়োলজির প্রতিবেদন মতে, যারা নিয়মিত কালো কফি খান, তাদের মধ্যে স্থূলতা এবং টাইপ-২ ডায়াবেটিসে আক্রান্ত হওয়ার ঝুঁকি কম। এ ছাড়া এক কাপ কালো কফিতে জিরো পরিমাণ ক্যালরি থাকে।

কালো চা: কালো কফির চেয়ে এই চায়ের মধ্যে ক্যাফেইনের পরিমাণ কম থাকে। এ ছাড়াও এতে কোনো স্যাচুরেটেড ফ্যাট থাকে না। কালো চা রোগ প্রতিরোধ শক্তি বাড়াতে সহায়তা করে। ইউরোপিয়ান 'জার্নাল অব নিউট্রিশ'র প্রতিবেদন মতে, এক কাপ কালো চায়ে ২ ক্যালোরি থাকে। আর যারা নিয়মিত কালো চা পান করেন, তারা অতিরিক্ত ক্যালরি ঝরাতে পারেন। -ইন্টারনেট।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ



অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE


SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. Hons., MS., CU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
Ph: 917-847-7298
917-858-4249
Email: Sharifta.service@gmail.com

SERVICES:
- Tax Service
- Immigration
- Real Estate

পড়তে ভিজিট করুন banglapatrikausa.com

ইংরেজি নববর্ষ গোড়ার কথা

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে নববর্ষ হচ্ছে পহেলা বৈশাখ। তেমনি ১ জানুয়ারী ইংরেজি নববর্ষ। পৃথিবীর প্রায় সব দেশে উৎসবের মেজাজে সাড়ম্বরে পালিত হয়ে থাকে। কিছু জাতি যেমন চীনা, ইহুদি, মুসলমান প্রভৃতির মধ্যে নিজ নিজ ক্যালেন্ডার অনুসারে নববর্ষ পালন করতে দেখা যায়। যেসব দেশে গ্রেগোরিয়ান ক্যালেন্ডার ব্যবহার করা হয়, তারা সাধারণত নববর্ষ ১ জানুয়ারীতে পালন করে থাকে। ঐতিহাসিকভাবে, রোমান ক্যালেন্ডারে নতুন বর্ষ শুরু হতো ১ মার্চ থেকে। এর প্রভাব বছরের কয়েকটা মাসের ওপর দেখা যায়। ল্যাটিন ভাষায় সেপ্টেম্বরের অর্থ হচ্ছে সাত, অক্টোবর আট, নভেম্বর নয় এবং ডিসেম্বর দশ। সেই সময় রোমান সরকারের নতুন অধিবেশন শুরু হতো জানুয়ারি মাস থেকে। জুলিয়াস সিজার খ্রিস্টপূর্ব ৪৭ সালে এ ক্যালেন্ডারে পরিবর্তন ঘটিয়ে জুলিয়ান ক্যালেন্ডারের সৃষ্টি করেন। এতে খ্রিস্টপূর্ব ৪৪ সালে মার্ক অ্যান্টোনির কনসুল এক দফা পরিবর্তন ঘটানোর পর খ্রিস্টপূর্ব ৮ সালে এম্পরর অপাসটাস সিজার আরেক দফা পরিবর্তন ঘটান। সর্বশেষ পোপ ১৩তম গ্রেগোরি ১৫৮২ সালে এই ক্যালেন্ডারে পরিবর্তন ঘটিয়ে এর বর্তমান কাঠামোতে নিয়ে আসেন। এ পরিবর্তিত ক্যালেন্ডারে নতুন বর্ষের শুরু হয় ১ জানুয়ারী।



১ জানুয়ারী ইংরেজি নববর্ষ, আজ যা সাড়ম্বরে পালিত হয়ে থাকে, দুই হাজার বছর আগেও কিন্তু এমনটি ছিল না। এমনকি দিন-তারিখ বছরও। ফিরে দেখা যায় সেসব ইতিহাস।

মধ্য আমেরিকার মেক্সিকোতে এক সভ্যতার উদয় হয়েছিল। খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দী থেকে এ সভ্যতার বিকাশ এমন পর্যায়ে পৌঁছেছিল, যা বিস্ময়কর। অতীব বিস্ময়কর। এ সভ্যতার নাম মায়া সভ্যতা। মায়া সভ্যতার বহু বিচিত্র কীর্তি-কাহিনীর মধ্যে হায়ারোগ্লিফিক লিপি একটি। সম্প্রতি এ দুর্বোধ্য লিপির পাঠোদ্ধার করা হয়েছে। এর ফলে মায়াদের সম্বন্ধে অনেক নতুন তথ্য জানা গেছে। মায়াদের সংখ্যাতত্ত্বের সম্যক জ্ঞান, গ্রহ-নক্ষত্রের গতিবিধি পর্যবেক্ষণের অসাধারণ দক্ষতা, স্থাপত্য-শিল্পকলার বহুবিধ ব্যুৎপত্তি বিস্ময়ে আমাদের হতবাক করে দেয়। মায়ারা আবিষ্কার করেছিল সূর্যকে প্রদক্ষিণ করতে পৃথিবীর ৩৬৫ দিন লাগে। নির্ভুল বিচারে এই গণনা ছিল ৩৬৫-২৪২০ দিন। এ সময়কালকে ১৮ মাসে ভাগ করে নিয়েছিল তারা। যার প্রতিমাসের দিন-সংখ্যা ছিল ২০। বলা হয়ে থাকে, খ্রিস্টপূর্ব ৭৫০ সাল নাগাদ তিনি যে ক্যালেন্ডারের উদ্ভাবন করেছিলেন, সেখানে দিন-সংখ্যা ছিল ৩০০। এই ৩০০ দিনকে সমান ১০টি ভাগে ভাগ করে মাসের দিন-সংখ্যা ৩০ করা হয়েছিল। যা কিনা আজকের মাসের গড়দিন। একে রোমুলাস ক্যালেন্ডার বলা যেতে পারে। এ রোমান ক্যালেন্ডারে প্রথম শুরুর মাস ছিল ওমারটিয়াস, অর্থাৎ আজকের মার্চ মাস। রোমানদের যুদ্ধদেবতার নামানুসারে এ মাস। ১ মার্চ ছিল বর্ষ আরম্ভের প্রথম দিন। খ্রিস্টপূর্ব প্রথম শতকে জুলিয়াস সিজার এই ক্যালেন্ডারের কিছু সংশোধন করিয়ে নিয়েছিলেন। তৎকালীন প্রখ্যাত জ্যোতির্বিজ্ঞানীরা এ বিষয়ে তাকে সাহায্য করেছিল। এই ক্যালেন্ডারে পৃথিবীর সূর্য প্রদক্ষিণকাল ৩৬৫ দিন। কিন্তু বছর ৩৬৫ দিনে রেখে অতিরিক্ত দিন-সংখ্যা (১-৪ দিন) প্রতি চার বছর অন্তর ফেব্রুয়ারী মাসের সঙ্গে যোগ করা হয়।

তখন ফেব্রুয়ারী মাসের দিন-সংখ্যা দাঁড়ায় ২৮ থেকে ২৯ দিন। এই একটি বাড়তি দিনকে বলা হয় 'লিপ'-ডে। আর বছরটি হলো 'লিপিয়ার'। এ ক্যালেন্ডারটি 'জুলিয়ান ক্যালেন্ডার' নামে খ্যাত ছিল। বহু বছর এ ক্যালেন্ডারটি চালু ছিল।

অনেককাল পরে এই জুলিয়ান ক্যালেন্ডারটির পুনরায় সংশোধন করে নিয়ে নতুন একটা ক্যালেন্ডার বাজারে চালু হয়। তৎকালীন মহামান্য ত্রয়োদশ পোপ গ্রেগোরি ১৫৭৭ সালে দুজন জ্যোতির্বিজ্ঞানীর সাহায্য নিয়ে পুরনো ক্যালেন্ডারটি গ্রেগোরিয়ান ক্যালেন্ডার নামে পরিচিত।

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট
New Price
বিশাল মূল্যহ্রাস
রেড/ব্লাক চিকেন $3.25/lb
১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)
আমাদের আরও রয়েছে কবুতর, কোয়েল, চায়না, টার্কি মুরগী ও রাজা মোরগ, বাদি হাঁস, হাঁস ও কোয়েলের ডিম
প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb
বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল
লাইভ তেলাপিয়া $3.49lb
লাইভ বাফেলো $3.49lb
আমেরিকান ইলিশ $1.99lb
দেশী রুই $1.79lb
Herring Fish (চাপিলা মাছ) $2.49lb
Porgy $1.49lb
লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্নেপ্ট, হ্যারিং, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ
স্পেশাল
রেশমী বাসমতি রাইস $17.99
আমিন বাসমতি রাইস $17.99
আমিন পারবয়েলড রাইস $9.99
ডোনার বাসমতি রাইস $18.99
বাহুর বাসমতি রাইস $13.99
সুলতানা বাসমতি রাইস $12.99
কচুর লতি (৩ প্যাক) $4.99
৩ প্যাক কেসকি মাছ $4.99
১ জজল ডিম .99c
আয়োডাইজ সল্ট (২টি) .99c
ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার
EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd
37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
FAMILY FARMACIA & SURGICAL, INC.
FAMILY PHARMACY & SURGICAL, INC.
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
আমরা বাংলায় কথা বলি
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আন্তর্জাতিক অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশ্বায়ন জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে বাংলার ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের দেশী সাংবাদিকদের এখানে আসছি। এই ক্ষেত্রগুলির বিশেষজ্ঞ শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী লিভিংস্টন ম'ক্লুল আইনের উপর পড়াশোনার করেছেন। তিনি ব্যালিংটন ভলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি লিভিংস্টন স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইন্সার এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো ইংরেজী নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মিতালী হকের প্রশ্নঃ

আমার বোন গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছিলো। তারপর বাংলাদেশে তার বিয়ে হয়। কিন্তু বিয়ের বিষয়টি এম্বেসীকে জানানো হয়নি। এরপর আমার বোন এদেশে এসে থাকার পর আবার বাংলাদেশে গেছে। আমার বোনের এবারের বাংলাদেশে অবস্থানের মেয়াদ এক বছর পেরিয়ে গেছে। তাই আমার জানার ইচ্ছা আমার বোনটি স্বাভাবিকভাবে ইচ্ছা করলে আবার এদেশে চল আসতে পারবে? সে কি ঢাকা ইউএস এম্বেসীতে গিয়ে প্রয়োজনে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে পারবে? আমার বোন তার স্বামীকে এদেশে আনতে চায়। এসব বিষয়ে আপনার পরামর্শ পাবার প্রত্যাশায় রইলাম। এমন প্রশ্ন আগেও দেখেছি বলে আজ আমিও লিখলাম।

মিতালী হকের প্রশ্নের উত্তরঃ

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউসের জন্যে আবেদন করতে পারেন। তবে গ্রিনকার্ডধারীরা বিনা অনুমতিতে এক বছরের কম সময় এদশে বাইরে অবস্থান করতে পারেন। এক বছর বা তার বেশি সময় এদশের বাইরে অবস্থান করলে গ্রিনকার্ড নষ্ট হয়ে যেতে পারে। ইমিগ্রেশন ইউএস এর প্রবেশ প্রত্যাখ্যান করতে পারে।

তবে রি-এন্ট্রির ব্যাপারে যা বলতে চাই সেটা হচ্ছে একজন গ্রিনকার্ডধারী ইউএস এর বাইরে গিয়ে একবছর বা তার বেশি সময় অবস্থান করতে চাইলে দুই বছরের জন্যে অনুমতি সাপেক্ষে রি-এন্ট্রি লাভ করা যেতে পারে। কিন্তু গ্রিনকার্ডধারীকে এদেশের বাইরে যাবার আগেই এখান থেকেই তাকে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে হবে।

এই রি-এন্ট্রির আবেদনের সময় আবেদনকারীকে অবশ্যই এদেশে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্যে প্রয়োজনে একজন এটর্নির সাথে সাক্ষাতে গিয়ে কথা বলা যেতে পারে।

আপনি আপনার বোনের বিষয়ে আরো যা জানতে চেয়েছেন সে ব্যাপারে স্পস্ট করে করে সবকিছু উল্লেখ করতে হবে। যা হয়তো সাক্ষাতে আলোচনা ক রার সময় আপনি উল্লেখ করতে পারবেন। এসব ব্যাপারে সুস্পষ্ট করে কিছু বলতে চাইলে এ সম্পর্কে প্রাসঙ্গিক আরো কিছু তথ্য জানা দরকার।

একজন গ্রিনকার্ডধারী তার স্পউসের জন্যে ইমিগ্রেশনের আইন অনুযায়ী আবেদন করতে পারেন। কিন্তু সেই আবেদনকারী স্পাউসকে অবশ্যই এদেশে যথাযথ গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করতে হবে।

নিউইয়র্ক থেকে আবু হামিদের প্রশ্নঃ

আমি আজ এই চিঠিটি লিখছি আমার এক বন্ধুর জানতে চাওয়ার প্রেক্ষিতে। আমার বন্ধুর চাচা একজন ইউএস সিটিজেন। তিনি আমার বন্ধুর বাবার জন্যে অর্থাৎ তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন। এই আবেদনে ঐ ভাইয়ের সন্তানেরাও অন্তর্ভূক্ত ছিলেন। কিন্তু ঘটনা হচ্ছে আমার বন্ধুর বাবা অর্থাৎ আবেদনকারীর ভাই মারা গিয়েছেন। সে কারণে জানতে চাওয়ার বিষয় হচ্ছে এখন ঐ আবেদনের অবস্থা কেমন হবে?

আবু হামিদের প্রশ্নের উত্তরঃ



প্রথমেই আমাদের জানা থাকা দরকার যে একজন সিটিজেন এবং গ্রিনকার্ডধারী কাদের জন্যে আবেদন করতে পারেন।

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউস এবং অবিবাহিত সন্তানের জন্যে আবেদন করতে পারেন।

গ্রিনকার্ডধারীর সন্তানদের আবার দুটি ক্যাটেগরী আছেঃ

১। ২১ নিম্ন এবং

২। ২১ উর্ধ বয়সের সন্তান।

২১ নিম্ন বয়সের সন্তানেরা ২-এ এবং ২১ উর্ধ বয়সের সন্তানেরা ২-বি ক্যাটেগরিতে পড়ে।

একজন ইউএস সিটিজেন তার নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেঃ

স্পাউস (স্বামী/স্ত্রী)

সন্তান (২১ নিম্ন/২১ উর্ধ)বিবাহিত ও অবিবাহিত

মা-বাবা এবং

ভাইবোন

ইমিগ্রেশন আইন অনুযায়ী ইউএস সিটিজেন তার ভাইয়ের জন্যে আবেদন করতে পারেন। তবে একজন ইউএস সিটিজেনের স্পাউস, মাবাবা এবং ২১ নিম্ন অবিবাহিত সন্তানেরা প্রথম প্রেফারেন্সে পড়েন বলে এই ক্যাটেগরীর পড়েন বলে এই ক্যাটেগরীর আত্মীয়দের অপেক্ষা করতে হয়না।

তবে ইউএস সিটিজেনের ভাইবোনেরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন।এই ক্যাটেগরীর অপেক্ষার সময় আনুসাঙ্গিক দশ বছরের বেশি। আপনার বন্ধুর চাচা তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন।

এখন দুঃখজনক ঘটনা হচ্ছে আপনার বন্ধুর বাবা ছিলেন বেশি-ফিশিয়ারী এবং তিনি মারা গেছেন। এর ফরে অর্থাৎ বেনিফিশিয়ারীর মৃত্যুর কারণে আবেদনেরও মৃত্যু ঘটেছে। ঐ আবেদনের প্রেক্ষিতে আবেদনের অন্তর্ভূক্ত আর কেউ এদেশে আসার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

কুইন্স থেকে ইমতিয়াজুল খানের প্রশ্নঃ

আমি কিছুদিন হয় পারমানেন্ট রেসিডেন্ট কার্ড পেয়েছি। সেকারণে বাংলাদেশে গিয়ে আমার পছন্দের একজন মেয়েকে আমি বিয়ে করতে চাচ্ছি। এখন আমার জানার বিষয় হচ্ছে একজন গ্রিনকার্ডধারী হিসেবে বাংলাদেশে গিয়ে বিয়ে করার পর আমার স্ত্রীকে এখানে আনার ব্যাপারে আমি উপযুক্ত হবো কিনা? আর গ্রিনকার্ড নিয়ে ঝামেলাহীনভাবে দেশে গিয়ে কতদিন অবস্থান করতে পারব?

ইমতিয়াজুল খানের প্রশ্নের উত্তরঃ

একজন পারমানেন্ট রেসিডেন্ট তার স্পাউস এবং অবিবাহিত সন্তান-এর জন্যে আবেদন করতে পারেন। আপনি একজন পারমানেন্ট রেসিডেন্ট সেজন্যে আপনি আপনার বিবাহিতা স্ত্রীর জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন।

পিটিশনার যদি ইউএস এর গ্রিনকার্ডধারী হন তবে শুধু আই-১৩০ রিলেটিভ পিটিশান ফাইল করতে পারেন। আর বেনিফি-শিয়ারী যদি ইউএস সিটিজেন হন আর বেনিফিশিয়ারী যদি বাংলাদেশী হন হবে আই-১৩০ পিটিশান ফাইলের দরকার নেই। ইউএস সিটিজেনের স্পাউস হবার কারণে বিয়ের পরেই তার স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করা যাবে।

গ্রিনকার্ডধারীর স্পাউস (স্বামী/স্ত্রী) দ্বিতীয় প্রেফারেন্সে পড়েন। আর আপনি একজন গ্রিনকার্ডধারী তাই আপনি দেশে একবছরের কম সময় সেখানে অবস্থান করতে পারেন কোন অনুমতি ছাড়াই। আপনার যদি এক বছর বা তার বেশি সময় থাকার পরিকল্পনা থাকে তবে দুই বছরের অনুমতি নিয়ে দেশে গিয়ে অবস্থান করতে পারেন। তবে এতে করে গ্রিনকার্ড পাবার পাঁচ বছর পর সিটিজেনশীপের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হলেও আপনাকে আবারো একাধারে ক্রমাগত পাঁচ বছর এদেশে অবস্থান করতে হবে।

প্রয়োজনবোধে আপনি একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে কথা বলে আপনার প্রশ্নের সমাধান সম্পর্কে জেনে নিতে পারেন।

আর একটি কথা আমরা প্রায় সবসময় বলে থাকি আর তা হচ্ছে যে আপনার যদি নিয়মিত আমাদের এই বিভাগ পড়েন তবে তা থেকে হয়তো আপনার প্রশ্নের জবাব সম্পর্কে ধারণা নিতে পারবেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার অন্তরায় অবৈধ সামরিক হস্তক্ষেপ



সামছুদ্দীন আজাদ

যখন বাংলাদেশের স্বাধীনতার ৫০ বর্ষপূর্তি হতে চলেছে ২০২১ সালের মার্চ মাসে। তখন বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত রয়েছেন বাংলাদেশ রাষ্ট্রের স্থপতি, 'জাতির পিতা'র কন্যা শেখ হাসিনা। যার হাত ধরে এদেশে স্বাধীনতা আসলো- তারই কন্যার হাত ধরে স্বাধীনতার ৫০ বছর পূর্তি হল এটা যেন বিধির বিধান। ঠিক এমনি সময় বাংলাদেশের কতিপয় মানুষ যারা বিএনপি সমর্থন করে সরাসরি, আর যারা বিএনপিকে নৈতিক সমর্থন করে এবং যারা আওয়ামী লীগ বিরোধী তারা খুব জোরে সোরে বলার চেষ্টা করছেন দেশে গণতন্ত্র নেই, সরকার গণতন্ত্র ধ্বংস করেছে, আর গণতন্ত্র না থাকার কারণে দেশে সুশাসন চলছে না- ইত্যাদি এহেন তার অভিযোগ তোলা হচ্ছে সরকারের বিরুদ্ধে এবং জোর দাবী করছে বিএনপি একটি গণতান্ত্রিক দল তারা ক্ষমতায় এলেই কেবল দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে। তাদের এমন বক্তব্যের পরিপ্রেক্ষিতে বলতে হয়- 'বাংলাদেশ স্বাধীন হয়েছে গণতন্ত্র প্রতিষ্ঠার দাবী নিয়ে। বঙ্গবন্ধু তার সারা জীবন উৎসর্গ করে গেছেন একটি স্বপ্নের গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য।'

সারা জীবন পাকিস্তানী স্বৈরশাসক আয়ুব-ইয়াহিয়ার বিরুদ্ধে সংগ্রাম করেছেন, জেল-জুলুম নির্যাতন সহ্য করেছেন গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য, স্বৈরাচারী ডিকটরের কবল থেকে দেশ ও জাতিকে মুক্তি দেয়ার জন্য। শেষ পর্যন্ত তিনি সফল হয়েছিলেন ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে কাংখিত বাংলাদেশের জন্ম দিয়ে। তার স্বপ্নের বাংলাদেশের সংবিধান ছিল জনগণের আশা আকাংখার প্রতিক, গণতান্ত্রিক চেতনার প্রতিক, স্বাধীন নিরাপদ গণতান্ত্রিক রাষ্ট্রের পথ চলার প্রতীক। আর যে চার মূলনীতি-গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও বাঙালী জাতীয়তাবাদী চেতনার প্রতীক। নতুন বাংলাদেশ যখন অবকাঠামোগত উন্নয়ন আর সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে যাত্রা শুরু করলো- আর তখনই এদেশের গণতন্ত্রের যাত্রাকে থামিয়ে দেয়া হল রাতের অন্ধকারে ভীরু কাপুরুষের মত বেঈমান কতিপয় জারজ সন্তান কর্তৃক জাতির পিতাকে নৃশংসভাবে স্বপরিবারে খুন করার মধ্যে দিয়ে।

সেই সময় থেকে বাংলাদেশের গণতন্ত্র চিরদিনের জন্য ক্যান্টনমেন্টে বন্দী হয়ে যায়। সেই বন্দীদশা থেকে আজও মুক্তি পায়নি বাংলাদেশের গণতন্ত্র। উল্লেখ্য যে, যে সামরিক শাসকের বিরুদ্ধে বঙ্গবন্ধু আজীবন লড়াকু ছিলেন আজ তারই প্রতিষ্ঠিত বাংলাদেশে যে স্বৈরশাসক জিয়াউর রহমান এবং তার অনুসারীরা তাকে খুন করে ফের এই দেশে স্বৈরশাসন কায়েম করেছে। সেই স্বৈরশাসন এক নাগাড়ে দীর্ঘ ২১ বছর বাঙালীর কাঁধের উপর চেপে বসেছে। আপাতদৃষ্টিতে ২১ বছর পর স্বৈরশাসকের বিদায় দিয়ে শেখ হাসিনার নেতৃত্বে প্রথম একটি গণতান্ত্রিক সরকার ক্ষমতায় আসলেও সারা বাংলাদেশের প্রশাসন, আমলাতন্ত্র, স্বায়ত্বশাসিত, সরকারি, আধাসরকারি এমনকি গ্রামের চৌকিদার আর স্কুলের দফতরি পর্যন্ত স্বৈরশাসকের নিয়ন্ত্রণে পরিচালিত হত। তাদের সাথে যুক্ত রয়েছেন স্বাধীনতা বিরোধী আল-বদর, রাজাকার, যুদ্ধাপরাধী, কিছু সামরিক-বেসামরিক আমলা, কিছু দ্বিতীয়, তৃতীয় শ্রেণীর রাজ-নীতিবিদ যারা জীবনে কোন দিন ভোটে জিততে পারেনা এবং যাদের সংসদে প্রতিনিধিত্ব করার সুযোগ জীবনেও আসেনি ভবিষ্যতেও আসার সম্ভাবনা মোটেই নাই এসব চরিত্রের লোকজন। বর্তমান স্বৈরচারের আবহে জন্ম নেয়া-কিছু সুবিধাভোগী, কিছু উচ্ছিষ্টভোগী বুদ্ধিজীবি, শিক্ষক, ডাক্তার, সাংবাদিক, অর্থনীতিবিদসহ আরও কিছু লোকজন আবারও বর্তমান সরকারের বিরোধিতা করে বলতে শুরু করেছে দেশে গণতন্ত্র নাই-সুশাসন নাই সুতরাং সরকার উৎখাত করে গণতন্ত্রের সংগ্রামে তারা অবতীর্ণ হয়েছেন।

বুদ্ধিজীবি এবং ষড়যন্ত্রকারীদের স্মরণ করিয়ে দিতে চায়-বাংলাদেশে যতদিন স্বৈরাচারী সামরিক শাসনের প্রভাব থাকবে এবং স্বৈরাচারীর সুবিধাভোগীরা এদেশে স্বক্রিয় থাকবে এবং দেশের বিরুদ্ধে, দেশের সরকারের বিরুদ্ধে, উন্নয়নের বিরুদ্ধে অবস্থান নিবেন, দেশের বিরুদ্ধে বিদেশী কুটনীতিকদের কাছে গিয়ে বলবেন। এমনকি নিজের পছন্দের দলকে ক্ষমতায় বসিয়ে দেয়ার জন্য বিদেশীদের কাছে গিয়ে দেহ দান করবেন। কোন কিছুতেই আপনাদের সফল হওয়ার সম্ভাবনা নেই, সেই তথাকথিত কাংখিত গণতন্ত্র প্রতিষ্ঠার স্বপ্ন। আর মনে রাখবেন একটি দেশে গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করতে হলে রাজনীতিবিদসহ দেশের সর্বস্তরের মানুষের মধ্যে শিষ্টাচার থাকতে হবে, একজন রাজনীতিবিদ অন্য রাজ-নীতিবিদদের সম্মান দেখাতে হবে, সম্মান দিয়ে কথা বলতে হবে। দেশের কিছু বিষয় আছে- এগুলো সত্য এবং মিমাংসিত বিষয়। এগুলো নিয়ে ধানাই ফানাই করার কোন সুযোগ নাই। বিএনপি গড়ানার বুদ্ধিজীবিরা, সুধীজনেরা ভালই করে জানেন-এসব বিষয়গুলো। কিন্তু সমস্যা হল আমার দেশের বুদ্ধিজীবিরা সত্য কথা, সত্য ইতিহাস বলতে জানেন না। তাদের সত্য বলার সাহস নাই তারা মনে করেন সত্য কথা বললে তাদের দলীয় নেত্রী অখুশী হবেন। সুতরাং নিজেদের ব্যক্তিত্ব (পারসোন্যালিটি) বিসর্জন দিয়ে অসর্গল মিথ্যা বলতে এবং অশিক্ষিত-অর্ধশিক্ষিত নেতার কাছে মাথা নোয়াতে তাদের বিবেকে বাঁধে না। যেমন দেশের মিমাংসিত বিষয়গুলো নিয়ে কারো বিতর্ক থাকা ঠিক নয়- এগুলোকে সব দল মেনে নিলে এবং পরস্পরের প্রতি সহনশীল থাকলে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে। পরস্পর যদি প্রতিহিংসা পরায়ন থাকেন- তাহলে কোন দিন এদেশে গণতন্ত্র কায়েম হবে না। বরং যেভাবে আছে এভাবে দেশ চলবে কারো যদি সাধ্য থাকে- সরকার উৎখাত করে পিছনের দরজা দিয়ে ক্ষমতা আসার তা হলে সেই চেষ্টা করুক!

যে কথা বলছিলাম-মুক্তিযুদ্ধে পরিচালিত হয়েছিল আওয়ামী লীগের নেতৃত্বে এবং সাড়ে সাত কোটি বাঙালীর এতে সমর্থন ছিল। বঙ্গবন্ধু এদেশের স্বাধীনতার স্বপ্ন পুরুষ তার নির্দেশে এদেশের মানুষ মুক্তিযুদ্ধে অংশ নিয়েছিল। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ছিল স্বাধীনতার ঘোষণা। জয়বাংলা-জয় বঙ্গবন্ধু ছিল মুক্তিযুদ্ধের শ্লোগান। স্বাধীন বাংলাদেশের প্রথম সংবিধান ৭২ এর সংবিধান। গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও জাতী-য়তাবাদ ছিল ৭২-এর সংবিধানের মূলনীতি। এসব বিষয়গুলো যদি কোন রাজনৈতিক দল বিশেষ করে বিএনপি যদি আওয়ামী লীগের সাথে ঐক্যমতে পৌছাতে পারে তবেই গণতন্ত্রের সুবাতাস বইবার সম্ভাবনা তৈরী হবে। বিএনপির নিজস্ব একটা স্ট্রাটেজী আছে, থাকতেই পারে-আর সেই স্ট্রাটেজী নিয়ে তারা দল চালাবে জন সমর্থন নিয়ে ক্ষমতাই আসবে এতে আমার কোন আপত্তির কারণ নেই। কিন্তু তারা কি করেছে রাজনীতির নামে! বিএনপির শীর্ষ নেতা খালেদা জিয়া থেকে গ্রাসরুট পর্যন্ত নেতাকর্মীরা জাতির পিতাকে সামাস্যতম শ্রদ্ধা করেনা- বঙ্গবন্ধুকে বঙ্গবন্ধু না বলে- বলে শেখ সাব। কত বড় অসভ্য হলে এভাবে একজন জাতির পিতাকে অসম্মান করতে পারে। জাতির পিতার মৃত্যুদিনে তাকে ন্যূনতম সম্মান না দেখিয়ে, তাদের নেত্রীর ভূয়া জন্মদিন বানিয়ে কেক কেটে জাতির শোক দিবসে বিএনপি জাতির পিতাকে নিয়ে উপহাস করে। বুদ্ধিজীবিরা এবার বলুন-আপনারা কোন দেশে, কার জন্য গণতন্ত্র কায়েমের কথা ভাবছেন? মিলিটারী ডিক্টেটর জিয়া বঙ্গবন্ধু'র খুনিদের বিদেশ পালাতে সাহায্য করেছিলেন। এমনকি খুনিদের দূতাবাসে চাকুরি দিয়ে পুরস্কৃত করেছেন এবং একই কাজ বেগম জিয়াও করেছেন- একধাপ বাড়িয়ে খুনিদের চাকুরি তো দিয়েছেন-ই আবার খুনিদের একজনকে ১৫ ফেব্রুয়ারীর নির্বাচনে অংশগ্রহণ করিয়ে সংসদে বিরোধী দলের নেতাও বানিয়েছিলেন।

গণতন্ত্রকামী বুদ্ধিজীবিদের বলছি '৭৫ এ বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের খুন করে এই খুনিদের দায়মুক্তি দেয়ার জন্য স্বৈরাচারী জিয়া সংবিধানে ইনডেমনিটি অর্ডিনেন্স জারি করে বিচারের পথ রুদ্ধ করে দিয়ে গেছেন এবং একই কাজ বেগম জিয়া ৯১ সালে ক্ষমতায় এসে তা বহাল রেখেছেন। তার স্থানে খুন করা বৈধ তাও আবার জাতির পিতাকে? কিভাবে আশা করেন এই খুনির দলকে দিয়ে গণতন্ত্র কায়েম করবেন? সেই বিএনপি দাবী করে জিয়া নাকি মুক্তিযোদ্ধা ছিল-যদি তাই হয় তাহলে জিয়া কিভাবে যুদ্ধাপরাধীদের দায়মুক্তি দেয় এবং কুখ্যাত যুদ্ধাপরাধী গোলাম আযমকে বাংলাদেশে ফিরিয়ে এনে রাজনীতি করার সুযোগ করে দেয়। কুখ্যাত রাজাকার শাহ্ আজিজকে স্বাধীন বাংলাদেশের চেতনাকে কলংকিত করার যে নগ্ন অপচেষ্টা চালিয়ে ছিল তা কিন্তু ক্ষমার অযোগ্য অপরাধ। ঠিক একই কায়দায় বেগম জিয়া প্রধানমন্ত্রী হয়ে কুখ্যাত রাজাকার আবদুর রহমান বিশ্বাসকে রাষ্ট্রপতি বানিয়ে, আর কুখ্যাত রাজাকার যুদ্ধাপরাধী সালাউদ্দিন কাদের চৌধুরীকে রাজনৈতিক উপদেষ্টা বানিয়ে মুক্তিযুদ্ধের চেতনার বাংলার সাথে যে ক্ষমার অযোগ্য অপরাধ করেছেন-আজ আবার তারাই এদেশে গণতন্ত্র কায়েম করবে? বিএনপি নিজের সমর্থ দলীয় চেতনা বিসর্জন দিয়ে জামাতের সাথে মিলে মিশে একাকার হয়ে এদেশে যুদ্ধাপরাধীদের মন্ত্রী বানিয়ে মুক্তিযুদ্ধের চেতনার সাথে যে রং তামাশায় একাকার হয়ে গেছেন-এটিকে আর কোন সভ্য স্বাধীন দেশ বলা যেতে পারে না। এমন অপরাধীর জন্য কোন বুদ্ধিজীবির তো কৈফিয়ত চাওয়ার মত দৃষ্টতা ছিলনা। শুধু তাই নয় বাংলাদেশকে তালেবানী রাষ্ট্র বানানো ছিল সময়ের ব্যাপার মাত্র। তালেবানী জঙ্গীরা রাজপথে অস্ত্র উচিয়ে ঢাকার রাজপথে প্রকাশ্য মিছিল করেছিল আমরা সবাই তালেবান-বংলা হবে আফগান। রাজশাহীর বাগমারার বাংলা ভাই প্রকাশ্যে আদালত বসিয়ে ভিন্ন মতাবলম্বীদের ধরে এনে ফাঁসিতে ঝুলিয়ে মারতেন এবং মেরে মাথা নিচের দিকে ঝুলিয়ে উপরে পা দু'টা গাছের সাথে বেঁধে রাখতো-খালেদা জিয়ার শাসনামলে। যুদ্ধাপরাধী ফাঁসীতে ঝুলিয়ে যার মৃত্যু নিশ্চিত হয়েছে-সে প্রকাশ্যে ধমকী দেয় এদেশের মানুষকে। '৭১ এ জামাত কোন যুদ্ধাপরাধ করেনি এই খালেদার মন্ত্রীসভার মন্ত্রী হয়ে। এভাবে বিএনপির আকাশ সমান অপরাধের তালিকা উপস্থাপন করা যাবে- যাতে প্রমানিত বিএনপি একটি সন্ত্রাসী রাজনৈতিক দল যে দলটি এদেশকে জঙ্গী তালেবানী রাষ্ট্র বানানোর সুদুর প্রসারি পরিকল্পনা নিয়ে রাষ্ট্র ক্ষমতায় এসেছিল। এদেশের দেশপ্রেমিক জনগণ এবং সেনাবাহিনী সেটা বুঝতে পেরে খালেদা জিয়া ও তার ছেলে তারেক জিয়াকে কারান্তরীন করে এবং মুচলেকা নিয়ে তারেক জিয়াকে দেশ থেকে বিতাড়িত করে।

২০০৮ এর সংসদ নির্বাচনে এদেশের জনগণ সব স্বরযন্ত্রের জাল প্রতিহত করে আবারও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে গণ রায় দিয়ে প্রধানমন্ত্রী বানিয়ে রাষ্ট্র ক্ষমতায় বসায় এবং সেই থেকে আজ ২০২০ সাল পর্যন্ত এদেশের জনগণ তাকে প্রধানমন্ত্রীর আসনে বসিয়ে একটি উন্নত সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন দেখছে। এসব আজ বিএনপি গড়ানার বুদ্ধিজীবিদের সহ্য হচ্ছে না। আজ তারা চোখে কোন উন্নয়নও দেখছে না। তাই তারা আবার এদেশে সন্ত্রাস, জঙ্গীবাদ, মানুষ খুন, রাষ্ট্রীয় সম্পদ লুটপাটের জন্য এদেশকে ব্যার্থ রাষ্ট্র বানানোর জন্য বিএনপিকে ক্ষমতায় বসিয়ে তথাকথিত গণতন্ত্র কায়েমের দিবা স্বপ্ন দেখছেন। দেশ বিরোধী এসব গণতন্ত্রকামী বুদ্ধিজীবিদেরও বিচারের কাঠগড়ায় দাঁড় করানো দরকার দেশ বিরোধী ষড়যন্ত্রের জন্য।

লেখক: সহ সভাপতি, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ

গণতন্ত্রকামী বুদ্ধিজীবিদের বলছি '৭৫ এ বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের খুন করে এই খুনিদের দায়মুক্তি দেয়ার জন্য স্বৈরাচারী জিয়া সংবিধানে ইনডেমনিটি অর্ডিনেন্স জারি করে বিচারের পথ রুদ্ধ করে দিয়ে গেছেন এবং একই কাজ বেগম জিয়া ৯১ সালে ক্ষমতায় এসে তা বহাল রেখেছেন। তার স্থানে খুন করা বৈধ তাও আবার জাতির পিতাকে? কিভাবে আশা করেন এই খুনির দলকে দিয়ে গণতন্ত্র কায়েম করবেন?

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
686 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

বাংলাদেশ-ভারত সম্পর্ক এবং বিক্রম কুমারের দৌড়ঝাঁপ



মতিউর রহমান চৌধুরী

বিক্রম কুমার দোরাইস্বামী। ঢাকায় ভারতের ১৭তম হাইকমিশনার। প্রথম হাইকমিশনার ছিলেন সুবিমল দত্ত। এরমধ্যে বেশির ভাগ হাইকমিশনারই ছিলেন পেশাদার কূটনীতিক। অনেকেই ছিলেন আলোচিত। কেউ কেউ ছকবঁাধা দায়িত্ব পালন করে গেছেন। কাকতালীয় কিনা জানি না। ঢাকায় দায়িত্ব পালনের পর দেশে ফিরে অনেকেই পররাষ্ট্র সচিব বা সমমর্যাদার দায়িত্ব পেয়েছেন।

বলাবলি আছে, ঢাকা হচ্ছে ভারতীয় পররাষ্ট্র সেবার কর্মকর্তাদের জন্য একটি উচ্চ মর্যাদার পোস্টিং। বিক্রম কুমার দোরাইস্বামী ঢাকায় এসেছেন ভূ-রাজনীতির এক টালমাটাল সময়ে। নানা চ্যালেঞ্জ তার সামনে। একদিকে ঢাকায় চীনের সরব উপস্থিতি। অন্যদিকে ভারতের কাছে বাংলাদেশের মানুষের প্রত্যাশা আর প্রাপ্তির বিস্তর ফারাক। নানা টানাপড়েনও দু'দেশের সম্পর্কে ছায়া ফেলেছে। পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলার সামপ্রতিক ঢাকা সফর দু'দেশের সম্পর্ক উন্নয়নে তেমন একটা ভূমিকা রাখেনি। বিশেষ করে চীনকে হটিয়ে ভারতের একচ্ছত্র অবস্থান নিশ্চিত করা যায়নি। ভারতের শাসক দলের নেতারা চীনের উপস্থিতিকে সন্দেহের চোখেই দেখেন। নাগরিকত্ব আইন পাসের পর সম্পর্কের দেয়াল তৈরি হয়। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার অবস্থান খোলাসা করেন। বলেন, এই আইন দু'দেশের সম্পর্ক উন্নয়নে কাঁটা। মুসলিমদের প্রতি ভারতের অসহিষ্ণুতা এবং কীটপতঙ্গ বলে বাংলাদেশিদের বিজেপি'র উপহাস করাকে ঢাকা ভালোভাবে নেয়নি। এর প্রতিফলন ঘটেছে নানাভাবে। হর্ষবর্ধন শ্রিংলা একসময় ঢাকায় ভারতের জনপ্রিয় হাইকমিশনার ছিলেন। সবার সঙ্গে তার যোগাযোগ ছিল নিবিড়। কিন্তু তার সর্বশেষ ঢাকা সফর ঘিরে কিছু ঘটনা মিডিয়ায় আসে। কোনো পক্ষ থেকেই এর কোনো প্রতিবাদ করা হয়নি। ভারতও ভাবতে থাকে বিকল্প নিয়ে। রীভা গাঙ্গুলী দাশ তখন হাইকমিশনার। রুটিন কাজ শেষে দেশে ফিরে গেছেন। অনেকটা নাটকীয়ভাবে বিক্রম কুমার দোরাইস্বামীকে হাইকমিশনার নিযুক্ত করে দিল্লি। অত্যন্ত স্মার্ট, দক্ষ, নানা ভাষায় পারদর্শী, বিশেষ করে চীনা ভাষা রপ্ত করেছেন ঈর্ষণীয়ভাবে। চার বছর চীনে ভারতীয় দূতাবাসে কর্মরত ছিলেন। ফরাসি ও কোরিয়ান ভাষায় পারদর্শী বিক্রম কুমার গৎবাঁধা কূটনৈতিক দায়িত্ব পালনে বিশ্বাসী নন। বাংলা শিখতে শুরু করেছেন। ক'দিন পর দেখা যাবে চমৎকার বাংলা বলছেন। ঢাকায় এসেই উল্কা গতিতে ছুটছেন তিনি। লক্ষ্য বাংলাদেশের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক এবং আরো উন্নত করা। চীনকে দূরে রাখাও অন্যতম উদ্দেশ্য। পেশাদার এই কূটনীতিক জানার চেষ্টা করছেন- কেন বাংলাদেশের জনগণ ভারতকে সন্দেহের চোখে দেখে। সীমান্তে মানুষ হত্যা, তিস্তার পানিবণ্টন চুক্তি না হওয়াটাই কি এর প্রধান কারণ? নাকি বাংলাদেশের উন্নয়ন প্রক্রিয়ায় ভারতকে টপকে চীনের অবস্থান সুদৃঢ় হওয়া? চীনা



প্রেসিডেন্ট শি জিনপিংয়ের ঢাকা সফরের পর এই অঞ্চলে অনেক কিছুই বদলে যায়। ২৪ বিলিয়ন ডলার ঋণ সহযোগিতা ঘোষণা করেন চীনা প্রেসিডেন্ট। এটা ছিল বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বড় ক্রেডিট লাইন। আলোচনার কেন্দ্রবিন্দুতে পৌঁছে যায় উন্নয়ন। বাংলাদেশও তার প্রয়োজনে উন্নয়নকে অগ্রাধিকার দিতে শুরু করে। এতে দিল্লির সাউথ ব্লকে একধরনের হতাশা তৈরি হয়। সন্দেহ আর অবিশ্বাস দানা বাঁধতে থাকে। পরিণতিতে দু'দেশের নির্ধারিত বৈঠক বাতিল হয়ে যায়। এরমধ্যে পাকিস্তানের হাইকমিশনার ইমরান আহমেদ সিদ্দিকী নীরবে পৌঁছে যান ঢাকার বিদেশমন্ত্রীর বৈঠকখানায়। খবরটি চাউর হয় বিদেশি বার্তা সংস্থার মাধ্যমে। এর আগে অবশ্য পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ফোন করেন। এই ফোনালাপ নিয়ে ভারতীয় মিডিয়া সমালোচনামুখর ছিল বেশ ক'দিন। এসব ঘটনায় সংশয় আরো দানা বাঁধতে থাকে। তখন বলা হয়, নিশ্চয় এর পেছনে চীনের হাত রয়েছে। এই প্রেক্ষাপটেই দোরাইস্বামী ঢাকায় এসে নিজের উপস্থিতি জানান দেন। ১০ই ডিসেম্বর প্রধানমন্ত্রীর সাক্ষাৎ পান। এর আগে অবশ্য পাকিস্তানের হাইকমিশনার প্রধানমন্ত্রীর সাক্ষাৎ পেয়ে যান। অনেকদিন যাবৎ তিনি ডাকের অপেক্ষায় ছিলেন।

দীর্ঘকাল কূটনৈতিক রিপোর্টার ছিলাম। এখনো খোঁজখবর রাখি। কখনও ঢাকার মাটিতে এভাবে ভারত-চীনের কূটনৈতিক লড়াই দেখিনি। একসময় চীন শুধু উন্নয়ন নিয়েই ব্যস্ত ছিল। এখন কৌশল পরিবর্তন করে রাজনীতিতেও প্রবেশ করেছে। দক্ষিণ এশিয়ার দেশে দেশে রাজনীতি নিয়েও খেলছে চীন। ২০১৮ সনের নির্বাচনে একক প্লেয়ার হিসেবে চীনের আবির্ভাব ছিল উল্লেখযোগ্য ঘটনা। দূর থেকে ভারতের দাঁড়িয়ে দেখা ছাড়া আর কিছুই করার ছিল না। ঢাকায় ভারতের মিত্ররা তখন হতাশায় ডুবে যান। ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন জোট সব হারিয়ে নিজেদের মধ্যে লড়াইয়ে লিপ্ত হয়। সময় যত গড়াতে থাকে তখন ইন্দো-প্যাসিফিক অঞ্চলে তৎপরতা দৃশ্যমান হয়। যদিও ভারত-আমেরিকার এই খেলা থেকে বাংলাদেশ নিজেকে দূরে রাখার চেষ্টা করে। কিন্তু পরাশক্তিগুলো বাংলাদেশকে তোয়াজ করতে শুরু করে অব্যাহতভাবে। ভারতীয় বিশ্লেষক সি রাজামোহন বলেছেন, সামপ্রতিক বছরগুলোতে ভারতের অর্থনীতির মন্থর গতি দেখে উদ্বিগ্ন হওয়াটা অস্বাভাবিক নয়। কিন্তু ঢাকার সন্তোষজনক অর্থনৈতিক অগ্রগতির বিষয়টি নিয়ে আক্রমণ করার ক্ষেত্রে ভারত একটা দিক বেমালুম ভুলে গেছে। আর সেটা হলো, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের কৌশলগত ফলাফল। এই যখন অবস্থা, তখন মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক কূটনীতি চাঙ্গা করার উদ্যোগ নেয়। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী এসময় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করেন। এসব তৎপরতার অন্যতম লক্ষ্য ছিল, বাংলাদেশ থেকে চীনকে হটানো। ওয়াশিংটনে দৃশ্যপট বদল হয়ে যাওয়ায় ফের দুশ্চিন্তা বেড়েছে ভারতের। ভারত-চীন সীমান্তে গুলির লড়াই যখন তীব্র তখন ঢাকার ভূমিকা ছিল একদম নিরপেক্ষ। এটাও দিল্লিকে হতাশ করে। সিলেট ওসমানী বিমানবন্দরের উন্নয়ন, তিস্তা প্রকল্পে চীনের অর্থায়নকে ঢাকা দখলের কৌশল হিসেবেই দেখতে থাকে দিল্লি। বাংলাদেশে হাজারখানেক পণ্যের শুল্কমুক্ত সুবিধা ঘোষণার ফলে নতুন বার্তা দেয়ার চেষ্টা করে বেইজিং। এর ফলে অভিজ্ঞ ঝানু কূটনীতিক বিক্রম কুমার দোরাইস্বামীর জন্য কাজটি কঠিন হয়ে যায়। যদিও চীনা ভ্যাকসিনকে ঢাকায় আসতে না দিয়ে প্রাথমিক সাফল্য পেয়ে গেছেন। এখন যুক্তরাজ্যের ভ্যাকসিন ভারত হয়ে ঢাকা আসছে। প্রায় একই সময় চীনের প্রতিরক্ষামন্ত্রীর প্রস্তাবিত ঢাকা সফর স্থগিতের ঘটনা নতুন এক বার্তা দেয়। বিক্রম কুমার দোরাইস্বামীর অব্যাহত কূটনৈতিক তৎপরতা নজিরবিহীন। মেলামেশা করছেন সব মতের মানুষের সঙ্গে। কখনও নৈশভোজে, কখনও টি-পার্টিতে। খুঁজে বের করার চেষ্টা করছেন কেন ঢাকার মানুষজন দিল্লির প্রতি বিরক্ত? একমাত্র ৭১ কার্ড যে সবসময় কার্যকর থাকবে এটা নিয়ে সাউথ ব্লকেই ভিন্ন মত স্পষ্ট। চীনকে ঠেকাতে গিয়ে তারা যে ঢাকাকে হারাতে বসেছে এটার ওপর নজর রাখছেন বিক্রম কুমার। সামপ্রতিক এক নৈশভোজে তিনি দীর্ঘ সময় শুনেছেন ঢাকা-দিল্লি সম্পর্কের অতীত, বর্তমান। এই নৈশভোজে বাংলাদেশের নির্বাচনে সুজাতা সিং-এর ভূমিকা এসেছিল আলোচনায়। অতিথিরা এক বাক্যে বলেছেন, তৎকালীন পররাষ্ট্র সচিব সুজাতা সিং নির্বাচন নিয়ে যেভাবে একরোখা ভূমিকা রেখেছিলেন তা ছিল সম্পূর্ণ অকূটনৈতিক। বিপুল সংখ্যক মানুষ তখন গণতান্ত্রিক ভারতকে দেখতে শুরু করে অন্যভাবে। বিক্রম কুমার এসব আলোচনা শুনেছেন দারুণ আগ্রহ নিয়ে। তৃতীয় একটি দেশের নির্বাচন নিয়ে প্রকাশ্যে একজন কূটনীতিকের এমন ভূমিকা কাম্য নয় এটা বলার মধ্য দিয়ে আলোচনা অন্যদিকে মোড় নেয়। প্রশ্ন হচ্ছে, বিক্রম কুমার কি চেনা পথেই হাঁটছেন? তিনি এখনো এক ঝুড়িতে সব আম রাখার নীতি থেকে পুরোপুরি সরে এসেছেন- এমনটা দৃশ্যমান নয়। বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় সম্পর্কের মধ্যে চীনের অবস্থান এখন মুখ্য আলোচনায়। যদিও আন্তর্জাতিক বিশ্লেষকরা বলছেন, এটা একধরনের হাইপ সৃষ্টির প্রয়াস। প্রতিবেশী দুই দেশের সম্পর্কে টানাপড়েন থাকতেই পারে। এটা নতুন কোনো ঘটনা নয়। বীণা সিক্রি যখন ঢাকায় হাইকমিশনার তখন দু'দেশের সম্পর্ক চলে গিয়েছিল একদম তলানীতে। পিনাক রঞ্জন চক্রবর্তী এসে মোড় ঘুরিয়ে দিয়ে গিয়েছিলেন। যাই হোক, দু'দেশের সম্পর্ক শুধু আবেগ দিয়ে যাচাই করা ঠিক হবে না। দেনা-পাওনার বিষয়টা তো থাকেই। শুধু বন্ধুত্ব নয়, অনেক সময় উন্নয়ন ছাপিয়ে যায় সবকিছু। মনে রাখতে হবে, আবেগের মূল্য দিতে গিয়ে কেউ নিজের পায়ে নিজে কুড়াল মারবে না।

চারিদিকে চরম উদ্বেগ-উৎকণ্ঠা

(শেষের পাতার পর)

লেখক-সাংবাদিক ফাহিম রেজা নুরও করেনা সংক্রমিত পরবর্তী সুস্থ্যতার পথে আবারো নানা শারীরিক সমস্যায় হাসপাতালে ভর্তি হয়েছে।

জানা গেছে, ইতিপূর্বে পা ভাঙ্গাসহ শারীরিক সমস্যার কারণে নিয়মিত চেকআপ করাতে শনিবার সকালে সাপ্তাহিক ঠিকানা'র প্রধান সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান কুইন্স জেনারেল হাসপাতালে যান। সেখানে চেক আপ শেষে ফেরার পথে হাসপাতালের পার্কিং লটে আকস্মাৎ অসুস্থ হয়ে পড়েন। সাথে সাথে অ্যাম্বুলেন্স ডেকে তাকে জরুরী বিভাকে নিয়ে যাওয়া হয় এবং পুনরায় তার চেকআপ করা হয়। বেলা ২টা১৬ মিনিটে চিকিৎসকরা জানান, তিনি উপসর্গহীন কোভিড ১৯ পজেটিভ (করোনায় সংক্রমিত) হয়েছেন। পরর্তীতে তাকে এন্টি বডি ইনজেকশন দিয়ে বাসায় পাঠিয়ে দেয়া হয়েছে। তিনি শনিবার রাত ১১টার দিকে বাসায় ফিরেন বলে জনাব মুহাম্মদ ফজলুর রহমান জানান এবং সবার দোয়া কামনা করেন।

কোভিড-১৯ পজেটিভের খবর পাওয়ার পর মুহাম্মদ ফজলুর রহমান তার ফেসবুক স্ট্যাটাসে লিখেন- 'এই মাত্র ২ট ১৬ মিনিটে ডাক্তার জানালেন আমি উপসর্গহীন কোভিড ১৯পজিটিভ। আশা রাখি ফিরে আসবো। বয়স এবং বহুবিধ পরিস্থিতি বিবেচনায় যদি হেরেই যাই, তবে জীবনে চলার পথে যারা আমার আচরণে, বচনে দুঃখ পেয়েছেন কষ্ট পেয়েছেন তারা ক্ষমা করে দেবেন। তবে সবাই প্রার্থনা করবেন যেন এ যুদ্ধে জয়ী হতে পারি।'



সস্ত্রীক করোনা আক্রান্ত তাজুল ইমাম

চিত্রকর তাজুল ইমাম শনিবার (২ জানুয়ারী) তার ফেসবুক স্ট্যাটাসে লিখেছেন- 'সামাজিক দায়বদ্ধতা ও কর্তব্য বোধ থেকে সবাইকে জানিয়ে দিচ্ছি আমি ও আমার স্ত্রী স্বপ্না আমরা দুজনেই সম্প্রতি করোনা সংক্রমিত। সংক্রমনটি যিনি দিয়েছেন তিনি গোপন করেছিলেন তার পরিবারের সদস্যের সংক্রমন। এই হঠকারি, দায়িত্বজ্ঞানহিন আচরণের জন্য না জানি কত মানুষ সংক্রমিত হয়েছে। তিনি জেনে শুনে পাবলিক ট্রান্সপোর্টেশনে চলাফেরা করেছেন। আমি জানি অনেকেই অবজ্ঞা প্রসুত গোঁয়ার্তুমি করে এরকম মেলামেশার মাধ্যমে রোগ ছড়াচ্ছেন। এটা নিতান্তই নির্বুদ্ধিতা ও আহাম্মুকি। এদের হঠকারি চলাফেরার জন্য অনেক অসহায় মৃত্যু ঘটবে এবং জেনে বুঝে যারা রোগ সংক্রমন গোপন করে সামাজিক মেলামেশা করছেন তারা পরোক্ষ ভাবে মানুষ খুনের দায়ভার তুলে নিচ্ছেন। অতএব বন্ধ করুন এই নিষ্ঠুর আচরণ।'

বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক সিনিয়র সহ সভাপতি, কমিউনিটির পরিচিত মুখ, বীর মুক্তিযাদ্ধা কাজী আজাহারুল হক মিলন অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন আছেন। তিনি তার আশু রোগ মুক্তির জন্য সবার দোয়া কামনা করবেন।

সাংবাদিক ইব্রাহীম চৌধুরী খোকন তার ফেসবুক স্ট্যাটাসে শনিবার লিখেছেন- 'পাঁচ দিনের মাথায় মেয়ের জিজ্ঞাসা, টেস্ট এবং স্মেল ঠিক আছে বাবা ?

হ্যাঁ একদম। কোন পার্থক্য দেখছি না। ঠিকই খাওয়া দাওয়া করছি। খিদেও লাগছে কিছুক্ষণ পরপর, যেমন সব সময় আমি ক্ষুধার্তই থাকি! খেলেও থাকি, না খেলেও থাকি।

ঃ টেস্ট এবং স্মেল কাকে বলে, জানো তুমি?

জটিল প্রশ্ন! মনে পড়লো, আমার মা একসময় খাঁটি সিলেটি ভাষায় উপাধিটা চালু রেখেছিলেন, 'বেহবদর জাত'!

ঃ কেমনে পরীক্ষা করি?

ঃ পারফিউমের শিশি নাও।

ঃ নিলাম।

ঃ প্রেস করে দেখো, স্মেল পাওয়া যায় কি না।

বার কয়েক প্রেস করলাম এবং এক পর্যায়ে হাত থেকে শিশিটি পড়েও গেলো। মোচড় দিয়ে স্প্রে করার স্থানটি ভেঙ্গেও দিলাম। পরে 'বুদ্ধি করে' শিশিটি গার্ভেজ করে দিলাম। এমন কাজের প্রমাণ রাখতে নেই। আইসলেশনে থাকা রুমে স্মেলের কোন পার্থক্য আসলো বলে মনে হলো না। আসলেও এসব নোটিশ করার জ্ঞান আমার নেই, টের পেলাম।

ঃ টেস্ট?

ঃ সাতকরা আর বিফ দেয়া আছে। খেয়ে দেখো। টেস্ট ঠিক আছে কি না?

অন্যের বাসায় খেলে আমি খাওয়া শেষ হওয়ার আগেই বলি, দারুণ টেস্ট হয়েছে। অনেকদিন এমন জিনিস খাইনি- এসব বলে কতদিন কতো বিড়ম্বনায় পড়েছি!

ঘরের সব খাবার সব দিনই আমার এক লাগে। মিক্স করে দেয়া খাবার মোটামোটি দ্রুত গলায় চালান দেই। টেস্ট থাকে জিহবার একদম সামনের দিকে। গলাধঃকরণের সময় জিহবাকে বাইপাস করে সময় বাঁচাই।

ঃ সাতকরা সহ বিফ আর সাতকরা ছাড়া বিফ আছে। আলাদা আলাদা খেয়ে দেখো।

ঃ দেখেছি। দুটোই সমান টেস্ট হয়েছে। হবে না! এমন রান্না ক'জন জানে!

দুর্বল সময় সেরা ব্যবহারে থাকতে হয়। তাই করি।

ঃ স্টুপিড! শব্দটি অস্ফুটে কয়েক দফা উচ্চারিত হয়।

বাসায় স্ত্রী, পুত্র, কন্যা এবং আমার শাশুড়ির বসবাস। সবাই সুস্থ আছেন।


কার মুখ থেকে শব্দটি বেরুচ্ছে, টাহর করতে পারি না। অনেকটা সমবেত উচ্চারণের মতো কানে ভাসছে!

শব্দটি আমাদের ঘরে নানা সময় এমনিতেই উচ্চারিত হয়। নানাভাবে। নানা ব্যঞ্জনায়!'

এদিকে নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি ডা. ওয়াজেদ এ খান ও সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসাম এক বিবৃতিতে সাপ্তাহিক ঠিকানা'র প্রধান সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান এবং প্রথম আলোর আবাসিক প্রতিনিধি ও প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন সহ করোনায় আক্রান্তদের আশু রোগমুক্তি কামনা করেছেন। এছাড়াও যারা করোনায় আক্রান্ত হয়ে ইন্দেকাল করেছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**


● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

দেওয়ানবাগী পীরের সাথে আমার ছোহবত



আনোয়ার হোসেইন মঞ্জু

ধর্ম যে লাভজনক ব্যবসায়ের বড় পন্য হতে পারে দেওয়ানবাগীর পীর তা প্রমাণ করে অবশেষে মারা গেছেন। পীর-ফকিরীতে আমার কোনো বিশ্বাস নেই। দেওয়ানবাগীর পীরের প্রতিও আমার কোনো বিশ্বাস ছিল না। তা সত্বেও এই একজন পীরকেই ব্যক্তিগতভাবে জানার সুযোগ হয়েছিল। তার সাথে যে আমার শুধু পরিচয় ছিল তা নয় বলা যায়, একটি সময় পর্যন্ত তার সাথে আমার কিছু সখ্যও ছিল। শেখ সা'দীর একটি বয়েত আছে, "ছোহবতে সালে তোরা সালে কুনাদ, ছোহবতে তালে তোরা তালে কুনাদ" (সৎসঙ্গে স্বর্গবাস, অসৎসঙ্গে সর্বনাশ)। কিন্তু তার ছোহবতে আমার মধ্যে কোনো আছর হয়নি এবং আমি অসৎ হইনি। তখন তিনি পীর হয়ে ওঠেননি। আমি তার জাহেরি বিষয়ের কিছু জানি, বাতেনি বিয়য়ে কিছুই জানি না। আলাহ আমাকে কারও বাতেনি বিষয়ে জ্ঞান দিয়ে সমৃদ্ধ করেননি। আমার যতটুকু দুনিয়ারি এলেম আছে তাতে মনে হয়েছে তিনি ধর্মকে নিজ স্বার্থে ব্যবহার করে মানুষকে বিভ্রান্ড় করেছেন। আলাহ তার পাপের কী শাস্তি দেবেন তা পুরোপুরি তাঁর এখতিয়ার। বহু মানুষের মৃত্যুতে অভ্যাসবশত আমি তাদের পরকালীন শান্তি কামনা করি, জান্নাতুল ফিরদাউসে স্থান দেয়ার জন্য দোয়া করি। তার মৃত্যু খবর জানার পর আমি তার জন্য সে দোয়াও করিনি। আমার দোয়ায় কখনও কোনো কাজ হতে দেখিনি। অন্য কারও দোয়ায় কাজ হয় কিনা জানি না। এক খ্যাতিমান উর্দু কবি লিখেছেন: "গর আছর হ্যায় দোয়া মে মসজিদ হিলা কে দিখা/গর নাহি, তো দো ঘুঁট পি, আউর মসজিদ কো হিলতা দেখ" (দোয়ার যদি এতই ক্ষমতা থাকে, তাহলে মসজিদটা কাঁপিয়ে দেখাও/আর যদি না থাকে, তাহলে দুই চুমুক মদ পান করো এবং মসজিদকে কাঁপতে দেখো)।

ইসলাম সম্পর্কে মানুষকে গোমরাহ বা পথভ্রষ্ট করার পাপ ক্ষমাযোগ্য কিনা তাও জানি না। বহু মানুষকে তিনি গোমরাহ করেছেন। এজন্য তাকে এককভাবে দোষ দিয়েই বা কী লাভ। মানুষ বিভ্রান্ত হয় কেন? মূর্খ মানুষজন বিভ্রান্ত হতে পারে, শিক্ষিত লোকজন কেন হবো? কেউ বিভ্রান্ত হতে চাইলে আল্লাহরই কী দোষ! করেছেন। কোরআনে বলা হয়েছে, "আল্লাহ যাকে গোমরাহ করেন, তার জন্য তুমি কোনো অভিভাবক বা পথ প্রদর্শনকারী পাবে না" (সুরা আরাফ: ১৭৮)। আরেক স্থানে আছে, "আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তাকে আর সঠিক পথে পরিচালিত করেন না। এ ধরনের লোকদের কেউ সাহায্য করতে পারেন না" (সুরা নাহল: ৩৭)। এ সংক্রান্ড়একটি হাদিসও রয়েছে, যেখানে নবী মুহাম্মদ (সা:) বলেছেন, "আল্লাহ যাকে হেদায়াত দেন তাকে কেউ পথভ্রষ্ট করতে পারে না। আর আল্লাহ যাকে বিভ্রান্ত করেন তাকে কেউ পথ দেখাতে পারে না" (মুসনাদে আহমাদ)। "আল্লাহর নিয়ম হলো, যারা তাদের বিবেককে কাজে লাগিয়ে, বুদ্ধি প্রয়োগ করে কাজ করে না, আল্লাহ তাদের ওপর অপবিত্রতা চাপিয়ে দেন" (সুরা ইউনুস: ১০০)। কোরআনে আরও বলা হয়েছে: "এ কথা সত্য যে, এমন অনেক জিন ও মানুষ আছে যাদেরকে আমি জাহান্নামের জন্যই সৃষ্টি করেছি। কারণ তাদের হৃদয় ও আত্মা আছে, যা দিয়ে তারা আল্লাহর নিদর্শন সম্পর্কে চিন্তাভাবনা করে না। তাদের চোখ আছে, কিন্তু তারা দেখে না। তাদের কান আছে, কিন্তু তারা শোনে না। তারা পশুর মতো বরং তার চেয়েও নিকৃষ্ট। এরাই ওইসব লোক, যারা অজ্ঞতার মধ্যে পড়ে আছে," (আরাফ : ১৭৯)।

দেওয়ানবাগী পীর স্বয়ং গোমরাহ ছিলেন। ইসলাম সম্পর্কে তার জ্ঞান বা পড়াশোনা হাঁটু অবধি ছিল। বাংলাদেশ সেনাবাহিনীতে তিনি ধর্মীয় শিক্ষক হিসেবে ছিলেন এবং একই সময়ে তিনি ফরিদপুরের চন্দ্রপাড়ার পীর আবুল ফজল সুলতান আহমেদ চন্দ্রপুরীর জামাতা ছিলেন। তার আসল নাম মাহবুবে খোদা। তাঁর এক ভায়রা ভাই ছিলেন সেনাবাহিনীর পদস্থ অফিসার। আমার সঙ্গে যখন দেওয়ানবাগীর পীরের পরিচয় তখন তার ভায়রা ভাই একজন ব্রিগেডিয়ার। ঢাকায় চন্দ্রপাড়ার পীরের একটি ছোটখাট খানকাহ ছিল, সম্ভবত পরীবাগে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় আমার ঘনিষ্ট এক সহপাঠিকে অনার্স দ্বিতীয় বর্ষে হঠাৎ ধর্মকর্মে অতি মনোযোগী হয়ে ওঠতে দেখি। ক্লাসে নিয়মিত অনুপস্থিত থাকে। কিছুদিন পর তাকে দাড়ি দীর্ঘ হয়, কপালে সিজদার দাগ দৃশ্যমান হয়ে ওঠে। সে মৃদুভাষী ছিল। অনেক পীড়াপীড়ির পর বলে চন্দ্রপাড়ার খানকাহ'য় যায় সে। তার কাছেই চন্দ্রপাড়ার পীরের খাদেম মাহবুবে খোদার কথা প্রথম শুনি। আমাকেও সে আমন্ত্রণ জানায়। আমি কখনও যাইনি। কিন্তু সে পড়াশোনা ছেড়ে দিয়েছিল। সাবসিডিয়ারি পরীক্ষা দেয়নি, অতএব অনার্স পরীক্ষা দেয়ার প্রশ্ন আসে না। বিশ্ববিদ্যালয়ে আসাও ছেড়ে দিয়েছিল।



সত্তরের দশকের শেষ দিকে চন্দ্রপাড়ার পীর আবুল ফজল সুলতান আহমেদ ইন্তেকাল করেন। পীরালি সিলসিলায় পীরের মৃত্যুর পর তার পুত্রসন্তান থাকলে তিনিই হবেন গদীনসীন পীর। দুর্ভাগ্যক্রমে চন্দ্রপাড়ার পীরের পুত্র সন্তান, যিনি তার বৈধ উত্তরাধিকারি, তার বয়স ছিল কম এবং ব্রিগেডিয়ার দুলাভাইয়ের তত্বাবধানে ঢাকার কোনো স্কুলে ক্লাস এইটের ছাত্র। ওই বছর চন্দ্রপাড়ায় যে ওরশ মাহফিল অনুষ্ঠিত হয়, সেখানে মাহবুবে খোদা তার শ্বশুরের স্থলে নিজেকে পীর বলে দাবী করেন। কিন্তু সুলতান আহমেদ তাকে খেলাফত দিয়ে যাননি এবং তার মুরিদরা তাকে পীর হিসেবে মেনে না নেয়ায় উভয় পক্ষে সংঘর্ষ হয়। মৃত পীরের দরগাহ প্রাঙ্গণ যুদ্ধক্ষেত্রে পরিণত হয় এবং যুদ্ধে পরাজিত হয়ে মাহবুবে খোদা চন্দ্রপাড়া ত্যাগ করে আরামবাগে তার নিজস্ব খানকাহ স্থাপন করেন। এরপর তার পক্ষে আর কখনও চন্দ্রপাড়া যাওয়া সম্ভব হয়নি।

মাহবুবে খোদা জনসংযোগ ভালো বুঝতেন। শ্বশুরের মৃত্যুতে তার উত্তরাধিকারিত্বের পক্ষে যুক্তি দিয়ে তিনি সংবাদপত্রে নিয়মিত প্রেস বিজ্ঞপ্তি পাঠাতেন। যারা প্রেস বিজ্ঞপ্তি নিয়ে আসতেন আমি তাদের কাছে আমি আমার সহপাঠির কথা জানতে চাইলে তারা জানায় তিনি চন্দ্রপাড়া দরবারের পক্ষে ছিলেন এবং চন্দ্রপাড়ায় রয়েছেন। তারা মাহবুবে খোদাকে আমার কথা বলে থাকবেন। একদিন তাদেরই একজন আমাকে ফোন করে বলেন, 'বাবা' আপনার সাথে কথা বলতে চান। আমি তাদের 'বাবা' মাহবুবে খোদার সঙ্গে কথা বলি। তিনি আমাকে তার দরবারে আমন্ত্রণ জানান। আমি হা, বা না বলিনি। দেখি, ওদিক গেলে যাব,এ ধরনের কথা বলে তার সাথে কথা শেষ করি। আমি যখন বেড়ে ওঠি তখন আমাদেরএলাকায় তেমন কোনো পীরের অস্তিত্ব ছিল না। তবে এলাকায় কিছু লোক এনায়েতপুরের পীরের মুরিদ ছিল বলে শুনেছি। আমি যখন ক্লাস নাইনের ছাত্র তখন আমাদের গ্রামেই অর্ধেকটা মাটির নিচে দেবে থাকা এক প্রাচীন মসজিদ পুন:নির্মাণের উদ্যোগ নেয়া হয় এবং উদ্যোক্তারা শর্ষিনার পীর আবু জাফর মোহাম্মদ সালেহকে নিয়ে আসেন। তখন আইয়ুব বিরোধী আন্দোলন তুঙ্গে। দোকানপাটে, অফিসে ঝুলিয়ে রাখা আইয়ুব খানের ছবি নামানো ও আগুন ধরিয়ে দেয়া হচ্ছিল। শর্ষিনার পীর সাহেব আইয়ুব খানের সমর্থক ছিলেন। আমাকে কেউ শর্ষিনার পীর বিরোধী লিফলেট গছিয়ে দিয়েছিল, আমি সেগুলো সমাবেশে বিতরণ করেছি। গ্রামের মানুষ অতো সচেতন ছিল না। আমাকে কেউ কিছু বলেনি। সন্ধ্যার পর পীর সাহেবের বক্তৃতাও শুনেছি। যেহেতু বিকেলেই তার বিরুদ্ধে লিফলেট বিতরণ করেছি, অতএব তার কোনো কথাই ভালো লাগেনি। শর্ষিনার পীরই আমার দেখা প্রথম পীর। অনেক পরে আটরশির পীরের নামে আমাদের এলাকার মানুষকে পাগল হতে দেখি। দলে দলে লোক তার দরবারে যেতেন। কারণ, আটরশির পীর হাশমতুলাহ'র বাড়ি আমাদের পাশের গ্রাম পাকুরিয়ায়। হামশতউল্লাহ পাকিস্তান সরকারের কৃষি বিভাগে আমার আব্বার সহকর্মী ছিলেন এবং আব্বা তাকে ভালো মানুষ বলতেন। ফরিদপুরের এনায়েতপুরীর দরবারে তিনি নিয়মিত যাতায়াত করতেন এবং এনায়েতপুরীর কন্যা অথবা পীর সংশ্লিষ্ট কারও কন্যাকে বিয়ে করার পর পীরের মৃত্যুতে হাশমতুল্লাহ গদীনশীন হয়ে মোগল সম্রাটদের চেয়েও দীর্ঘ নাম "হযবত কেবলা জান, মহা ইমাম, মহা মুজাদ্দেদ, আখেরি মুরশিদ, বিশ্ব অলি, খাজাবাবা শাহ সুফি ফরিদপুরী (কু:ছে:আ:) ধারণ করেছিলেন। আল্লাহ ইশারায় তার পিতৃপ্রদত্ত প্রকৃত নাম 'হাশমতউল্লাহ' গায়েব হয়ে গিয়েছিল। তিনি আর কখনও তার জন্মস্থান শেরপুরে ফিরে যাননি। সম্ভবত এভাবেই পীরালি গড়ে ওঠে এবং পীরদের দরবার, মাজার ঘিরে এক ধরনের সমৃদ্ধ সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়। আবুল মনসুর আহমদের 'হুজুর কেবলা' পাঠ করার কারণেও পীরদের ব্যাপারে আমার মনে বিরূপ ধারণা ছিল এবং আছে।

আমি খুব বেশি সংখ্যক পীরের মাজার বা দরবার দেখিনি। দিল্লিতে নিজামুদ্দীন এলাকায় থাকার সময় নিজামুদ্দীন আউলিয়ার মাজারে গেছি, সেখানে কোনো দরবারী আমেজ নেই। বিকেলে গিয়ে কাওয়ালী শুনতাম সেখানে। কাছে তাবলীগ জামাতের মারকাজ, সেখানে প্রচুর ভিড়। মেহরুলিতে কুতুবুদ্দীন বখতিয়ার কাকীর মাজারে গেছি। সেটিও আড়ম্বরহীন। বাংলাদেশে শাহজালাল, শাহ পরানের মাজারে বেড়াতে গেছি। আমার কোনো মানত ছিল না। আমি কোনো সুতা বাঁধিনি, দানবাক্সে কোনো অর্থ দেইনি, মাদুলি ক্রয় করিনি বা তবারক গ্রহণ করিনি। মাজারে কী হয় তা দেখার কৌতুহল নিবারণ করা ছাড়া আর কোনো উদ্দেশ্য ছিল না। যাদের মাজারেই গেছি, কবরে শুয়ে থাকা পীরদের ভুলত্রুটি থাকলে তা মার্জনা করার জন্য আল্লাহর দরবারে দোয়া করেছি।

মাহবুবে খোদার সঙ্গীরা নাছোড়বান্দা হয়ে ওঠেছিলেন তাদের 'বাবা'র সাথে আমাকে দেখা করানোর জন্য। অবশেষে রাজী হলাম। তবে শর্ত জুড়ে দিলাম, তার সামনে ফ্লোরে বসবো না। বিদায় নেয়ার সময় তাকে সামনে রেখে পিছিয়ে আসতে পারব না। তারা বিব্রত হলেও বেশ কিছুদিন পর রাজী হলেন। আমি আমার সহকর্মী আজম মীরকে সাথে নিয়ে আরামবাগে মাহবুবে খোদার দরবারে যাই। তখনও 'দেওয়ানবাগী' বা 'সুফি সম্রাট' হয়ে ওঠেননি এবং 'বাবে রহমত'ও গড়ে ওঠেনি। আমরা পীরের দরবার কক্ষে প্রবেশ করি। ওই সময়ে ঢাকায় জনপ্রিয় স্যানিটারি ফিটিংস প্রস্তুতকারী প্রতিষ্ঠান নাজমা মেটাল এর মালিকের বাড়ির দোতলা পীরের দরবার। বাড়ি মালিক পীর ভক্ত মানুষ, কোনো ভাড়া নেন না। কক্ষে বেত দিয়ে তৈরি সিংহাসনতূল্য আসন ছাড়া আর কিছু নেই। আমাদের দু'জনের জন্য দুটি চেয়ার এনে দেয়া হলো। পীর সাহেব আসলেন, আমরা হাত মেলালাম। বেশ হাসিখুশি মানুষ। নানা বিষয়ে কথাবার্তা বললাম আমরা। একসময় চা-নাশতা পরিবেশন করা হলো। তার প্লেট, গ্লাস, চামচ সবই সুদৃশ্য, মূল্যবান। আমাদেরগুলো সাধারণ। এর মধ্যে কিছু তরুণ এলো। এসেই 'বাবা'র নূরানি চেহারা দেখে বেহুশ হওয়ার উপক্রম করলে দু'একজন তাদেরকে সামলালো। কেউ দ্বিতীয়বার মাথা তোলার সাহস করলো না। তারা মাথা নিচু করে মেঝের ওপর বসে থাকলো এবং 'বাবা' তাদের জন্য দোয়া পড়ে দূর থেকে ফুঁ দেয়ার পর তারা হাত জোড় করে পায়ে পায়ে পিছিয়ে বের হয়ে গেল। আমরা আরও কিছু সময় পীরের সান্নিধ্যে কাটিয়ে চলে আসি। কিন্তু পীর যত বড় হয়ে ওঠতে থাকেন, যন্ত্রণা বাড়তে থাকে। সব অনুষ্ঠানে দাওয়াত দিতে আসেন পীরের খাস ভক্ত চঞ্চল ও পীরের জামাতা সাইদুর। কখনও পীর সাহেবও ফোন করে বিশেষভাবে বলেন। দু'একটা অনুষ্ঠানে গেছি, তাও শুধু খাওয়ার সময়। না গেলে অফিসে খাবার পাঠিয়ে দিতেন। মুরিদ সংখ্যা বেড়ে চলায় পীর সাহেব নারায়ণগঞ্জের দেওয়ানবাগে একটি জায়গা কিনেন। একবার তার খাদেমরা ধরেন দেওয়ানবাগে ওরশে যেতে। আরও সাংবাদিক যাবেন। প্রেসক্লাব থেকে একটি মাইক্রোবাসে আমাদের নিয়ে যাওয়া হয়। যারা গিয়েছিল সবার কথা মনে না থাকলেও যুগান্তরের মরহুম বার্তা সম্পাদক আহমেদ ফারুক হাসানের কথা মনে আছে। পীর সাহেব ইতোমধ্যে দেওয়ানবাগী হয়ে উঠেছেন। আমরা পৌঁছে দেখলাম পীর সাহেব আয়োজন পরিদর্শন করছেন। কেউ কেউ তাকে সামনে দেখে চিৎকার করে মাটিতে পড়ে যাচ্ছে। অন্যেরা তার সাথে দৃষ্টি এড়ানোর জন্য মাটির দিকে তাকিয়ে আছে। খাওয়ার সময় আমাদেরকে তাঁর দরবার কক্ষে নেয়া হলো। অনেক গণ্যমান্য লোক। দেওয়ানবাগীর পীর সিংহাসনে সমাসীন। আমরা কয়েকজন ছাড়া সকলের মাথা ও দৃষ্টি অবনত।

অল্প কিছুদিন পর জানা গেল দেওয়ানবাগে পীরের বড় সড় আস্তানা গড়ে তোলার জন্য আশপাশের জমির মালিকদের চাপ দেয়া হচ্ছে জমি বিক্রয়ের জন্য। তা না হলে জমি দখল করে নেয়ার হুমকিও দেয়া হচ্ছিল বলে অভিযোগ আসতে থাকে। মোজাফফর ন্যাপের একটি গবেষণা প্রতিষ্ঠান ছিল সেখানে। তারাও পীরের বিরুদ্ধে জমি জবরদখলের অভিযোগ আনে। এভাবে অনেকদিন চলে। শেষ পর্যন্ত কি হয়েছিল জানি না। দেওয়ানবাগের পীরের সাথে আমার শেষ সাক্ষাৎ হয়েছিল তিনি ১০ অথবা ১২ কোটি টাকায় আরামবাগে এখন যেটি 'বাবে রহমত' সেটি কেনার পর। এবার তার সাথে সাক্ষাতের সময় তার জামাতা সাইদুর সাথে ছিল। আমার সাথে সাধারণ আলোচনা, হাসি-রসিকতার মধ্যে সীমাবদ্ধ ছিল।

ইসলাম সম্পর্কে অর্ধ-শিক্ষিত একজন লোক মনগড়া আজগুবি কথা বলছে এবং মানুষ দলে দলে তার অনুসারীতে পরিণত হচ্ছে, দেশটা কোথায়, কোন্ খাদে নেমে গেলে এটা সম্ভব হতে পারে। বিজ্ঞানের অবদান মানুষের হাতে হাতে, তখনও কিছু মানুষ বিশ্বাস করে দেওয়ানবাগীর পীরের দরবার থেকে প্রকাশিত মাসিক 'আত্মার বাণী' পানিতে চুবিয়ে সেই পানি পান করলে গর্ভবতী নারীর যন্ত্রণামুক্ত প্রসব হয়, বন্ধ্যা নারী সন্তান ধারণের মত উর্বর হয়ে ওঠে, ক্যান্সারের মত দুরারোগ্য ব্যাধি থেকে নিস্কৃতি লাভ করা যায়। শুধু তাই নয়, দেওয়ানবাগীর পীর যখন তখন নবী মুহাম্মদকে (সা:) স্বপ্নে দেখতেন এবং তাকে কি কি বলেছেন তার খাস ভক্তরা তা প্রচার করতো। মানুষ সবসময় সংশয়ের মধ্যে থাকে। কিন্তু পীরদের কথা তারা বিনা সংশয়ে বিশ্বাস করে কেন?

পীরতন্ত্র ও বাংলাদেশের রাজনীতি



চৌধুরী মোহাম্মদ কাজল

দেওয়ানবাগের পীর মৃত্যুবরন করেছেন। ফেসবুক ও অন্যান্য সোশাল মিডিয়ায় অনেকে তার সম্পর্কে বিষোদগার করছেন। অনেকে তাকে ভন্ড বলে অভিহিত করছেন। তিনি ভন্ড ছিলেন কিনা সে বিতর্কে যাচ্ছিনা। তবে তিনি যে প্রভূত ধনসম্পদ অর্জন করেছিলেন ও রাজকীয় জীবন যাপন করতেন এটি দৃশ্যমান। সাধারণত পীরের মৃত্যুর পর তার পুত্রদের কেউ তার স্থলাভিষিক্ত হন। তাকে বলা হয় গদীনসীন পীর। দেওয়ানবাগী চার ছেলে রেখে গেছেন। তাদের কেউ হয়তো গদীনসীন হবেন। যদি ভালোয় ভালোয় সবকিছু হয় তাহলেই ভাল। তানাহলে সম্রাট শাহজাহানের মত তার পুত্রদের মধ্যে সংঘর্ষ বেধে যাওয়া বিচিত্র নয়। শোনা যাচ্ছে এই দৌড়ে নাকি সম্রাট আওরঙজেবের মত সবচেয়ে এগিয়ে আছেন দেওয়ানবাগীর দ্বিতীয় ছেলে কুদরতে খোদা।

আমরা আটরশিতে এমনটা দেখেছি। পীরের মৃত্যুর পর তার দুই ছেলে এখন একই সময়ে দুই জায়গায় আলাদা আলাদা বাৎসরিক ওরস আয়োজন করছেন। এখানে আপনি যতই খেদমত করে থাকুন না কেন, আপনার মতামতের কোন মূল্য নেই। যতই আধ্যাত্মিক জ্ঞানলাভ করুন, পীরের ছেলেরাই তাদের স্থলাভিষিক্ত হবেন। আপনারা দরবারে হয়তো কিছু গুরুত্বপূর্ণ দায়িত্ব পাবেন, কিন্তু আপনার পজিশন ঐ খাদেম পর্যন্তই। এখানে অন্যকারো উত্তরাধিকার নেই। আর থাকবেই বা কেন। এমনে আয়েষী জীবন কে ছাড়তে চায়।

দেওয়ানবাগী যতদিন জীবিত ছিলেন তার রাজ্যে একচ্ছত্র অধিপতি ছিলেন। আমাদের রাজনৈতিক নেতারাও তাই। শুধু এরশাদই স্বৈরাচার ছিলেন না। যারা ৩৫ বছরের অধিককাল দলীয় প্রধানের আসন আকড়ে আছেন তাদের কি বলবো। এরশাদ আজীবন তার দলের চেয়ারম্যান ছিলেন। শেখ হাসিনা ও খালেদা জিয়ার জীবদ্দশায় কি তাদের দলীয় প্রধানের পরিবর্তন ঘটবে।

দেওয়ানবাগীকে ভন্ড বলুন আর যাই বলুন তিনি যে বুদ্ধিমান ও মেধাবী ছিলেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিভাবে গরু চড়িয়ে ঘরে ফসল তোলা যায় এটা তিনি ভালই জানতেন। এই মুর্খের দেশে অন্যের ঘাড়ে বসে যদি রাজত্ব করা যায় তাতে অসুবিধা কি! (এখানে প্রতিষ্ঠানিক শিক্ষার কথা বলছি না। প্রাতিষ্ঠানিক শিক্ষা আমলা তৈরী করে, মানুষ তৈরীর নিশ্চয়তা দেয়না)। জ্ঞাত আয়বহির্ভুত উৎস থেকে বাংলাদেশের আরও আরও অনেক পীরের মত দেওয়ানবাগীও প্রচুর অর্থ সম্পদ অর্জন করেছেন। এজন্য অনেকে তাকে (ও বাংলাদেশের অনেক পীরকে) ভন্ড বলে থাকেন। তারা হয়তো ভন্ডামী করছেন, কিন্তু আপনি একথা কেন বলছেন? কোথায় থেকে বলছেন? ভন্ডামী ও উত্তরাধিকারের বাণিজ্যতো বাংলাদেশের সর্বত্র। যারা আমাদের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে, আমাদের মৌলিক অধিকার কেড়ে নিয়ে ও আমাদের সম্পদ আত্মসাৎ করে আমাদের ঘারের ওপর চেপে বসেছে, আপনিও তো তাদেরই গুনগান গাইছেন।

পীরেরা আমাদের ইহলৌকিক সমস্যার সমাধান ও পরকালে শান্তির নিশ্চয়তা দিয়ে থাকেন। আমাদের রাজনৈতিক নেতারা দেশের কল্যাণ ও আমাদের ভাগ্য উন্নয়নের নিশ্চয়তা দিচ্ছেন। এখানেও একনায়কতন্ত্র। এখানেও সেই গদীনসীন বা ক্রাউন প্রিন্স। এর বাইরে যাওয়ার সুযোগ নেই। দেওয়ানবাগী যতদিন জীবিত ছিলেন তার রাজ্যে একচ্ছত্র অধিপতি ছিলেন। আমাদের রাজনৈতিক নেতারাও তাই। শুধু এরশাদই স্বৈরাচার ছিলেন না। যারা ৩৫ বছরের অধিককাল দলীয় প্রধানের আসন আকড়ে আছেন তাদের কি বলবো। এরশাদ আজীবন তার দলের চেয়ারম্যান ছিলেন। শেখ হাসিনা ও খালেদা জিয়ার জীবদ্দশায় কি তাদের দলীয় প্রধানের পরিবর্তন ঘটবে। তাদের ক্রাউন প্রিন্স কারা আমরা জানি। আপনি নিবেদিত প্রাণ দলীয় কর্মী। আপনি কর্মীই থাকবেন। প্রত্যেকটি দল এক একটি পীরের আস্তানা। একটি পরিবারের সম্পত্তি। যেহেতু তাদের পক্ষে পুরো দেশটা শাসন করা সম্ভব নয় তাই তারা দেশের অন্যান্য অঞ্চল অধস্তন ও বিশ্বস্ত নেতাদের ইজারা দিয়ে থাকেন। যেমন বর্তমানে কিশোরগঞ্জের ইজারা মূলত: দুটি পরিবারের হাতে। তারা সেখানে জমিদারী প্রতিষ্ঠা করছেন। এর বাইরে যাওয়ার সুযোগ নেই। আপনাকে কম্প্রোমাইজ করে চলতে হবে। না হলে ঘর ছাড়া এমনকি দেশ ছাড়াও হতে পারেন।

সৈয়দ আশরাফুল ইসলাম যখন মারা গেলেন, কিশোরগঞ্জে তার স্থলাভিষিক্ত হলেন তার বোন। কিশোরগঞ্জে ৪০ বছর বাস করেও যার নাম শুনিনি। আপনি স্থানীয় রাজনীতিতে অনেক অবদান রেখেছেন। অনেক ত্যাগ স্বীকার করেছেন। এরশাদ বিরোধী আন্দোলনে জেল খেটেছেন, নির্যাতন সহ্য করেছেন। তাতে কি? মন্ত্রী, এমপি হতে হলে শুধু রাজনীতি করলে হয় না। শরীরে নীল রক্ত থাকতে হয়। নাহলে আপনি বড়জোড় পেয়াদা, গোমস্তা পর্যন্ত হতে পারবেন। অবশ্য এতে আপনার খুব সমস্যা হবে না। চাঁদাবাজি, টেন্ডারবাজি বা তদবির বাণিজ্য ঠিকই চালিয়ে যেতে পারবেন। যদি এ নিয়ে সন্তুষ্ট থাকতে পারেন তাহলে সমস্যা নেই।

আমরা জানি বাংলাদেশের অধিকাংশ মানুষ বুদ্ধিমান। তারা অল্পতেই সন্তুষ্ট। তারা গুরুভক্ত। গুরুর কৃপা নিয়ে যা কিছু পাওয়া যায় তাতেই মঙ্গল। তারা শান্তিপ্রিয়, সংঘাতে যেতে চায় না। সংঘাতে গেলে পরিণতি কি হবে তারা ভাল করেই জানে। আর জানেন বলেই তো তিন হাজার সৈন্য নিয়ে ৩০ হাজার সৈন্যের বিরুদ্ধে জয়ী হয়ে ইংরেজের পক্ষে ১৯০ বছর শাসন করা সম্ভব হয়েছিল।

বাইডেনের জয় আটকাতে ১২ সিনেটর

(প্রথম পাতার পর)

তদন্তের জন্য একটি কমিশন গঠন না করা পর্যন্ত তারা নির্বাচিত জো বাইডেনকে সার্টিফাই করবেন না। সিনেটর নির্বাচিত টেড ক্রুজের নেতৃত্বে এমন দলবদ্ধ হয়েছেন মোট ১২ জন সিনেটর।

খবরে বলা হয়, তারা ভোট কারচুরি অভিযোগ করলেও এর কোনো প্রমাণ দিতে পারেননি। তারা চাইছেন নির্বাচনী ফলের অডিট ১০ দিন বিলম্বিত করাতে। তবে তারা বাইডেনকে আটকে দিতে সফল হবেন না বলেই আশা করা হচ্ছে। কারণ, আগামী ৬ জানুয়ারি বেশির ভাগ সিনেটর বাইডেনকে সমর্থন করে অনুমোদন দেবেন বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন হলেও এখন পর্যন্ত পরাজয় মেনে নেননি প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প। তিনি বার বার প্রমাণ ছাড়াই ভোটে কারচুপি, ভোট চুরির অভিযোগ তুলছেন। এমন অভিযোগে তিনি সুপ্রিম কোর্ট পর্যন্ত গেলেও সেখান থেকে প্রত্যাখ্যাত হয়েছেন। তার মামলা খারিজ করে দিয়েছে সুপ্রিম কোট।

প্রেসিডেন্ট নির্বাচনে তার প্রতিদ্বন্দ্বী ডেমোক্রেট জো বাইডেন ৩০৬টি ডেলিগেট নিয়ে বিজয়ী হয়েছেন।ট্রাম্প পেয়েছেন ২৩২ টি ডেলিগেট। একজন প্রার্থীকে প্রেসিডেন্ট নির্বাচিত হতে হলে কমপক্ষে ২৭০টি ডেলিগেট পেতে হয়। ডেলিগেটরা বিজয়ীর পক্ষে সমর্থন জানালেও আগামী ৬ই জানুয়ারি এই ভোটের ফলকে অনুমোদন করতে হবে কংগ্রেসকে। এরপরই ২০ শে জানুয়ারি নতুন প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট শপথ নেবেন। কিন্তু টেক্সাসের সিনেটর টেড ক্রুজের নেতৃত্বে তাতে বাধা সৃষ্টির চেষ্টা চলছে।

টেড ক্রুজ ও অন্যদের দাবি, নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে অনাকাঙ্খিতভাবে ভোটে জালিয়াতি হয়েছে। নিয়ম লঙ্ঘন করা হয়েছে। নির্বাচনী আইনের প্রয়োগে ঘাটতি ছিল। এছাড়া অন্যান্য অনিয়ম ঘটেছে। এক্ষেত্রে তিনি ১৮৭৭ সালে যুক্তরাষ্ট্রের ঘটনার উলেখ করেন। ওই সময় প্রেসিডেন্ট নির্বাচনে উভয় পক্ষই তিনটি রাজ্যে বিজয় দাবি করেছিল। এর প্রেক্ষিতে তখন ঘটনা তদন্তে দ্বিপক্ষীয় কমিটি গঠন হয়েছিল। তার ওপর ভিত্তি করে এবার টেড ক্রুজের নেতৃত্বে সিনেটররা কংগ্রেসের কাছে আহ্বান জানাবেন একটি কমিশন গঠন করতে। তারা বিরোধপূর্ণ রাজ্যগুলোতে নির্বাচনের ফল জরুরি ভিত্তিতে ১০ দিনের মধ্যে অডিট করবেন। তারা এও বলেছেন, তাদের উদ্যোগ সফল না-ও হতে পারে।

কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের রিপাবলিকানদের একটি গ্রুপও নির্বাচনী ফলকে চ্যালেঞ্জ করার পরিকল্পনা করছে। একইভাবে কমপক্ষে এক ডজন রিপাবলিকান সিনেটর এই উদ্যোগ নিয়েছেন। প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প চান, নির্বাচনের ফল উল্টে দেয়া হোক।

ট্রাম্প-ওবামার অভিষেক অনুষ্ঠান কেমন ছিল?

ট্রাম্প আর বাইডেনের মধ্যে বিপরীতমুখী চরিত্রের একটি ধারণা পাওয়া যাবে তাদের অভিষেক অনুষ্ঠান লক্ষ্য করলে। চার বছর আগে ট্রাম্পের অভিষেকের পর কয়েকদিন ধরে আলোচনা ছিল অভিষেক অনুষ্ঠান নিয়ে।ট্রাম্প নিজেই সে আলোচনা উসকে দিয়েছেলেন।

তিনি দাবি করেছিলেন, তার অভিষেক অনুষ্ঠান ছিল লোকে লোকারণ্য। ২১ জানুয়ারি, ২০১৭ তিনি টুইট করেছিলেন-অসাধারণ জমায়েত হয়েছে। মানুষের সংখ্যা ছিল ১০ লাখ, না আরও বেশি ১৫ লাখ। হোয়াইট হাউসের সে সময়ের প্রেস সেক্রেটারি শন স্পাইসার তো আরও এগিয়ে সেটাতে ইতিহাসের সবচেয়ে বড় অভিষেক অনুষ্ঠান বলে দাবি করেছিলেন।

তবে পর্যবেক্ষকরা ধারণা, ২০১৭ সালে ৫ লাখের মতো মানুষ ট্রাম্পের অভিষেক অনুষ্ঠানে হয়তো উপস্থিত ছিলেন। তার আগে ২০০৯ সালে বারাক ওবামার অভিষেকে উপস্থিত ছিলেন অন্তত ১৮ লাখ মানুষ। সেটিই ছিল সবচেয়ে বড় অভিষেক অনুষ্ঠান।

কেমন হবে বাইডেনের অভিষেক?

অভিজ্ঞ রাজনীতিক বাইডেনের কাছে এসব জাঁকজমকের খুব একটা বালাই নেই। তিনি চান মানুষের মধ্যে করোনা আরও ছড়িয়ে না পড়ুক।

তবে একেবারে বঞ্চিতও করতে চান না ভক্তদের। ফলে অভিষেক অনুষ্ঠান হবে সীমিত আকারে, স্বাস্থ্যবিধি মেনে।

অভিষেক অনুষ্ঠান আয়োজনের দায়িত্বে থাকা 'দ্য জয়েন্ট কংগ্রেসনাল কমিটি অন ইনঅগুরাল সিরিমনিজ (জেসিসি-সআইসি)' দুই সপ্তাহ আগে জানিয়েছে, ক্যাপিটল তথা মার্কিন কংগ্রেসের ওয়েস্ট ফ্রন্টে আয়োজন হবে প্রেসিডেন্টের শপথ অনুষ্ঠান। তাতে উপস্থিতির সংখ্যা কাটছাঁট করা হবে। বৈশ্বিক মহামারীর কারণে এমনটি করা হবে।

উপ-প্রতিরক্ষামন্ত্রী পদে বাইডেনের মনোনয়ন

(প্রথম পাতার পর)

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত জো বাইডেন। এই মনোনয়ন নিশ্চিত হয় তাহলে তিনি হবেন পেন্টাগনে এই পদে প্রথম নারী। একই সঙ্গে পেন্টাগনের দ্বিতীয় ক্ষমতাধর হবেন তিনি। লন্ডনের অনলাইন ডেইলি ইন্ডিপেন্ডেন্ট এ খবর দিয়ে বলেছে, ক্যাথলিন হিকস হলেন সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা আমলের প্রতিরক্ষা বিষয়ক কর্মকর্তা। ওবামার সময়ে তিনি প্রিন্সিপাল ডেপুটি আন্ডারসেক্রেটারি অব ডিফেন্স ফর পলিসি, আন্ডারসেক্রেটারি অব ডিফেন্স ফর স্ট্র্যাটেজি, প্লানস এন্ড ফোর্সেস পদে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি বাইডেনের অন্তর্বর্তী টিমে কাজ করছেন। একই সঙ্গে আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক কর্মসূচিতে সেন্টার ফর স্ট্র্যাটেজি এন্ড ইন্টারন্যাশনাল স্টাডিজের পরিচালক। তাকে উপ-প্রতিরক্ষামন্ত্রী পদে মনোনয়নের ঘোষণা দিয়ে বাইডেন প্রশাসন তার ভূয়সী প্রশংসা করেছে।

ইমিগ্র্যান্ট ভিসায় ট্রাম্পের

(প্রথম পাতার পর)

এই নিষেধাজ্ঞার প্রয়োজন। নিষেধাজ্ঞার মেয়াদ এ বছরের ৩১ মার্চ পর্যন্ত বাড়ানো হলো। বিদায়ী ট্রাম্প প্রশাসনের অভিবাসন নিয়ে এটি সর্বশেষ পদক্ষেপ।

তবে বিদেশি শ্রমিকদের ওপর এই নিষেধাজ্ঞার বিরোধিতা করেছেন যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীরা।

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচিত জো বাইডেন আগামী ২০ জানুয়ারি দায়িত্ব গ্রহবিশ্বব্যাপী করোনাভাইরাসের সংক্রমণের কারণে সবচেয়ে ক্ষতিগ্রস্থ দেশগুলোর মধ্যে প্রথম নাম যুক্তরাষ্ট্র। এখনো পর্যন্ত এখানে কয়েক লাখ মানুষের মৃত্যু হয়েছে এবং কমপক্ষে ২ কোটি মানুষ বেকার হয়ে পড়েছে। অক্টোবরে ক্যালিফোর্নিয়ার ফেডারেল আদালত বিদেশি শ্রমিকদের ওপর দেওয়া ট্রাম্পের দেয়া এ নিষেধাজ্ঞায় স্থগিতাদেশ দিয়েছিল। এসময় তারা জানায়, এই নিষেধাজ্ঞা যুক্তরাষ্ট্রের ব্যবসাক্ষেত্রে অপূরণীয় ক্ষতি ডেকে আনবে। যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ নিষেধাজ্ঞার সিদ্ধান্ত নিয়ে দেশটির নবম সার্কিট কোর্ট অব আপিলে আবেদন করেছে। যেখানে আগামী ১৯ জানুয়ারি এ নিয়ে যুক্তিতর্ক হওয়ার কথা রয়েছে।

করোনায় জানুয়ারিতে যুক্তরাষ্ট্রে মারা

(প্রথম পাতার পর)

যুক্তরাষ্ট্রে। এদিকে নতুন বছরের প্রথম মাসে অর্থাৎ জানুয়ারিতে সেখানে আরও ১ লাখ ১৫ হাজার মানুষ করোনায় মারা যেতে পারেন।

সম্প্রতি এই ভয়াবহ তথ্য জানিয়েছে ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের ইনস্টিটিউট ফর হেলথ মেট্রিক্স অ্যান্ড ইভালুয়েশন।

তাদের এক প্রতিবেদনে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে এ পর্যন্ত প্রায় সাড়ে তিন লাখ মানুষ প্রাণ হারিয়েছেন। এর মধ্যে গত ডিসেম্বরেই মারা গেছেন ৭৭ হাজার ৫০০ জন। সেখানে আক্রান্তের সংখ্যাও দুই কোটি ছাড়িয়ে গেছে।

আশঙ্কা করা হচ্ছে, বড়দিনের পরে যুক্তরাষ্ট্রে করোনার সংক্রমণ ও মৃত্যুর নতুন ঢেউ শুরু হয়েছে। আর এর আঘাতে চলতি মাসে অন্তত ১ লাখ ১৫ হাজার মানুষ মৃত্যু বরণ করতে পারে।

ইউনিভার্সিটি অফ ওয়াশিংটন তাদের পূর্বাভাসে বলেছে, যুক্তরাষ্ট্রে করোনা সংক্রমণের প্রবণতা অব্যাহত থাকলে আগামী ৩১ জানুয়ারির মধ্যে মৃত্যুর সংখ্যা ৪ লাখ ৫৬ হাজার ছাড়িয়ে যাবে।

গত বছরের মাঝামাঝি থেকে আমেরিকায় করোনার সংক্রমণ ছড়িয়ে পড়েছে। ৫০ লাখ সংক্রমণের ঘটনা ঘটে ২০০ দিনে, সংক্রমণের ঘটনা ৫০ লাখ থেকে এক কোটিতে পৌঁছায় ৯৩ দিনে। এ সংখ্যা দেড় কোটিতে পৌঁছায় পরবর্তী ৩১ দিনে এবং পরের ২৫ দিনে সংক্রমণ সংখ্যা দুই কোটিতে গিয়ে দাঁড়ায়।

সম্প্রতি সেখানে আবারও দ্রুত ছড়াচ্ছে করোনাভাইরাস। গত শনিবার দেশটিতে রেকর্ড ২ লাখ ৭৭ হাজারের বেশি নতুন রোগী শনাক্ত হয়েছে।


সংক্রমণ ঠেকাতে ইতোমধ্যেই ফাইজার-বায়োএনটেক এবং মডার্নার তৈরি দু'টি ভ্যাকসিন জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্র। শনিবার পর্যন্ত দেশটিতে ৩০ লাখ ৪৯ হাজার জনকে দেওয়া হয়েছে এসব ভ্যাকসিন।

সূত্রঃ পার্সটুডে।

পেলোসির বাড়িতে

(প্রথম পাতার পর)

করে বেশকিছু কথা লিখেছে তারা। পার্কিং এরিয়ায় লাল রং ছড়িয়ে দিয়ে সেখানে শূকরের একটি কর্তিত মস্তক বসিয়ে রেখেছে। সচিত্র এ খবর প্রকাশ করেছে অনলাইন ডেইলি মেইল। এতে বলা হয়েছে, ন্যান্সি পেলোসির এই বাড়িতে নববর্ষের রাতে ভাংচুর চালিয়েছে দুর্বৃত্তরা। রক্ষণশীল চলচ্চিত্রকার ম্যাগি ভ্যান্ডেনবারঘি শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যমে এর ছবি শেয়ার করেছেন। তাতে দেখা গেছে পেলোসির বাসার গ্যারেজের দরজায় কালো কালিতে তারা লিখে রেখেছে 'ডলার ২ কে ক্যানসেল রেন্ট! উই ওয়ান্ট এভরিথিং!' ন্যান্সি পেলোসি সম্প্রতি কোভিড সহায়তা বিষয়ে ২০০০ ডলার করে অনুমোদনের জন্য চেষ্টা করেছেন। কিন্তু এই অর্থ বাড়ানোর বিষয়টি প্রত্যাখ্যান করেছেন সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা মিশ ম্যাকনেল। এ বিষয়টি বোঝাতেই তারা 'ডলার ২ কে' লিখে তা আবার কেটে দিয়েছে। এ ছাড়া তারা স্প্রে করে লিখেছে ইংরেজিতে দুটি অক্ষর 'এএস'। বৃত্তের মধ্যে এ লেখাটি খুব বেশি ব্যবহার করা হয় নৈরাজ্য বোঝাতে। এই লেখার নিচে ড্রাইভওয়েতে লাল কালি দিয়ে দাগানো হয়েছে। এর মাঝখানে স্থাপন করা হয়েছে শূকরের একটি কাটা মাথা। টিএমজেডের মতে, নতুন বর্ষবরণের প্রথম কয়েক ঘন্টার মধ্যে এ ঘটনায় সান ফ্রান্সিসকো পুলিশকে ডেকে নেয়া হয়। স্থানীয় সময় রাত তিনটার দিকে সেখানে উপস্থিত হয় তারা। ঘটনা প্রামাণ্য আকারে রিপোর্ট করে। তবে কে বা কারা এসব করেছে এ বিষয়টি নিশ্চিত হওয়া যায়নি। নিরপেক্ষ সাংবাদিক বলে পরিচিত ভ্যান্ডেনবারঘে অতীতে রক্ষণশীল সংবাদ মাধ্যমে লেখালেখি করেছেন। তিনি পুলিশের বিরুদ্ধে ঘটনা ধামাচাপা দেয়ার অভিযোগ করেছেন। তিনি টুইটে বলেছেন, ৩টার দিকেই সেখানে পরিষ্কার করে ফেলা হয়েছে। ঘটনাস্থল থেকে ছবি তুলতে বাধা দিয়েছে পুলিশ।



AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

ASC of NY

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও **HHA** সার্টিফিকেট থাকলে আপনি
আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি **HHA** অথবা **PCA** হিসেবে চাকুরী খুঁজছেন?
তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP
প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency
by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

মেট্রোপলিটন লার্নিং ইন্সটিটিউট, ইন্ক

নিউইয়র্ক ষ্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
কাউন্সিল অন অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এডক্রেডিয়েশনপ্রাপ্ত
একটি অলাভজনক শিক্ষা প্রতিষ্ঠান

আমাদের প্রোগ্রাম সমূহঃ
(সিওই অনুমোদিত এবং ফিন্যানসিয়াল এইড এর জন্য মনোনীত)

- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট
- একাউন্টিং এসিস্টেন্ট
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ মেডিকেল বিলিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ বুককিপিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ ইংলিশ (শুধুমাত্র ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)
- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট - সংক্ষিপ্ত (শুধুমাত্র প্রধান এবং ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)

শর্ট প্রোগ্রাম
(সিওই অনুমোদিত তবে ফিন্যানসিয়াল এইড এর জন্য মনোনীত নয়)

- নার্স এসিস্টেন্ট / এইড (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- পেসেন্ট কেয়ার টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ফ্লেবোটমি টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ইকেজি টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)



সুবিধাজসক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশঃ সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০টা
সন্ধ্যাকালীন ক্লাশঃ বিকাল ৫:১৫ টা থেকে রাত ১০:১৫টা

শনি ও রবিবার (শুধুমাত্র শর্ট প্রোগ্রামের জন্য)
সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০ টা

রয়েছে জব প্লেসমেন্ট সুবিধা
ফিনান্সিয়াল এইড
যোগ্যদের জন্য রয়েছে ফিনান্সিয়াল এইড সুবিধা

ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাংগুয়েজ (ESL)
(২য় ভাষা হিসাবে ইংরেজি) - লেভিল ওয়ান টু এইট

যোগাযোগঃ
ডা. মাসুদুল হাসান
ডিরেক্টর মেডিকেল প্রোগ্রাম,
রিগোপার্ক শাখা

বিস্তারিত জানতে ভিজিট করুনঃ www.gettraining.org

প্রধান ক্যাম্পাস
৯৭-৭৭ কুইন্স বুলোভার্ড (৯ম তলা)
রিগো পার্ক, নিউইয়র্ক ১১৩৭৮
ফোনঃ ৭১৮-৮৯৭-০৪৮২

এক্সটেনশন ক্যাম্পাস
৫৬০ ৫৯ স্ট্রীট, ৫ম এভিনিউ
ব্রুকলীন, নিউইয়র্ক ১১২২০
ফোনঃ ৭১৮-৪৯২-২১২০

তাসলিমা খান - ৩৪৭-৮৩৬-২২২৬
খালেদা পারভিন - ৯২৯-৩০১-৯২৭৫
কাউসার জাহান - ৯১৭-৩৪০-৪৩৫৯

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুনঃ www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন



বৃটেনে দ্বিতীয় দফা করোনায় তিন

(প্রথম পাতার পর)

করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। এর মধ্যে শুক্রবার ভোরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার বালিসহ গ্রামের সাবেক সংসদ সদস্য তৈয়বুর রহিম (১০০)। স্বাধীনতার পর মৌলভীবাজারে প্রথম সংসদ সদস্য ও স্থানীয় আওয়ামী লীগ নেতা ছিলেন তিনি। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৬ ছেলে, ১ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। ওদিকে বিশিষ্ট কমিউনিটি নেতা আব্দুল গফুর খালিসদারের ছেলে বালাগঞ্জ-ওসমানীনগর এডুকেশন ট্রাস্টের অন্যতম ট্রাস্টি আবুল কাসেম খালিসদার সোয়েব করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে গত ৩১শে ডিসেম্বর লন্ডনের একটি হাসপাতালে মৃত্যুবরণ করেছেন। একইভাবে করোনায় আব্দুল গাফফার নছির মিয়া নামে এক বৃটিশ বাংলাদেশি মৃত্যুবরণ করেছেন। তিনি গত ২৭ শে ডিসেম্বর লন্ডনের একটি হাসপাতালে ইন্তেকাল করেন। তার গ্রামের বাড়ি সিলেটের বিশ্বনাথ উপজেলার সদর ইউনিয়নের পশ্চিম চাঁনসির কাপন গ্রামে।

বিএনপির এ নেতা পঞ্চাশের দশক থেকে লন্ডনে বসবাস করে আসছিলেন। তিনি রাজনীতির পাশাপাশি দেশে ও প্রবাসে বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে জড়িত ছিলেন। এছাড়াও বেশ কয়েকজন প্রবাসী করোনায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন। তাদের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

কথাসাহিত্যিক রাবেয়া খাতুনের

(প্রথম পাতার পর)

রাবেয়া খাতুন মারা গেছেন (ইন্না লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। রবিবার বিকালে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন তিনি।

তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এক শোক বার্তায় রাষ্ট্রপতি বলেন, "রাবেয়া খাতুনের মৃত্যু দেশের সাহিত্য অঙ্গনের জন্য এক অপূরণীয় ক্ষতি। বাংলা সাহিত্যের প্রসারে তার অবদান চিরদিন স্মরণীয় হয়ে থাকবে।"

রাষ্ট্রপতি মরহুমা রাবেয়া খাতুনের রুহের মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

রাবেয়া খাতুনের মৃত্যুতে দেশের সাহিত্য ও শিল্প সংস্কৃতি অঙ্গনে শোক নেমে এসেছে।

রাবেয়া খাতুন এর জন্ম ১৯৩৫ সালের ২৭ ডিসেম্বর ঢাকার বিক্রমপুরে তার মামার বাড়িতে। অবশ্য তার বাবার বাড়ি মুন্সিগঞ্জের শ্রীনগর উপজেলার ষোলঘর গ্রামে।

১৯৫২ সালের ২৩ জুলাই সম্পাদক ও চিত্রপরিচালক, বাংলাদেশের প্রথম শিশুতোষ চলচ্চিত্র 'প্রেসিডেন্ট'-এর পরিচালক এটিএম ফজলুল হকের সঙ্গে রাবেয়া খাতুনের বিয়ে হয়।

রাবেয়া খাতুন রচিত মুক্তিযুদ্ধভিত্তিক জনপ্রিয় উপন্যাস 'মেঘের পর মেঘ' অবলম্বনে বিখ্যাত চলচ্চিত্রকার চাষী নজরুল ইসলাম ২০০৪ সালে নির্মাণ করেন চলচ্চিত্র 'মেঘের পরে মেঘ' এবং ২০১১ সালে তার আরেকটি জনপ্রিয় উপন্যাস 'মধুমতি' অবলম্বনে পরিচালক শাহজাহান চৌধুরী একই শিরোনামে নির্মাণ করেন চলচ্চিত্র 'মধুমতি'। এছাড়াও অভিনেত্রী মৌসুমী ২০০৩ সালে তার লেখা 'কখনো মেঘ কখনো বৃষ্টি' অবলম্বনে একই শিরোনামে নির্মাণ করেন একটি চলচ্চিত্র।

লেখালেখির পাশাপাশি রাবেয়া খাতুন শিক্ষকতা করেছেন। সাংবাদিকতাও করেছেন। এছাড়া তিনি বাংলা একাডেমির কাউন্সিল মেম্বার। জাতীয় গ্রন্থ কেন্দ্রের গঠনতন্ত্র পরিচালনা পরিষদের সদস্য, জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জুরিবোর্ডের বিচারক, শিশু একাডেমির কাউন্সিল মেম্বার ও বাংলাদেশ টেলিভিশনের 'নতুন কুড়ির বিচারক।

লেখালেখির জন্যে পেয়েছেন অসংখ্য পুরস্কার ও সম্মাননা। তার মধ্যে আছেন বাংলা একাডেমি পুরস্কার-১৯৭৩, হুমায়ূন কাদির স্মৃতি পুরস্কার -১৯৮৯, একুশে পদক-১৯৯৩,বাংলাদেশ লেখিকা সংঘ পুরস্কার, বাংলাদেশ লেখিকা সংঘ -১৯৯৪, নাসিরউদ্দিন স্বর্ণপদক-১৯৯৫, জসিমউদ্দিন পুরস্কার-১৯৯৬, শেরে বাংলা স্বর্ণপদক-১৯৯৬, শাপলা দোয়েল পুরস্কার-১৯৯৬, টেনাশিনাস পুরস্কার -১৯৯৭, ঋষিজ সাহিত্য পদক-১৯৯৮, অতীশ দীপঙ্কর পুরস্কার-১৯৯৮, লায়লা সামাদ পুরস্কার -১৯৯৯, অনন্যা সাহিত্য পুরস্কার-১৯৯৯, মিলেনিয়াম এ্যাওয়ার্ড -২০০০, টেলিভিশন রিপোটার্স এ্যাওয়ার্ড -২০০১, বাংলাদেশ কালচারাল রিপোটার্স এ্যাওয়ার্ড -২০০২, শেলটেক পদক- ২০০২ এবং মাইকেল মধুসূদন পুরস্কার-২০০৫ ইত্যাদি।

বিশিষ্ট এই কথাসাহিত্যিকের চার সন্তান। তারা হলেন, ইমপ্রেস টেলিফিল্ম চ্যানেল আই'র ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর, রন্ধন বিশেষজ্ঞ কেকা ফেরদৌসী, স্থপতি ফরহাদুর রেজা প্রবাল ও ফারহানা কাকলী।

লেখালেখির পাশাপাশি রাবেয়া খাতুন শিক্ষকতা এবং সাংবাদিকতাও করেছেন।

২০২১ সালের প্রথম শিশু

(প্রথম পাতার পর)

বরণ করে নিয়েছে মানুষ। এ বছরের প্রথম দিনে পৃথিবীতে এসেছে লাখো নতুন অতিথি। ফিজিতে জন্ম নেওয়া একটি শিশু একুশের প্রথম প্রহরে জন্ম নেওয়া প্রথম শিশু। এদিন বিশ্বজুড়ে প্রায় তিন লাখ ৭১ হাজার ৫০৪ শিশু জন্ম নিয়েছে। এর মধ্যে ৯ হাজার ২৩৬ শিশুর জন্ম হয়েছে বাংলাদেশে। ইউনিসেফ এসব তথ্য জানিয়েছে।

বছরের প্রথম দিনে জন্ম নেওয়া শিশুর মধ্যে অর্ধেকেরও বেশির জন্ম হয়েছে বিশ্বের ১০টি দেশে। বাংলাদেশ ছাড়া তালিকার অন্য ৯টি দেশ হলো- ভারত (৫৯,৯৯৫), চীন (৩৫,৬১৫), নাইজেরিয়া (২১,৪৩৯), পাকিস্তান (১৪,১৬১), ইন্দোনেশিয়া (১২,৩৩৬), ইথিওপিয়া (১২,০০৬), যুক্তরাষ্ট্র (১০,৩১২), মিসর (৯,৪৫৫) ও গণপ্রজাতন্ত্রী কঙ্গো (৮,৬৪০)। ইউনিসেফের ধারণা, ২০২১ সালে বিশ্বে প্রায় ১৪ কোটি শিশুর জন্ম হবে। এদের গড় আয়ু হবে ৮৪ বছর।

ইউনিসেফের নির্বাহী পরিচালক হেনরিয়েটা ফোর বলেছেন, আজ জন্ম নেওয়া শিশুটি এক বছর আগের চেয়ে একেবারেই ভিন্ন এক বিশ্বে প্রবেশ করল। আজ জন্ম নেওয়া শিশুরা এমন একটি বিশ্বের নাগরিক হবে, যাদের জন্য সেটি গড়ে তুলতে আমরা এখন কাজ করে যাচ্ছি। আরও স্বাস্থ্যকর, আরও নিরাপদ বিশ্ব আমরা তাকে দিতে চাই।

২০২১ সাল ইউনিসেফের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। বছরজুড়ে ইউনিসেফ ও এর সহযোগী সংগঠনগুলো বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে তা উদযাপন করবে। হেনরিয়েটা ফোর বলেন, বিশ্ব এখন মহামারি, মন্দা, দারিদ্র্য এবং বৈষম্যের মধ্য দিয়ে যাচ্ছে। ইউনিসেফ আগের মতোই কাজ করে যাচ্ছে।

করোনায় যাদের আয় বেড়েছে

(প্রথম পাতার পর)

আমাজন ও টেসলার কর্ণধার জেফ বেজোস ও ইলন মাস্ক। অন্যদিকে ভয়াবহ চিত্র কোটি কোটি মার্কিন নাগরিকের। করোনা মহামারির কারণে অর্থাভাবে কোটিরও বেশি মার্কিনি খাদ্যাভাবে ছিলেন এবং কাজ হারিয়েছেন কয়েক লাখ মানুষ। খবর ওয়াশিংটন পোস্টের।

গত বছর টেসলা ও স্পেস এক্সের মালিক ইলন মাস্কের মোট সম্পদ বৃদ্ধি পেয়েছে পাঁচ গুন, যার পরিমাণ ১৩ হাজার ২শ' কোটি ডলার। এর ফলে তার মোট সম্পদের পরিমাণ এখন ১৫ হাজার ৯শ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে যা তাকে বিশ্বের দ্বিতীয় ধনীতে পরিণত করেছে। অন্য দিকে আমাজনের জেফ বেজোসের সম্পদ গত বছর বেড়েছে ৭ হাজার কোটি ডলার। তার মোট সম্পদের পরিমাণ এখন ১৮ হাজার ৬শ বিলিয়ন ডলার।

মাস্ক ও বেজোসের সবচেয়ে বেশি আয় হয়েছে শেয়ার বাজারে টেসলা ও আমাজনের দাম বৃদ্ধির ফলে। গত বছর টেসলার শেয়ারের দাম বেড়েছে ৮শ শতাংশ। তবে আমাজনের ক্ষেত্রে বড় সংখ্যক আয় হয়েছে তাদের অর্ডার বৃদ্ধি পাওয়ার ফলে। লকডাউনের কারণে দোকানগুলো বন্ধ থাকায় আমেরিকার অধিকাংশ জনগণ আমাজনের মাধ্যমে অনলাইনে কেনাকাটা করেছে। এছাড়া আমাজনের আইটি সলিউশন কোম্পানি আমাজন ওয়েব সার্ভিসও গত বছর প্রচুর মুনাফা অর্জন করেছে।

মহামারির বছরে এই দুই ধনকুবেরের যৌথভাবে সম্পদ বৃদ্ধি পেয়েছে ২শ বিলিয়ন ডলার, যা বিশ্বের ১৩৯টি দেশের জিডিপির চেয়ে বেশি।

কিন্তু দরিদ্র মানুষের জন্য কতটা অর্থ দান করছেন মার্কিন ধনকুবেররা? অর্থনীতিবিদ গ্যাব্রিয়েল জুকম্যান জানাচ্ছেন, ২০১৮ সালে যুক্তরাষ্ট্রের শীর্ষ ১০ বিলিয়নিয়াররা তাদের মোট সম্পদের এক শতাংশেরও কম অর্থ দাতব্য কাজে ব্যয় করেছেন।

কেমন হবে বাইডেনের শপথ

(প্রথম পাতার পর)

শপথ অনুষ্ঠান আকারে খুব একটা বড় হবে না। করোনাভাইরাস মহামারী পরিস্থিতি মাথায় রেখে ছোট কলেবরে অনুষ্ঠান করার পরিকল্পনা করছে ডেমোক্রেট শিবির।

নির্বাচিত নতুন প্রেসিডেন্ট জো বাইডেন বলছেন, মহামারীর মধ্যে আমেরিকার জনগণকে নিরাপদ রাখা তার লক্ষ্য। তবে করোনা বিধিনিষেধ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে অভিষেক অনুষ্ঠান উপভোগ করতে দেয়া হবে বলেও জানিয়েছেন তিনি।

এদিকে ট্রাম্পের অন্ধ রিপাবলিকান সমর্থকরা এখনও ট্রাম্পকে হোয়াইট হাউজে রাখার জন্য মরিয়া হয়ে উঠছে। তবে তাদের সে প্রচেষ্টা যে হালে পানি পাবে না তা দিন যত যাচ্ছে ততই স্পষ্ট হচ্ছে। ট্রাম্পের ইলেকটোরাল ভোট বানচালের তেমনই একটি আবেদন খারিজ করে দিয়েছেন ট্রাম্পের নিযুক্ত ফেডারেল বিচারক জেরেমি কেরনোডল।

এ বছর কোন দিকে যাবে

(প্রথম পাতার পর)

নতুন এই বছরে করোনাভাইরাস (কোভিড-১৯) মহামারির পরিস্থিতি কেমন হতে পারে ও বিদায়ী বছর থেকে আমরা কী শিখেছি সে বিষয়ে স্কাই নিউজকে নিজেদের মতামত জানিয়েছেনচারটি ভিন্ন খাতের চার বিশেষজ্ঞ। ভাইরোলজিস্ট ডা. স্টিফেন গ্রিফিন, সহকারী অধ্যাপক, স্কুল অব মেডিসিন, ইউনিভার্সিটি অব লিডস

আগামী বছর মহামারি পরিস্থিতি কেমন হবে তা নির্ভর করে টিকার সরবরাহ, বণ্টন ও কোন টিকা অনুমোদন পায় তার উপর।

এর মধ্যে কিছুটা ব্রেক্সিটের উপর নির্ভরশীল- সবকিছু ডোভারের বাইরে এম২০ মোটরওয়েতে আটকে থাকে তাহলে সেটা একটা সমস্যা হয়ে দাঁড়াতে পারে।

বেশকয়েকটি ভিন্ন ভিন্ন টিকা অনুমোদন পাওয়ার অপেক্ষায় আছে। অনেকগুলো বিকল্প থাকা খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু সেগুলোর কার্যকারিতার ধরণের উপর ভিত্তি করে সেগুলো ব্যবহার করতে হবে। আমরা যদি আমাদেরঝুঁকিপূর্ণ জনসংখ্যাকে রক্ষা করতে পারি তাহলে মৃতের সংখ্যা কমে আসবে।

কিন্তু বাকিদেরও টিকা দিতে হবে। দীর্ঘমেয়াদী করোনার ব্যাপারেও ভাবতে হবে আমাদের।

আমি বলবো যে, ৬৫ বছরের কম বয়সীদের টিকা দেওয়ায় আরো অগ্রাধিকার দেওয়া উচিৎ। ব্যাপারটা এমন না যে, কেবল বয়স্কদের টিকা দিলেই ভাইরাসটি চলে যাবে। তাছাড়া সবচেয়ে বড় প্রশ্নগুলোতো আছেই- টিকার প্রতিরোধ ক্ষমতা কতদিন টিকবে? টিকাগুলো সংক্রমণ বন্ধে সক্ষম কিনা?

টিকা দেওয়ার পরও যদি আমাদের অজান্তে ভাইরাসটি ছড়াতে পারে তাহলে সেটাও একটা সমস্যা। আমরা এখনো উপসর্গহীন সংক্রমণ পুরোপুরি বুঝে উঠতে পারিনি। এ সংক্রমণ বুঝে উঠা সকল টিকার জন্যই গুরুত্বপূর্ণ। এর উপর নির্ভর করে টিকার ব্যবহার নির্ধারণ করা হবে।

জনসংখ্যার মধ্যে প্রতিরোধ ক্ষমতা কমে গেলে সংক্রমণ অব্যাহত থাকার আশঙ্কা আছে। আমি আশা করছি যে, ফাইজার আগামী কয়েক মাসের মধ্যে ঝুঁকিপূর্ণ জনসংখ্যার জন্য পর্যাপ্ত টিকা উৎপাদন করতে পারবে, মডার্নার টিকা অনুমোদন পাবে ও এস্ট্রাজেনেকার টিকা পর্যাপ্ত কার্যকারিতা অর্জন করতে পারবে।

আমাদের মোট জনসংখ্যার অন্তত দুই-তৃতীয়াংশকে টিকা দিতে হবে। কোনো আদর্শ বিশ্বে- হয়তো এরপর প্রতি বছর আমরা সবাই টিকাটি গ্রহণ করতে পারবো, আর কেউ ভাইরাসটিতে মারাও যাবে না।

কিন্তু তেমনটা নাও হতে পারে। অন্যান্য দেশগুলো সুরক্ষিত না থাকলে অবকাশ যাপনে ভ্রমণ ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে। সেখান থেকে নিজের অজান্তেই আমরা ভাইরাসটি ছড়াতে পারি।

যুক্তরাজ্যের ক্ষেত্রে আমার প্রত্যাশা হচ্ছে, ঝুঁকিপূর্ণ জনসংখ্যাকে আগামী শীতের আগেই সুরক্ষিত করে তোলা। তাহলে বসন্তের আগ দিয়ে কমিউনিটি সংক্রমণ নাটকীয়ভাবে কমে আসবে। আমি বলছি না গ্রীষ্মের আগেই মহামারি চলে যাবে তবে, হয়তো তখন আমাদের এত কঠোর পদক্ষেপ নিতে হবে না।

শেফ (রাধক/পাচক)

টম আইকেন্স,লন্ডনের মিউজ রেস্তোরার মালিক ও প্রধান শেফ, আবু ধাবির বিভিন্ন রেস্তোরার প্রধান শেফ, গ্রেট বৃটিশ মেনু-র বিচারক, মিশেলিন তারকাপ্রাপ্ত কনিষ্ঠতম শেফ করোনা মহামারি ও ব্রেক্সিটের কারণে ২০২০ এর তুলনায় আতিথেয়তা শিল্পের পরিস্থিতি ২০২১ সালে আরো অনেক বেশি খারাপ হতে পারে।

আমরা একজন আতিথেয়তা বিষয়ক মন্ত্রী নির্বাচনের আহ্বান জানাচ্ছি। এই বছর আমাদের দেখিয়েছে যে, পার্লামান্টে আমাদের এমন একজনকে দরকার যিনি আমাদের শিল্পের প্রয়োজনগুলো প্রকৃত অর্থে বোঝেন।

মহামারি শেষ হতে অনেক দেরি আছে। বিধিনিষেধ শিথিলের আগে ২ কোটি মানুষকে টিকা দিতে চায় সরকার। তাতে ইস্টার (৪ঠা এপ্রিল) পর্যন্ত লেগে যেতে পারে। আমি আমার টিমকে বলেছিলাম যে, জানুয়ারিতে আমাদের ব্যবসা খোলার সুযোগ নেই, হয়তো ফেব্রুয়ারিতে খোলা যেতে পারে। কিন্তু এরপরই লন্ডনে চতুর্থ মাত্রার নিষেধাজ্ঞা জারি হলো। তাই মার্চ বা এপ্রিলের আগে ব্যবসা চালুর সুযোগ নেই।

ক্রিসমাসের আগের দিনগুলোতেই আতিথেয়তা বিষয়ক ব্যবসাগুলো অতিরিক্ত কিছু অর্থ আয় করে থাকে। কিন্তু এ বছর তা সম্ভব হয়নি। ধীরে ধীরে অনেক ব্যবসা বন্ধ হয়ে যেতে পারে।

এই ব্যবসাগুলোর জন্য তৃতীয় বা চতুর্থ মাত্রার বিধিনিষেধেরচেয়ে পুরোপুরি লকডাউনই ভালো অপশন। সেক্ষেত্রে আমরা সরকার হতে সহায়তা পাই।

জানুয়ারিকে দেখা হচ্ছে মহামারির সবচেয়ে কঠিন মাস হিসেবে। এই অবস্থায় সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন বাড়ির মালিকরা। সাধারণত তারাই বাড়ির বিল পরিশোধ করে থাকেন। কিন্তু আগামী মাসগুলোয় তাদের সত্যিকার অর্থে ক্ষমাশীল হতে হবে।

আমার বাড়িওয়ালা অবশ্য আমার সঙ্গে বেশ ভালো আচরণ করছেন। লন্ডনের বেশিরভাগ বাড়ির মালিকেরাই পরিস্থিতিতে সহায়ক আচরণ করছেন। তবে দুখের খবর হচ্ছে, অনেকগুলো রেস্তোরাঁই বন্ধ হয়ে যাবে। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক পরিস্থিতি।

সাইকোলজিস্ট

স্টিফেন রেইচার, সাইকোলজি বিষয়ক অধ্যাপক, ইউনিভার্সিটি অব সেইন্ট অ্যান্ড্রিওস, বৃটিশ ও স্কটিশ সরকারের করোনা বিষয়ক উপদেষ্টা

এই মহামারি আমাদের সমাজের তিনটি বড় দিক তুলে ধরেছে যেগুলো পরিবর্তন করা উচিৎ:

১। প্রকৃতির সঙ্গে আমাদের সম্পর্ক

৮০ বছর আগেই গবেষণায় বলা হয়েছে যে, প্রকৃতির সঙ্গে মিলে বাস করার বদলে আধিপত্য প্রতিষ্ঠা করতে চাইলে আমরা শেষ। এ বছর তা স্পষ্ট হয়ে উঠেছে।

ছোটবেলায় আমি গ্রীষ্মের প্রথম স্ট্রবেরির জন্য অপেক্ষা করতাম। খাবার তখন মৌসুমি ছিল। কিন্তু এখন আমরা ভাবি যে, মৌসুমগুলোকে অগ্রাহ্য করতে পারবো। আর এটা একধরণের ইঙ্গিত যে, আমরা এখন মৌসুমকে অস্বস্তিদায়ক ভেবে অগ্রাহ্য করি। প্রভাব খাটাই। এর জন্য মূল্য দিতে হয়। আমরা এখন আবিষ্কার করছি যে, প্রকৃতিকে অগ্রাহ্য করার পরিণাম হচ্ছে করোনার মতো বিশাল মূল্য পরিশোধ করা। চীনের ওই প্রাণী বেচা-কেনার বাজারগুলোয় -যেখান থেকে ভাইরাসটি ছড়িয়েছে বলে ধারণা করা হয়- মানুষের পাশাপাশিই বাস করে বিভিন্ন প্রজাতীর প্রাণী। ভাইরাসগুলোর জন্য এক প্রজাতী থেকে অন্য প্রজাতীতে স্থানান্তরের আদর্শ পরিবেশ এটি।

ভাইরাসের বিপদ ভাইরাসের ভেতরে নয়, আমাদের প্রস্তুতিতে। উত্তর আমেরিকায় কলোনি স্থাপনের পর বহু রোগ ছড়িয়েছে যেগুলোয় বহু আদিবাসী মানুষ মারা গেছেন।

২। পরস্পরের সঙ্গে আমাদের সম্পর্ক

এই মহামারি মানসিক ও শারীরিক সুস্থতার জন্য মানুষের মধ্যকার সম্পর্কের গুরুত্ব দেখিয়েছে। এই মহামারির অন্যতম ট্র্যাজেডি হচ্ছে সামাজিক দূরত্ব। এ দিয়ে আমরা শারীরিক দূরত্বকেই বোঝাই। সামাজিক যোগাযোগ রক্ষা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

কোনো দলের সঙ্গে আমাদের সম্পর্ক আমাদের ব্যাপকভাবে প্রভাবিত করে। কোনো দলের সদস্য হলে আপনি অনুভব করবেন যে, আপনাকে সহায়তা করার লোক আছে। এটা মানসিক ও শারীরিক স্বাস্থ্যের উপর ব্যাপক প্রভাব ফেলে।

সামাজিক আইসোলেশন দিনে ২০টি সিগারেট খাওয়ার চেয়েও বেশি ক্ষতিকর। একটা ভালো সমাজের জন্য আমাদেরকে ব্যক্তিগতভাবে আরো সংযুক্ত থাকতে হবে, বিভিন্ন দলের সদস্য হতে হবে।

৩। অসমতা

এই মহামারি অসমতায় ভরা ছিল। হাসপাতাল বেড, পিপিই ও পরীক্ষা সবকিছুতেই আমারা অপ্রস্তুত ছিলাম। কিন্তু সবচেয়ে বড় উদ্বেগ হচ্ছে স্কুলে সংক্রমণ। সাধারণত শ্রেণিকক্ষগুলো জনবহুল হয়। তাছাড়া, ইউরোপের মধ্যে সবচেয়ে বড় শ্রেণিকক্ষগুলো আছে বৃটেনে, তাই এটা নিয়ে উদ্বেগও বেশি। এছাড়া, মানুষজন আক্রান্ত হওয়া নিয়েও অনেক ভুয়া তথ্য ছড়িয়েছে। সুবিধাবঞ্চিতদের সংক্রমণের ঝুঁকি বেশি। তারা গণপরিবহনে বেশি চড়ে, জনাকীর্ণ বাড়িতে বাস করে ও তাদের কাজে যেতে হত। সমাজের এ দিকটা নিয়ে আমাদের কাজ করতে হবে।

কেয়ার হোমসের কর্মীদের অনেক ভিন্ন ভিন্ন জায়গায় কাজ করতে হয়েছে। তাদের অনেক অসুস্থ মানুষের দেখাশোনা করতে হয়। ঘরের ভেতরে যাওয়া ছাড়া তাদের কাছে উপায় নেই। কম মজুরির সমস্যাগুলো নিয়েও আমাদের পদক্ষেপ নিতে হবে।

আবাসন হওয়া উচিৎ নিরাপদ, প্রশস্ত, আলো-বাতাসযুক্ত। এছাড়া ডিজিটাল অসমতাতো আছেই। দরিদ্র শিক্ষার্থীরা ল্যাপটপের অভাবে বাড়ি থেকে পড়াশোনা করতে পারেনি।

এই মহামারির মধ্যে সবচেয়ে চমৎকার উক্তিগুলোর একটি ছিল কানাডার বৃটিশ কলম্বিয়া প্রদেশের স্বাস্থ্যকর্মী বনি হেনরির। তিনি বলেন, আমরা সবাই একই ঝড় পার করছি, কিন্তু সবাই একই জাহাজে নই।

করোনার মধ্যে আমরা অনেককিছুই করেছি, কিন্তু সেগুলো পর্যাপ্ত নয়। দরিদ্র এলাকার মানুষজন চার গুণ বেশি আক্রান্ত হওয়ার ঝুঁকিতে আছে। আমাদের আরও অনেক করতে হবে। আমাদের এমন একটা উপায় বের করতে হবে যাতে আরেকটি স্বাস্থ্য সংকট তৈরি না হয়।

অর্থনীতিবিদ

মার্টিন বেক, লন্ডন ইকোনমিকসের জ্যেষ্ঠ অর্থনীতিবিদ ও যুক্তরাজ্যের সাবেক কোষাধ্যক্ষ বিষয়ক অর্থনীতিবিদ

আমি মনে করি, সফলভাবে টিকা দেওয়া হলে এ বছর অনেকটা ইতিবাচক হবে। ২০০৮, আশির দশক ও নব্বইয়ের দশকের আর্থিক মন্দার সময়ে সৃষ্ট সমস্যাগুলো দূর হতে অনেক সময় লেগেছিল। কিন্তু এবার অর্থনীতির মৌলিক কোনো বিষয়ে সমস্যা নেই, এমন কোনো ভারসাম্যহীনতা নেই যেটি সামলাতে হবে। অর্থ ব্যয় কমায় ও কাজ থেকে দীর্ঘ ছুটি পাওয়ায় মানুষের গৃহস্থালী সঞ্চয় বেড়েছে।

ব্যাংকে অঢেল অর্থ পড়ে আছে। এ অর্থ ভোক্তা খাতের জ্বালানি হিসেবে ব্যবহৃত হচ্ছে। পূর্বের অর্থনৈতিক মন্দাগুলোর সময় ব্যাপক পরিমাণের ঋণ ছিল। কিন্তু এবার সুদের পরিমাণ কমই থেকেছে, ভোক্তা ক্রেডিট ঋণাত্মক রয়েছে, মানুষজন ক্রেডিট কার্ডের ঋণ শোধ করছে- অর্থনীতি ঘুরে দাঁড়ানোর সক্ষমতা রয়েছে।

প্রত্যাশা করা হচ্ছে যে, কর্মীদের দীর্ঘসময় ছুটি দিয়ে কর্মসংস্থান কোনোরকমে বাঁচিয়ে রাখা যাবে ও পরবর্তীতে তা পুরোদমে চালু করা যাবে। কিন্তু কিছু খাতে এমনটা ঘটবে না।ইতিহাস এমনটাই বলে। কিন্তু মানুষ কাজে ফিরবেই। অর্থনীতির জোরালো পুনরুত্থানের জন্য পর্যাপ্ত উপাদান বিদ্যমান আছে বর্তমানে।

আতিথেয়তা খাত এ মহামারিতে ব্যাপক ক্ষতির শিকার হয়েছে। কিন্তু যারা মহামারিতে রেস্তোরা হারিয়েছেন তারা ফের আরো সহজ কিছু - যেমন ধ্বংস হয়ে যাওয়া কোনো কারখানা- নিয়ে ঘুরে দাঁড়াতে পারবেন।

বিমান চলাচলের ক্ষেত্রে, মানুষের কাছে অর্থ থাকলে ও বিমান উড়লে খুব দ্রুতই এ ব্যবসা ঘুরে দাঁড়াবে। মহামারিতে বহুদিন ধরে ছুটি আটকে রাখা হয়েছে। মানুষজন এখনো অবকাশ যাপন করতে চায়।

সরকার বিশাল অঙ্কের অর্থ ঋণ নিচ্ছে, কিন্তু ভার্চুয়ালি তা কিছুই না। এ ঋণ বহুদিন পর্যন্ত শোধ করতে হবে না। কনজারভেটিভ পার্টির উচিৎ আরো ঋণ নেওয়া।

(স্কাই নিউজ থেকে অনূদিত)

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদেরঃ* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদেরঃ-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস


DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

KARNAFULLY TAX SERVICES INC

ENTAL





We Do
Implant & Veneers

ার পরিবারের সবার ীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

Representation taxpayers IRS & State tax audit.

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation
fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights

জয় বাংলা জয় বঙ্গবন্ধু

HAPPY NEW YEAR-2021

বিশ্ব হোক মহামারী করোনামুক্ত

ইংরেজী নতুন বছর উপলক্ষ্যে সকল
বাঙালী-কে জানাই

শুভেচ্ছা

নতুন বছর বয়ে সবার জন্য আনুক
অনাবিল সুখ-শান্তি আর সমৃদ্ধি



ফরিদা ইয়াসমীন

সাধারণ সম্পাদক
যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগ

LJ CREATIVE SOLUTIONS
Building Brilliant Brands

এখন জ্যামাইকাতে

১ ঘন্টায় ব্যানার
বিজনেস কার্ড এবং ফ্লায়ার
SAME DAY PICKUP

আপনার ব্যবসা প্রসারে আমাদের ফ্রি পরামর্শ নিন



PEOPLE TECH

DevOps | Scrum Master & Product Owner

[100% Scholarship for Training & Job Placement, Condition applied]

Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019

Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019

Software Testing (QA) Training & Job Placement

New York In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from October 19, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from October 22, 2019

VA In Class Batches

Weekend Morning	Weekdays Evening
9:00 AM To 2:00 PM Selenium Starting from November 16, 2019	6:00 PM To 11:00 PM Selenium Starting from November 26, 2019

www.piit.us

Khalil Special
BIDEN BIRYANI





"The best is yet to come"
আলো আসবে
2021
HAPPY NEW YEAR
বিশ্ব থেকে বিদায় নিক এই মহামারি!
পৃথিবী ফিরে পাক তার স্বাভাবিক গতিপ্রকৃতি
নতুন বছর বয়ে আনুক অনাবিল সুখ,শান্তি আর সমৃদ্ধি
May the New year bring you and your family
hope, good health and happiness.
Founder & President
Jamaica Bangladesh
Friends Society, Inc. New York
ABBA
President
American Bangladeshi
Business Alliance
AB tv
Managing Director
AB Media Group
দৈনিক আলোর দর্পণ
beanibazar news24
FAKRUL ISLAM DELWAR
Community Activist & Businessman
delwarny04@gmail.com
fakrulislam.delwar.9

পছন্দের ক্রমানুসারে ভোট দিন

আপনার ভোটকেন্দ্রে বাছাই করার জন্য

বেশী প্রার্থী



২০২১ সালে, নিউ ইয়র্ক শহরের সকল প্রাথমিক এবং বিশেষ নির্বাচনগুলোতে পছন্দের ক্রমানুসারে ভোট দেয়ার প্রক্রিয়া ব্যবহার করা হবে

আগামীতে অনুষ্ঠিতব্য বিশেষ নির্বাচন

- ২ ফেব্রুয়ারি, ২০২১ – কুইন্স সিটি কাউন্সিল ডিসট্রিক্ট
  অগ্রিম ভোট – ২৩ জানুয়ারি – ৩১ জানুয়ারি

পছন্দের ক্রমানুসারে ভোটদানের প্রক্রিয়া

আপনি পছন্দের ক্রমানুসারে **সর্বাধিক ৫ জন প্রার্থীকে** ভোট দিতে পারবেন।

- আপনার প্রথম পছন্দের প্রার্থীকে বাছাই করুন এবং ভোট দেয়ার জন্য ১ম পছন্দ লেখা কলামে তাঁর নামের পাশের বৃত্তটি ভরাট করুন
- আপনার পছন্দের দ্বিতীয় প্রার্থী থাকলে, ভোট দিতে ২য় পছন্দ লেখা কলামে তাঁর নামের পাশের বৃত্তটি ভরাট করুন
- এই ভাবে আপনি সর্বাধিক ৫ জন প্রার্থীকে পছন্দের ক্রমানুসারে ভোট দিতে পারবেন
  - আপনি চাইলে কেবল মাত্র একজন প্রার্থীকে ভোট দিয়ে বাকী কলামগুলো খালি রাখতে পারবেন
  - আপনি প্রতিটি কলামে কেবলমাত্র একজন প্রার্থীকে ভোট দিতে পারবেন
  - আপনি একজন প্রার্থীকে একবারের বেশী ভোট দিতে পারবেন না

আপনার ভোট কেন্দ্র, অগ্রিম ভোটদানের সময়সূচী এবং পছন্দের ক্রমানুসারে ভোট দেওয়া সম্পর্কে জানতে আমাদের ওয়েব সাইট **VOTE.NYC** দেখুন অথবা **1-866-VOTE-NYC** নম্বরে কল করুন।

NYC RANKED CHOICE VOTING
VOTE NYC
Board of Elections City of New York



সৈয়দ ইলিয়াস খসরু
কার্যকরী সদস্য

Happy New Year 2021

সবাইকে ইংরেজি নববর্ষের
শুভেচ্ছা

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইনক
BACA

সুস্থ হয়ে যাক পৃথিবী
দূর হয়ে যাক করোনা
আবারো প্রাণেরা হাসুক
নতুন বছরের শুভ কামনা

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইনক


বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক, ইনক

নব-নির্বাচিত কার্যকরি পরিষদ

২০২০-২০২২




সভাপতি
মোঃ সামাদ মিয়া



সহ-সভাপতি
সৈয়দা এম. কবির

সহ-সভাপতি
মোঃ আমিনুল হক চুন্নু



সহ-সভাপতি
হুমায়ুন কবির সোহেল



সাধারণ সম্পাদক
শামীম আহমেদ



সহ-সাধারণ সম্পাদক
মোঃ ইমরান আলী



কোষাধ্যক্ষ
মোঃ আবু ফজর



সাংগঠনিক সম্পাদক
মোহাম্মদ বশির মিয়া



আইন ও আন্তর্জাতিক সম্পাদক
মনিকা মন্ডল



প্রচার সম্পাদক
গোলাম মুহিত



দপ্তর সম্পাদক
কাজিরুল ইসলাম



সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
জুলি রহমান



যুব ও ক্রীড়া সম্পাদক
মোঃ এস. কবির



ধর্ম ও সমাজ কল্যাণ সম্পাদক
আবু সাঈদ এস চৌধুরী



আপ্যায়ন সম্পাদক
শিহাব মিয়া



সাদস্যিক সম্পাদক
মোঃ আলী মিলন



মহিলা সম্পাদিকা
ইতি রহমান



কার্যকরি সদস্য
আব্দুল বাছির খান



কার্যকরি সদস্য
মোঃ আবিদ হোসেন মোল্লা



কার্যকরি সদস্য
মোশাহিদ চৌধুরী



কার্যকরি সদস্য
মোঃ বজলুর রশিদ চৌধুরী



কার্যকরি সদস্য
শাহ্জাহান শফিক



কার্যকরি সদস্য
রুবেজ সিদ্দিক



কার্যকরি সদস্য
মাহমুদ রেজা খান



কার্যকরি সদস্য
সাইদুর রহমান ইমন

ষ্টার্লিং ডায়গনষ্টিকের পক্ষ থেকে সবাইকে
জানাই নতুন বছরের শুভেচ্ছা ও অভিনন্দন।

শুভ নববর্ষ ২০২১

starling diagnostics





DIAGNOSTIC SERVICES

- 3T MRI
- ULTRASOUND
- CT SCAN
- DIGITAL X-RAY
- 3D MAMMO
- BONE DENSITY

Now Open For All
Your Radiology Needs

WE ARE LOCATED NEAR THE OVAL PARK AND THE POST OFFICE.
YOU MAY GET TO US USING THE BX 4A BUS OR THE 6 TRAIN.

starling diagnostics

1480 East Avenue, Bronx, NY 10462
(718) 319-1610
(716) 810-1991
info@starlingdiagnostics.com
www.starlingdiagnostics.com

SCAN ME

Follow us

TIZARAH



★ Grocery
★ Flowers
★ Halal Meat

110-24 Merrick Blvd, Jamaica NY 11433

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

তিজারাহ্ গ্রোসারী এন্ড হালাল মিট

জ্যামাইকায়, ম্যারিক ব্লুবার্ডে গ্রোসারীর জগতে এক ঐতিহ্যবাহী নাম

প্রতিদিনই সবকিছু ফ্রেশ

Tel: 631-791-3072

BEST PRICE GUARANTEE BEST PRICE

DELIVERY AVAILABLE



এখানে সর্বদাই তাজা হালাল মাংস ও চিকেন পাওয়া যায়

প্রতি সপ্তাহে প্লেনে আনা তাজা মাছ পাওয়া যায়

এখানে পাবেন সকল প্রকার মশলা, বাংলাদেশী তাজা ও ফ্রোজেন মাছ,
টাটকা শাক-সবজি এবং নিত্য প্রয়োজনীয় গ্রোসারী সামগ্রী

HAPPY NEW YEAR-2021

বিশ্ব হোক মহামারী করোনামুক্ত

ইংরেজী নতুন বছর উপলক্ষ্যে সকল বাংলাদেশী-কে জানাই

শুভেচ্ছা

নতুন বছর বয়ে সবার জন্য আনুক অনাবিল
সুখ-শান্তি আর সমৃদ্ধি



হাজী মফিজুর রহমান

সদস্য, ট্রাষ্টিবোর্ড, বাংলাদেশ সোসাইটি ইনক
সাবেক সভাপতি
বৃহত্তর নোয়াখালী এসোসিয়েশন ইউএসএ

May God Bless You & Your Family With Prosperity,
Good Health & Happiness in The New Year.

HAPPY NEW YEAR 2021

Stay Safe AND Healthy



GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency

Jackson Hts Office	Bronx Office	Brooklyn Office	Jamaica Office
71-24 35th Avenue	831 Burke Avenue	509 Mcdonald Ave	164-05 Hillside Ave
Jackson Hts, NY 11372	Bronx, NY 10467	Brooklyn NY 11218	Jamaica, NY 11432
Ph: 718-775-7852	Ph: 347-449-5983	Ph: 347-781-2778	Ph: 718-674-6002
Fax: 917-396-4115	Fax: 347-275-9834	Fax: 917-396-4115	Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com I www.goldenagehomecare.com

Shah Nawaz MBA
President & CEO
646-591-8396

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162



সুলতান ডাইনের নববর্ষ অফার

অগনিত গ্রাহক শুভানুধ্যায়ীদের নববর্ষের শুভেচ্ছা জানাচ্ছে ঐতিহ্যবাহী সুলতান ডাইন। নতুন বছর ২০২১ সালে সুলতান ডাইন নিয়ে আসছে ভিন্ন স্বাদের সব খাবার। সুলতান ডাইন সব সময় ব্যতিক্রম। ভিন্নস্বাদের সব খাবার পরিবেশনায় প্রতিশ্রুতিবদ্ধ।

উন্নতমানের স্পাইসী খাবার পরিবেশনায় অনন্য সুলতান ডাইন নতুন বছরে চমক অব্যাহত রাখতে চায় ডেলিভারী,আর টেইকওয়েতে।

এরাবিয়ান স্টাইল,আর পুরাতন ঢাকার ঐতিহ্যের মিশেলে সুলতান ডাইনের বুরহানী,কাবাব,তেহারীসহ সব ধরনের মেনু সকল মহলের প্রশংসা কুড়িয়েছে ইতিমধ্যে।

আমদানী করা উন্নতমানের মসলায়, দেশীয় স্বাদে, নবাবী খাবার পরিবেশনায় সুলতান ডাইন সবার শীর্ষে।

উন্নত মানসম্মত মজাদার খাবার পরিবেশন করে গ্রাহক সন্তোস্টি সুলতান ডাইনের লক্ষ্য এবং উদ্দেশ্য।

সবাইকে নতুন বছরের শুভেচ্ছা।

DOORDASH seamless GRUBHUB UBER EATS

TOTAL PRINTING, PH: 718.708.9570

حلال 100% HALAL

Sultan's Dine
সুলতান ডাইন سلطان داين

DINE IN | CATERING | TAKE OUT

Free Delivery
(Minimum $15)
(718) 846-2513

BUSINESS HOURS
10:00 am - 11:00 pm
7 Days a Week

110-23 Jamaica Avenue
Richmond Hill, NY 11418
sultansdineny@gmail.com
sultansdine.com



Bazar Sheba
বাজার সেবা

حلال HALAL

Stay Safe
Maintain Social Distance
Skip Line
Avoid Hassles

bazarshebausa@gmail.com @bazarshebausa

bazarshebausa.com

নিউইয়র্ক শহর ও লং আইল্যান্ড এর সুপার মার্কেট এখন আপনার ঘরে।
ঘরে বসে অর্ডার করুন আপনার নিত্য প্রয়োজনীয় গ্রোসারী বাজার।
মাত্র ৩ ঘন্টায় পৌঁছে যাবে আপনার ঠিকানায়।

ORDER NOW
212 920 5262

We Deliver Groceries to Your Door

Order Halal Meat, Fish and Groceries by Phone
We Deliver to Your Door within 3 Hours.

WE Deliver!

- Queens • Brooklyn • Bronx
- Manhattan • Staten Island,
- Long Island (Nassau County & Some Part of Suffolk County)

Free Delivery In Queens Only

ইংরেজি নববর্ষ : দিন-মাস-বছরের যতো হিসাব

বাংলা পত্রিকা ডেস্ক: বছরের শেষ সূর্যটা এরইমধ্যে অস্ত গেছে। নতুন আলো মেখে সে ফোটাবে ভোরের আলো। সে আলো নতুন বছরের। ইংরেজি নববর্ষের সে আলোয় থাকবে আগামী এক বছরের যতো চাওয়া-পাওয়ার আভা। তোমরা জানো কী ইংরেজি নববর্ষের উৎপত্তি কীভাবে হলো? চলো জেনে নেওয়া যাক।


সে অনেকদিন আগের কথা।

মানুষ যখন প্রথম বর্ষ গণনা করতে শিখলো, তারা বছর হিসাব করতো চাঁদের কথা মাথায় রেখে। অমাবস্যা, পূর্ণিমা ইত্যাদি বিচার করে বছর গোনা হতো। এরপর মিশরীয়রা প্রথম সূর্য দেখে বছর হিসাব করলো, যাকে বলে সৌরবর্ষ। এই সৌরবর্ষ গণনা আর চন্দ্রবর্ষ গণনায় কিন্তু বিস্তর ফারাক ছিল।

সুমেরীয়দের কথা জানো তো? বর্ষপঞ্জিকা, অর্থাৎ ক্যালেন্ডার আবিষ্কার কিন্তু তারাই প্রথম করেছিল।

